Over the years, the illegal bookshops outside the college gates have been romanticized. They hide the façade of the wonderful main building, the statue and make it look like some slum area, definitely unfit for the campus of Presidency University. Just as productivity improves at a well lit and refurbished office or work place, well designed and better infrastructure will have a positive influence on students and teachers alike and a wonderful opportunity has presented itself now. The new university should deviate from the old approach of the PWD and embrace contemporary practice in developing infrastructure – both physical and digital.

Over the years, party politics spread its wings in the College and the transformation was complete during the long reign of the Left Front. This is in sharp contrast to the atmosphere at, say, the University of Delhi, or any university in the West. At the centre of it was the party doctrine that education must be rid of the control of “elitists” and made “democratic”. Presidency was, to the dominant party, the ultimate symbol of elitism in education in Bengal. The misplaced anti-English campaign at the time was also part of the same political agenda. But dismantling elitism and democratizing education was

the ideological mask for a political design. It was the party's way of infiltrating the middle classes and exercising social control.

This was the beginning of a sorry decline of Presidency in recent years saved only by its recent transformation to the status of a university. The ruling party wanted Presidency to become like the lowest common denominator – be like every other mediocre state college. The easiest way to achieve this was through transfer of like-minded teachers from places which are not known for academic excellence into Presidency, and not to invest in infrastructure. It worked. The party machine and its ideology managed to systematically destroy the excellence that Presidency stood for.

Presidency has traditionally placed great emphasis on and has always honoured its academic luminaries who have made their mark in the academic profession

The job at hand now is to reverse this process. While it would not be an easy task, the university must do its utmost to stamp out party politics from campus and bring in the free flowing shared intellectual atmosphere of old.

It must aspire to be far more than what the old college used to be. This obviously means that greater resources would be required. My friend and contemporary Chiranjit Banerjee points out that Presidency has not been known to mint millionaires, much less billionaires who can contribute as alumni.

The college has leant very heavily on government largesse and, as

long as the college does that, there would be a yawning mismatch between lofty aspirations and progress on the ground. We studied at Presidency nearly 'free of cost'. Those days are over. Those who become used to heavily subsidized education rarely want to change, as depicted by recent student protests in Montreal or in Britain. Obviously this attitude would need to change. Other models are available for funding the development of Presidency University.

Fund raising could come from a combination of Corporate partnerships, government support (though without total reliance), private endowments/benefactors, alumni contributions, targeted fundraising programs, professional fund management

and returns from investment and contributions from parents of enrolled students on voluntary basis.

Not everyone will be able to afford higher fees, hence there would be a need for merit and need-based scholarships as well as loan programs. Most people are unaware that there are existing student loan programs from banks like SBI which are generous and can be repaid over the very long term when one starts earning. I am sure, the mentor group and university administration have ideas on how to go about this. But, managing a college and a modern university require different skill sets and professional advice

should be sought for going forward.

Presidency has traditionally placed great emphasis on and has always honoured its academic luminaries who have made their mark in the academic profession. I think the new university needs to draw significantly from the experience of its alumni from all walks of life as their significant successes go unrecognized.

There is a view that in the past, Presidencians have remained in academics, become journalists or bureaucrats and there are hardly any names to talk about in the corporate world, business and other fields, where possibly our friends from St. Xavier's College or St. Stephen's have had greater impact.

The argument against this view is that we should not expect an educational institution like Presidency, or any other undergraduate college of its kind, who are part of a University with its own curriculum, to impart special training to its students to become captains of commerce.

The purpose of education is to educate and, in the process, to develop the ability to think on one's own and act as good citizens and that is preparing for life. The rest must be left to individuals, their inclinations and abilities. Presidency has traditionally produced people for more cerebral activities than purely vocational pursuits. My guess is that the number of Presidencians who have done their PhDs or done other specialist qualifications after post-graduation is relatively higher than most other undergraduate colleges in India.

Also, the path that one takes depends on the subject that you choose and one's inclination. If one has done History or English in college, chances are that you will find them in the world of journalism, advertising, teaching or authorship. Chitra Banerjee

abroad. The world of 'hi-tech' and Information Technology is full of successful Presidencians. Many of my colleagues, who are not professors, can be found in the IMF and World Bank. There is a huge amount of diversity that is probably unmatched elsewhere.

Many of my colleagues, who are not professors, can be found in the IMF, World Bank. There is a huge amount of diversity that is probably unmatched elsewhere

Divakarune (Mistress of Spices etc) was my contemporary at Presidency in the English Department and she gets a million dollar advance for every book that she writes, other than showing a great deal of compassion in the charitable and social work that she does. Anita Mehta my contemporary (Physics) was awarded and recognized as India's leading female physicist and is in high demand across the research world. Even here in Kuwait – where I currently work – there are a number of Presidencians in the Energy (Oil and Gas) sector who are originally from the Geology department of Presidency and who honed their skills with corporations like ONGC.

I know of many who have excelled and are very successful in the legal and financial worlds in India and

This does not take us away from the fact that the old Presidency College did not have a tradition of recognizing the contributions of its non-academic stars and acknowledged success only in the narrow field of academics with academics judging other academics. Success in the rough and tumble of the real world continues to be overlooked. Going forward, the college has to recognize this and the new university would do well to chart a new course. It will give it the opportunity to draw from the collective expertise of its illustrious alumni who have excelled in building institutions and much more.

Here are some more luminaries from non-academic fields including the corporate world and there are many more – S M

Datta, CMD of Hindustan Lever, Arun C Mukherjee, ex-Chairman of LIC, D N Ghosh, ex-Chairman SBI, Philips and L&T during the eighties and nineties, the late Supriya Gupta, founder CMD of Axis Bank (then UTI Bank) etc. Datta and Ghosh continue to be very famous men in business circles and continue to chair many leading companies in a non-executive capacity. D N Ghosh has written many books, the latest being "Business and Polity" where he sweeps economic history of the world for the last three millennia and offers an interesting thesis.

Through these examples, I can make a generalization. Whatever the field of one's choice, Presidencians have never curbed their intellectual curiosity throughout their lives and gone beyond mere vocational excellence. However, the achievements and greatness of its teachers and its alumni have been much too individualistic and there is a significant gap in an institutionalized set of traditions. It is this that the new Presidency University needs to build as it becomes a center of excellence once again, only this time, pitched much higher.

Alumnus (Economics/1972-75)

রবি ঠাকুরের গান: উত্তরাধিকার ও উত্তরণ

বিবেকানন্দ রায়

“হেথা যে গান গাইতে আসা, আমার হয় নি সে গান গাওয়া / আজও কেবলি সুর সাধা,
আমার কেবল গাইতে চাওয়া।” (১৯০৯)

রবীন্দ্রনাথের বিস্ময়কর প্রতিভার একটি বৈশিষ্ট্য ছিল, সৃষ্টির সব ক্ষেত্রে উত্তরাধিকার থেকে উত্তরণ।

প্রাচীন বাংলা গান ছিল সংস্কৃত মন্ত্রাদিভিত্তিক, উদাহরণ ত্রয়োদশ শতকের জয়দেবের ‘গীতগোবিন্দ’। মধ্যযুগে এল মুসলিম প্রভাব, যা হিন্দু ঐতিহ্যের সঙ্গে যুক্ত হয়ে জন্ম দিল হিন্দুস্থানী উচ্চাঙ্গ সঙ্গীতের। ১৮৬১ সালের ৭ই মে তাঁর জন্ম, ঐ সময় বাংলা গানে ছিল একটা মিশ্র পরিমণ্ডল।

অযোধ্যার নবাব সঙ্গীতপ্রেমী ওয়াজেদ আলি শাহ তাঁর ওস্তাদ সান্দোপাঙ্গদের নিয়ে মেটিয়াবুরুজে আগেই আস্তানা গেড়েছিলেন। তাদের সম্পূর্ণ বাংলা গানে এসেছিল নূতন উদ্দীপনা ও বৈচিত্র্য, কিন্তু “বাঙ্গালির মনকে বাঙ্গালির কণ্ঠকে সম্পূর্ণ দখল করতে পারেনি”

হিন্দুস্থানী উচ্চাঙ্গ সঙ্গীত ছিল বিভবানদের মধ্যে সীমাবদ্ধ, অন্যদিকে ঠুংরী, পালা, লীলা ও ঢপ কীর্তন, বাউল, তরঙ্গা, খেউড়, কবি ও যাত্রা গান প্রিয় ছিল সাধারণ লোকের মধ্যে।

১৭৫৭ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানী বঙ্গ, বিহার ও উড়িষ্যার শাসনক্ষমতা দখলের পরে পৃষ্ঠপোষকনবাব-বাদশাদের আশ্রয় ছেড়ে উচ্চাঙ্গ সংগীতের নানান ঘরাণার গায়কেরা জীবিকার সন্ধানে ভারতের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়েছিল। কোলকাতার আশপাশে, বাঁকুড়ার বিষ্ণুপুরে ও বর্ধমানে কালোয়াতি গানের চর্চার কেন্দ্র গড়ে উঠেছিল। অযোধ্যার

নবাব সঙ্গীতপ্রেমী ওয়াজেদ আলি শাহ তাঁর ওস্তাদ সান্দোপাঙ্গদের নিয়ে মেটিয়াবুরুজে আগেই আস্তানা গেড়েছিলেন। তাদের সংস্পর্শে বাংলা গানে এসেছিল নূতন উদ্দীপনা ও বৈচিত্র্য, কিন্তু “বাঙ্গালির মনকে বাঙ্গালির কণ্ঠকে সম্পূর্ণ দখল করতে পারেনি”।

পাথুরিয়াঘাটার সৌরিন্দ্রমোহন ঠাকুর ছিলেন উচ্চাঙ্গ সঙ্গীতের পৃষ্ঠপোষক এবং খ্যাতনামা গায়ক। বাল্যে ও কৈশোরে রবীন্দ্রনাথ জোড়াসাঁকোর ব্রাহ্ম ও পাথুরিয়াঘাটার অব্রাহ্ম

ঠাকুর পরিবারে অনেক গুরুপদ, ধামার, খেয়ালাদি শুনতেন, ‘ধামার’ ছিল মহর্ষির বিশেষ প্রিয়। এই দুই বাড়ীতে সঙ্গীতের আবহ ছিল, শিশুদের সঙ্গীতশিক্ষাও আবশ্যিক ছিল। ‘জীবনস্মৃতি’ও অন্যগ্রন্থে ও নানা জনকে লেখা পত্রে রবীন্দ্রনাথ তাঁর যে সব গানের শিক্ষক ও ওস্তাদদের স্মরণ করেছেন, তাঁদের মধ্যে অন্যতম বীরভূমের রায়পুরের শ্রীকণ্ঠ সিংহ ও কৃষ্ণনগরের বিষ্ণু চক্রবর্তী। বিষ্ণুপুরের প্রখ্যাত গায়ক যদুভট্ট তাঁকে সরাসরি গান না শেখালেও মহর্ষিভবনে ও ব্রাহ্মসমাজে ছিল তাঁর উজ্জ্বল উপস্থিতি।

সমালোচনা করলেও রবীন্দ্রনাথ আজীবন শাস্ত্রীয় সঙ্গীতের মুগ্ধ শ্রোতা ছিলেন এবং নিজের অজস্র গান বেঁধেছেন রাগরাগিণীর বিশুদ্ধ ও মিশ্র রসে এবং প্রচলিত ও অপ্রচলিত তালে।

রবীন্দ্রনাথের জন্মের ১৮ বছর আগে ২১শে ডিসেম্বর, ১৮৪৩ (৭ই পৌষ, ১৭৬৫ শতাব্দ / ১৩ পৌষ, ১২৫০ বঙ্গাব্দ) ব্রাহ্ম ধর্মে দীক্ষার পর, মহর্ষি উপনিষদের পাঠ ও চর্চায় পুত্রকন্যাদের উৎসাহিত করতেন। তাঁরই সংগ্রহ থেকে জয়দেবের ‘গীতগোবিন্দ’ পড়ে রাধা-কৃষ্ণের প্রেমকাহিনীতে কিশোর রবি উদ্বুদ্ধ হন এবং ভানু-সিংহের ছদ্মনামে বৈষ্ণব পদাবলীর অনুকরণে ব্রজবুলিতে ২০টি অনবদ্য গান রচনা করেন। অপৌত্তলিক ব্রাহ্ম হলেও, ঠাকুর পরিবারে হিন্দু দেবদেবীর উদ্দেশ্যে ও পুরাণভিত্তিক গান রচনায় কোন সংকীর্ণতা ছিল না।

হিন্দুস্থানী গানের গাইয়েরা ছিলেন প্রায়শই নিরক্ষর, কোন রকম স্বকীয়তার চর্চা বা প্রয়াসে তাঁদের আগ্রহ বা সাহস ছিল না। তাঁদের দেখেই ১৯ বছরের তরুণ রবীন্দ্রনাথ তাঁর ‘সংগীত ভাব’ (১৮৮১) প্রবন্ধে লিখেছিলেন “আমাদের সংস্কৃতভাষা যেরূপ মৃতভাষা, সংগীতশাস্ত্র সেইরূপ মৃত শাস্ত্র”। গানে তাঁর উত্তরাধিকার ছিল এই অচলায়তন উচ্চাঙ্গ সঙ্গীতের রাগরাগিণী-নিবদ্ধ বেশ কিছু ব্রহ্মসঙ্গীত এবং দেশজ সুর ও তালের গান, অবশ্য ঠুংরী, টপ্পা, কীর্তন, বাউল ও যাত্রার গানেও হিন্দুস্থানী রাগাশ্রয়ী ছিল।

জমিদারি দেখতে পূর্ববঙ্গে বাসের সময় অনেক দেশজ গান শোনে ও ভাটিয়ালিতে না বাঁধলেও সারি গানের সুরে দুটি গান বাঁধেন – “গ্রাম ছাড়া ঐ রাঙা মাটির পথ” ও “এবার তোর মরা গাঙে বান এসেছে” এবং ঐ ঢংয়ে আরও পাঁচটি, যেমন “পৌষ তোদের ডাক দিয়েছে”। এই সব দেশজ বাংলা গানের দুই ঠাকুরবাড়ীতেই আগ্রহী শ্রোতা ছিল।

অষ্টাদশ শতকের দুই প্রখ্যাত সঙ্গীত স্রষ্টার হালিশহরের রামপ্রসাদ সেন (১৭২৬-১৭৭৫) ও কুমারটুলীর রামনিধি গুপ্ত ওরফে ‘নিধুবাবু’র (১৭৪১-১৮৩৯) যথাক্রমে ২৩৩টি কালীকীর্তন ও অন্য ধর্মসঙ্গীত এবং ৪৫০টির মতো টপ্পাও শহরে ও গ্রামে জনপ্রিয় ছিল।

শৈশবে শ্রীকণ্ঠ সিংহ তাঁকে টপ্পার সুরে “মোগল পাঠান হদ্দ হোল ফার্সী পড়ে তাঁতী” জাতীয় ছড়াগান শেখাতেন, তাঁর একটি প্রিয় গান “ময় ছোড় ব্রজকী বাসরী” শিশু রবির কণ্ঠে সবাইকে শোনাতে। তবে শাস্ত্রীয় সঙ্গীতে তাঁকে প্রকৃত শিক্ষা দিয়েছিলেন বড়দাদা দ্বিজেন্দ্রনাথ, মেজদাদা সত্যেন্দ্রনাথ ও বিশেষ করে মহর্ষির পঞ্চম পুত্র, ‘নতুন দা’ বা ‘জ্যোৎস্না’, গীত ও নাট্যকার জ্যোতিরিন্দ্রনাথ। তাঁর এসরাজ বেহালা, অর্গ্যান, হারমোনিয়াম ও পিয়ানোতে বাজানো বিবিধ সঙ্গীতের গং-এর সঙ্গে কিশোর রবি ও ‘নতুনদা’র বন্ধু অক্ষয় চৌধুরী কথা জুড়ে গান বাঁধতেন। অনেকটা এইভাবেই রচিত হয়েছিল ১৯ বছর বয়সে লেখা তাঁর প্রথম দু’টি গীতিনাট্য, ‘কালমৃগয়া’ ও ‘বাল্মীকি প্রতিভা’র গানগুলি, যার কয়েকটি ছিল নতুন দা’র সুরারোপিত। ১৪ বছর বয়সে ‘নতুন দা’র ‘সরোজিনী’ নাটকে সংযোজনের জন্য গান লেখেন। এর পরে প্রায় দুবছর কোন গান লেখেন নি, পরের তিন বছরে লিখলেন মোটে ৩৫টি গান, ১৯ বছর বয়সে, ১৮৮০ সালে, বিলেত থেকে ফিরে ছুটল তাঁর ‘গানের ফোয়ারা’। এই থেকে শুরু হোল পরবর্তী ৬১ বছরের দ্বিসহস্রাধিক সঙ্গীত সৃষ্টি, যার অন্যতম মুখ্য ধারা ছিল ব্রহ্মসঙ্গীত। পরবর্তী ৫১ বছরে তিনি ২০০টিরও বেশী ব্রহ্মসঙ্গীত সুরসহ রচনা করে প্রায় প্রতি বছর মহর্ষিভবনে ‘মাঘোৎসবে’ (১১ই মাঘ) গেয়েছেন। তাঁর রচিত শেষ ব্রহ্মসঙ্গীত “কত ডেকে ডেকে জাগাইছ মোরে” (১৯৩১)। ব্রহ্মসঙ্গীত রচনা করেছেন শাস্ত্রীয় রাগরাগিণী ও তালে, স্বকীয় মিশ্রণও করেছেন তবে বেশী বেঁধেছেন জয়জয়ন্তী, বেহাগ, ভৈরবী, দেশ ও খান্সাজে।

উত্তরণ

রবীন্দ্রনাথ শেষ বয়সে বলতেন, গানে তাঁর উত্তরণ হয়েছে যৌবনের ‘আবেগময়তা’ ('emotional') থেকে প্রৌঢ়ত্বের রসোত্তীর্ণতায় ('aesthetic')। দিলীপ কুমার রায়কে বলেছিলেন, “আমার গানের প্রশ্রয় দিই নি, অর্থাৎ সেইসব কথা ব্যবহার করেছি সুরের সঙ্গে যারা সমানভাবে আসন ভাগ করে বসবার জন্যেই প্রতীক্ষা করে। আমি গান রচনা করতে করতে, সে গান বারবার নিজের কানে শুনতে শুনতেই বুঝেছি, যে দরকার নেই ‘প্রভূত কারুকৌশলের। যথার্থ আনন্দ দেয় রূপের সম্পূর্ণতায়, অতি সূক্ষ্ম অতি সহজ ভঙ্গিমার দ্বারাই সেই সম্পূর্ণতা

আমার গানের কবিতাগুলিতে বাক্যের আসুরিকতাকে আমি প্রশ্রয় দিই নি, অর্থাৎ সেইসব কথা ব্যবহার করেছি সুরের সঙ্গে যারা সমানভাবে আসন ভাগ করে বসবার জন্যেই প্রতীক্ষা করে

জেগে ওঠে’। রবীন্দ্রনাথ তাঁর উত্তরাধিকারের প্রধানত চারটি রীতিকে সমৃদ্ধ করেছেন – ঠুংরী, টপ্পা, কীর্তন ও বাউল। ২২ বছর অবধি রচিত ২১৭টি গানে কোন ঠুংরী সুর দেননি, তবে ঠুংরী তালে বেঁধেছেন কিছু গান, যেমন “বরষ ধরা মাঝে শান্তির বারি”। তাঁর সমকালীন ঠুংরী গান ছিল প্রায়শঃ চটুল ও প্রেম বিষয়ক (“সাধের প্রেমে না পুরিল সাধ/এ কী রে বিষাদ/অপরোধী নিরবধি”), কিংবা মূল দেশাত্মবোধক (“কতকাল পরে বল ভারত রে/দুঃখসাগর সাঁতারি পার হবে”) যা তিনি “কতকাল রবে বল ভারত রে/শুধু ডাল ভাত জল পথ্য করে”তে রূপান্তর করে ব্যবহার করেছিলেন ‘চিরকুমার সভা’ নাটকে। বেশীর ভাগ বাংলা ঠুংরী ও টপ্পাগানের বিষয় ছিল অকিঞ্চিৎকর। ১৯১০ সালের পর থেকে ঠুংরী তালে অন্যান্য আটটি গান রচনা করেন, যেমন “কেন পাছ এ চঞ্চলতা”, যার কয়েকটিতে নবাব ওয়াজেদ আলি শাহের বিখ্যাত ঠুংরী “যব ছোঁড় চলে লক্ষ্মী নগরী”র প্রভাব লক্ষ্য করা যায়।

ব্রহ্মসঙ্গীত

ব্রহ্মসঙ্গীতের সূচনা করেন রাজা রামমোহন রায়, তাঁর স্থাপিত ‘আত্মীয় সভা’য় ১৮১৫ সালে, রবীন্দ্রনাথের জন্মের ৪৬ বছর আগে। তিনি নিজে ৩২টি গান রচনা করেন এবং ১৮২৮ সালে ‘ব্রহ্মসঙ্গীত’ নামে একটি সংগ্রহ প্রকাশ করেন। এই সব গানের মূল ভাব ছিল বৈরাগ্যসাধন, সংসারের অনিত্যতাস্মরণ প্রভৃতি। রবীন্দ্রনাথ সহ মহর্ষি দেবেন্দ্রনাথের ছয় পুত্র, কন্যা সৌদামিনী ও ভ্রাতুষ্পুত্র গণেন্দ্রনাথ ব্রহ্মসঙ্গীত রচনা করে গৃহশিক্ষক বিষ্ণু চক্রবর্তীর ও অন্য ওস্তাদদের হিন্দী গান ভেঙে সুর দিতেন। রবীন্দ্রনাথই অতিরিক্ত কীর্তন, বাউল, ভাটিয়ালি ও দক্ষিণ ভারতের সুর দিয়ে এই ধারাকে ‘প্রায় পূর্ণতা’য় পৌঁছে

দেন। ঠাকুরবাড়ীর বাইরে অন্য গীতিকারদের মধ্যে উল্লেখযোগ্য ত্রৈলোক্যনাথ সান্যাল, কুঞ্জবিহারী দেব, কালীনাথ ঘোষ, শিবনাথ শাস্ত্রী, কালীনারায়ণ গুপ্ত (অবিস্মরণীয়, সুচিত্রা মিত্রের কণ্ঠে, “এ গো দরদি, মন কেন উদাসী হতে চায়”), নবকান্ত চট্টোপাধ্যায়, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, মনমোহন চক্রবর্তী, কাঙাল হরিনাথ, ফিকিরচাঁদ (“হরি দিন তো গেল”) রজনীকান্ত ও অতুল প্রসাদ সেন, প্রতাপচন্দ্র মজুমদার, অমৃতলাল গুপ্ত প্রমুখ। যদুভট্টও লেখেন, “বিপদ-ভয় বারণ যে করে”। রবীন্দ্রনাথের প্রথম ব্রহ্মসঙ্গীত “তুমি কি গো পিতা আমাদের”, ১৯ বছরে লেখা, অবশ্য ১৩ বছরে শুরু নানকের শিখ ভজনের অনুবাদ “গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে” তাঁরই করা হলে বলা যায়, ব্রহ্মসঙ্গীত দিয়েই তাঁর গীত রচনার সূত্রপাত। তাঁর প্রথম স্বকণ্ঠে গীত ব্রহ্মসঙ্গীতটি ছিল “তোমারেই করিয়াছি জীবনের গুরুতারা”, ১৯ বছর বয়সে (১৮৮০), প্রকাশিত একটি দীর্ঘ কবিতার দুটি ছত্র বাদ দিয়ে ও কিছু শব্দ

সংশোধন করে। সেটি লিখেছিলেন ‘নতুন বৈঠান’ কাদম্বরী দেবীর উদ্দেশ্যে মুদ্রিত ‘ভগ্নহৃদয়’ গীতিকাব্যের উৎসর্গ পত্রে। এই প্রেক্ষিতে সত্ত্বেও এটি মাঘোৎসবে গাওয়া হয় এবং ব্রহ্মসঙ্গীতের ‘অন্তর্ভুক্ত করা হয়, “দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা”’র ঐতিহ্যে। এরপর থেকে, বিশেষত মাঘোৎসবের জন্যে, প্রতি বৎসর কমবেশী ব্রহ্মসঙ্গীত লেখেন ১৯৩১ সাল পর্যন্ত। ১৮৮৫ সালের ২১শে জানুয়ারী ঐ বছরের ‘মাঘোৎসবে’ আদি, সাধারণ ও নববিধান সমাজের প্রধানেরা রবীন্দ্রনাথের আমন্ত্রণে মিলিত হন ব্রাহ্মসমাজের তিনটি বিবদমান শাখাকে একত্রিত করার ব্যর্থ প্রয়াসে। ১৮৮৪ সালের সেপ্টেম্বরে তিনি আদি সমাজের সম্পাদক নিযুক্ত হওয়ার পরে চার মাসে ৩২টি ব্রহ্মসঙ্গীত রচনা করেন। এই উত্তরাধিকারকে তিনি শুধু সমৃদ্ধই করেন নি, প্রেম, প্রকৃতি ও বিবিধ বিষয়ের গান তার অন্তর্ভুক্ত করে ব্রাহ্মধর্মের গোঁড়ামি কাটিয়েছেন

ঠাকুরবাড়ীর বাইরে অন্য গীতিকারদের মধ্যে উল্লেখযোগ্য ত্রৈলোক্যনাথ সান্যাল, কুঞ্জবিহারী দেব, কালীনাথ ঘোষ, শিবনাথ শাস্ত্রী, কালীনারায়ণ গুপ্ত, নবকান্ত চট্টোপাধ্যায়, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, মনমোহন চক্রবর্তী, কাঙাল হরিনাথ, ফিকিরচাঁদ, রজনীকান্ত ও অতুল প্রসাদ সেন, প্রতাপচন্দ্র মজুমদার, অমৃতলাল গুপ্ত প্রমুখ

এবং ভাব, ভাষা, সুর ও তালের ব্যবহারে শাস্ত্রের অতিরিক্ত স্বকীয়তার স্বাক্ষর রেখেছেন। বাংলা গানে তিনি আনলেন ভাব ও ভাষার গভীরতা ও বৈচিত্র্য, অনবদ্য রাগমিশ্রণ এবং মীড়, গমক ও মূর্ছগা দিয়ে সূক্ষ্ম কারুকার্য, যা নিখুঁতভাবে কণ্ঠে আনার জন্যে তিনি চিত্তরঞ্জন দাশের ভগিনী অমলা দাশ ও ভাগিনেয়ী সাহানা দেবীর গায়কীর প্রশংসা করতেন এবং সেই অনুযায়ী শুধু তাঁদের গাওয়ার জন্যই কয়েকটি গান রচনা করেন।

কিছু গান, সুর ও স্বরলিপির অপ্রাপ্তিজানিত রবীন্দ্রনাথের মোট গানের সংখ্যা সঠিক নিরূপিত হয় নি, তবে তা পাঠান্তর, সংশয় ও গদ্যসংলাপ সুরারোপিত

গানগুলিসহ অন্যান্য ২২৩২। এদের মধ্যে ২৯টিতে ‘নতুন দা’ সুর দেন। ১৮৯০টি গানের স্বরলিপি রয়েছে এযাবৎ প্রকাশিত ৬৬টি ‘স্বরবিতান’ গ্রন্থে। অন্যান্য ৩৪২টি গানের সুর ও তাল পাওয়া যায় নি। নিজস্ব সুরারোপিত গান ১৯১৫টি পূর্বরচিত ৫৯টি কবিতায় সুরসংযোজন সহ। তাঁর শ্রেষ্ঠ গান যুগপৎ উৎসারিত কথা সুর ও তালের ‘ত্রিবেণী সঙ্গম’ কবিতার মতো তাঁর মনে ভাব আসতো “কোন সুদূর হতে”, এক ইংরেজ কবি যাকে বলতেন ‘tune in the head’।

শুরুতে তিনি কবিতা লিখে পরে তাতে সুর বসাতেন, ক্রমশঃ ভাব-অনুযায়ী কথা, সুর ও তাল যুগপৎ আসতো তাঁর কল্পনায়। এই মিশ্র প্রবাহ তাঁর মনে আসতো, সময়ে ও অসময়ে, ট্রেনে (“আমার হিয়ার মাঝে লুকিয়ে ছিলে”), জাহাজের কেবিনে ও ডেকে, কখনো বা সামুদ্রিক ঝড়ে ভিজতে

ঠাকুরবাড়ীর বাইরে অন্য গীতিকারদের মধ্যে উল্লেখযোগ্য ত্রৈলোক্যনাথ সান্যাল, কুঞ্জবিহারী দেব, কালীনাথ ঘোষ, শিবনাথ শাস্ত্রী, কালীনারায়ণ গুপ্ত, নবকান্ত চট্টোপাধ্যায়, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, মনমোহন চক্রবর্তী, কাঙাল হরিনাথ, ফিকিরচাঁদ, রজনীকান্ত ও অতুল প্রসাদ সেন, প্রতাপচন্দ্র মজুমদার, অমৃতলাল গুপ্ত প্রমুখ

ভিজতে (“ভুবনজোড়া আসনখানি” ও “তার হাতে ছিল”), বজরায় ও নৌকায় (“ওলো সই, ওলো সই”), এমন কি দোলায়িত পাক্কী (“আমার ভাঙা পথের রাঙা ধূলায়”) ও গরুর গাড়ীতে (“নাই বা ডাকো, রইব তোমার দ্বারে”), রেল স্টেশনের বা কারুর বাড়ীর ‘ওয়েটিং রুমে’ (যথাক্রমে “পাশ্চ তুমি পাশ্চজনের সখা হে” ও “যতখন তুমি আমায় বসিয়ে রাখ”), অবসর সময়ে, এমন কি মধ্যরাত্রে ও স্বপ্নে, তখনি তা কাউকে ঘুম থেকে তুলে শেখাতেন, পাছে সকালে উঠে ভুলেযান। তিনি কোন যন্ত্র বাজাতে পারতেন না, বা স্বরলিপি তেমন করতে পারতেন না। গান লিখেছেন পূর্ববঙ্গে পদ্মা, ইছামতী, যমুনা, আত্রাই, নাগর, ধলেশ্বরী, গোরাই নদী বক্ষে

ও চলনবিলে, নৌকাভ্রমণের সময়, ঝড়বৃষ্টির মধ্যে। জোড়াসাঁকো ও শান্তিনিকেতনের বাইরে তিনি সবচেয়ে বেশী গান লিখেছেন শিলাইদহ, পতিসর, সাজাদপুর, সুরুল, রামগড়, গিরিডি, ভারতের অন্য শহর এবং আমেরিকা, যুরোপ ও পৃথিবীর নানা শহরে। তাঁর মনে গানের স্রোত সর্বদা প্রবাহিত ছিল, আর তাতেও ছিল জোয়ার ভাঁটা। ৫৩ বছর বয়সে ভ্রাতুষ্পুত্রী ইন্দিরাকে লিখেছেন, “ক’দিন ভরপুর গানের নেশায় আছি, তাই সমস্ত দিন গুনগুন করা ছাড়া বিশেষ কিছু করতে পারি নি”। গান রচনায় তাঁর সবচেয়ে উর্বর বছরগুলি ছিল ১৯১৫-’১৬ (১১৪), ১৯২৬-’২৭ (৯৯), ১৯২৩-’২৪ (৯৭), ১৯৩৮-’৩৯ (৮৮), ১৮৮৪-’৮৫ (৯০), ১৯১০-’১১ (৭৬)। উর্বরতম মাস ছিল ১৯১৮ সালের অক্টোবর, ৩১ দিনে তিনি ১৯টি গান রচনা করেন। ১৮৭৫ থেকে ১৮৭৭ এর সেপ্টেম্বর অবধি কোনগান লেখেন নি এবং ১৮৯২-’৯৩ ও ১৯১৩-’১৪ সালে মোটে দুটি করে গান বেঁধেছেন। অস্পষ্ট ও অবচেতন মনের ভাবকে বাণীরূপ দেওয়ায় তাঁর ঐশ্বরিক ক্ষমতা ছিল। ‘বাল্মীকি প্রতিভা’র শেষ দৃশ্যে সরস্বতী দস্যু রত্নাকরকে যে আশীর্বাদ করছেন, সে যেন তাঁরই উদ্দেশ্যে, “যতদিন আছে শশী, যত দিন আছে রবি,/তুই বাজাইবি বীণা তুই আদি মহাকবি! /... এই নে আমার বীণা দিনু তোরে উপহার!/যে গান গাইতে সাধ ধ্বনিবে ইহার তার”। গদ্যে কবিতা লিখেছেন শেষ বয়সে, কিন্তু গীতিনাট্যের গদ্য সংলাপে সুরারোপ করেছেন ২০ বছর বয়সে রচিত ‘বাল্মীকি প্রতিভা’তে (“পেলে মুখেরই কথা, আনি যমেরই মাথা, করে দিই রসাতল”, যা পরিণত হয়েছে ‘চন্ডালিকা’ নৃত্যনাট্যে (“মান করাতেছিলেম কুয়োতলায় মা-মরাবাছুরটিকে”))। ঐতিহ্যকে তিনি অস্বীকার করেন নি। তাঁর নিজের দ্বিসহস্রাধিক রচনার বেশীর ভাগই ছিল শাস্ত্রীয় রাগরাগিনী ভিত্তিক। দ্বিশতাধিক ব্রহ্মসঙ্গীতের বেশ কিছু তো তৎকালীন ঊংরী ও টপ্পাজাতীয়। ৫১ বছরের পর থেকে তিনি স্বরলিপিতে সুরের উল্লেখ প্রায়শই করতেন না, ওস্তাদদের আপত্তি এড়াতে। তিনি বেশ কিছু স্বল্প বা অ-প্রচলিত

রাগিণীতে গান বেঁধেও তাদের মর্যাদা দিয়েছেন, যেমন ‘গারা ভৈরবী’ (“হায়, কী দশা হোল আমার”), ‘অহং’ (“চল চল ভাই”), ‘রাজাবিজয়ী’ (“অজ্ঞানে করো হে ক্ষমা”), ‘বাঙালী’ (“শোন তোরা শোন এ আদেশ”), ‘কুকুভ’ (“দেখো সখা, ভুল করে ভালবেসো না”), ‘হেমখেম’ (“সবে মিলি গাওরে”), ‘দেওগিরি’ (“ভয় হয় পাছে তব নামে”), ‘ধূণ’ (“দিবানিশি করিয়া যতন”), ‘সরফর্দা’ (“ও কি সখা, কেন মোরে কর তিরস্কার”), ‘মাজ’ (“সজনি সজ নি রাধিকা লো”), ‘মারুকেদারা’ (“অসীম আকাশে অগণ্য কিরণ”), ‘যোগিয়া’ (“নিশিদিন চাহো রে তাঁর পানে”), ‘জিলফ’ (“প্রেমের ফাঁদ পাতা ভুবনে”), ‘পূর্ণঘড়জ’ (“এ কী লাভণ্যে পূর্ণ প্রাণ”), দক্ষিণ ভারতের ‘শঙ্করাভরণ’ (“বিশ্ববীণা রবে বিশ্বজন মোহিছে”), ‘লচ্ছাসার’ (“বহে নিরন্তর অনন্ত আনন্দধারা”), ‘দেশকার’ (“কামনা করি একান্তে”), ‘দীপক পঞ্চম’ (“প্রথম আদি তব শক্তি”), ‘গোঁড়’ (“হে নিখিলভারধারণ”), ‘গুনকেলী’ (“জননী তোমার করুণ চরণ খানি”) ও ‘ভাটিয়ারি’ (“এত রঙ্গ শিখেছ কোথা, মুন্ডমালিনী”) প্রভৃতি।

রাগমিশ্রণ

রাগমিশ্রণ কালোয়াতি ওস্তাদেরাও করতেন। তানসেন-তনয় সৃষ্টি করেছিলেন ‘বিলাসখানি টোড়ী’, কিন্তু তা রবীন্দ্রনাথের অসামান্য শৈলীর সঙ্গে তুলনীয় নয়। অনেক সমধর্মী, সমকালে গীত ও প্রতিবেশী একাধিক রাগরাগিণীকে মিশিয়ে তিনি অনবদ্য রূপ দিয়েছেন। একই গানে মিশিয়েছেন চারটি রাগ, যেমন “ছুটির বাঁশি বাজলো যে ঐ নীল গগনে” গানটিতে সাহানা, কাফি, পিলু ও বারোয়াঁ। মিশিয়েছেন আশাবরীর সঙ্গে ভৈরবী, ভৈরবের সঙ্গে তোড়ী। মিশ্র মল্লারাদির অতিরিক্ত, ভূপালিতেও বর্ষার গান বেঁধেছেন। ইমনের সঙ্গে গোঁথেছেন পূর্ববীকে অনেক গানে। উদাস ও বিষন্ন পূর্ববীকে ব্যবহার করেছেন আনন্দের গানে (“আজি এ আনন্দসন্ধ্যা সুন্দর

বিকাশে”), “বীণা বাজাও হে মম অন্তরে”। নতুন রাগ (“হেমন্ত”) ও অন্যান্য ২০টি নূতন তাল ও উদ্ভাবন করেছেন। বেহাগে তাঁর প্রথম গান “বলি গো আমার গোলাপবালা”। খান্সাজের সঙ্গে মিশ্ররূপ দিয়েছেন “সখী ভাবনা কাহারে বলে” গানে। ‘বেহাগড়া’ রাগে বেঁধেছেন “চিরসখা হে, ছেড়ো না মোরে ছেড় না”, একটি মহীশূরী গান ভেঙে। মিয়ামল্লারকে নূতন রূপ দিয়েছেন “কোথা যে উধাও হোল” গানটিতে। ‘কানাড়া’তে বেঁধেছেন অনেক আবেগময় গান, তবে তানসেন-উদ্ভাবিত ‘দরবারী কানাড়া’য় ও ‘মালকোষে’ তিনি বেশী গান বাঁধেন নি, ব্যতিক্রম “আঁধার সকলি দেখি” ‘দরবারী কানাড়া’য় ও “আনন্দধারা বাহিছে ভুবনে” মালকোষে। কানাড়া প্রভাবিত রাগগুলির

অনেক সমধর্মী, সমকালে গীত ও প্রতিবেশী একাধিক রাগরাগিণীকে মিশিয়ে তিনি অনবদ্য রূপ দিয়েছেন। একই গানে মিশিয়েছেন চারটি রাগ, যেমন “ছুটির বাঁশি বাজলো যে ঐ নীল গগনে” গানটিতে সাহানা, কাফি, পিলু ও বারোয়াঁ

মধ্যে তাঁর প্রিয় ছিল নায়কি, সুহা, বাগেশ্রী, কাফি কানাড়া, সাহানা, বাহার ও আড়ানা, যা তিনি লাগিয়েছেন পাঁচটি হিন্দী ভাঙা গানে, অন্যতম “লহ লহ তুলে লহ নীরব বীণাখানি”। ‘মেঘ’ রাগ লাগিয়েছেন “তিমিরময় নিবিড় নিশা”তে। ‘মেঘ’ ও ‘মল্লার’ মিশিয়েছেন অনেক বর্ষার গানে, “আবার এসেছে আষাঢ় আকাশ ছেয়ে” ‘গৌড়মল্লারে’ বেঁধেছেন “গহন ঘন ছাইল”, ‘মিয়ামল্লারে’ বেঁধেছেন “ঝর ঝর বরিষে বারিধারা”। বৈষ্ণব পদাবলীর আবহ ফিরে এসেছে অনেক বর্ষার গানে। ‘পরজে’ বেঁধেছেন “তব প্রেমসুধারসে মেতেছি”, ‘জয়জয়ন্তী’তে গান্ধীজির প্রিয় গান “জীবন যখন শুকায়ে যায়”। যদুভট্টের বৃন্দাবনী সারঙের একটি ধ্রুপদের সুরে কথা বসিয়ে রচনা করেছেন “জয় তব বিচিত্র আনন্দ”।

রামপ্রসাদী ও কীর্তন

রবীন্দ্রনাথ প্রথম দেশজ সুরে গান বাঁধলেন ১৮৮২ সালে, ২১ বছর বয়সে, “আমিই শুধু রইনু বাকী”, রামপ্রসাদী সুরে। ঐ সুরে বিভিন্ন সময়ে আরও চারটি গান বাঁধেন – “আমরা মিলেছি আজ মায়ের ডাকে”, “প্রিয়ে তোমার টেকি হলে”, “শ্যামা, এবার ছেড়ে চলেছি মা” ও “দেখব কে তোর কাছে আসে”। দেশজ সুরের মধ্যে তিনি সবচেয়ে বেশী প্রয়োগ করেছেন কীর্তনান্দ্র ও বাউল। শাক্ত, বৈষ্ণব ও চপ কীর্তনের সুরকে স্বকীয়তা দিয়েছেন বেশ কিছু গানে-যেমন, “ওহে জীবনবল্লভ”, “আমি জেনে শুনে তবু ভুলে আছি”, “আমি সংসারে মন দিয়েছিণু”, “আমি চিনি গো চিনি তোমারে” প্রভৃতি ছয়টি আখরযুক্ত গানে, ভাবাতিশ্য বর্জন

করে কীর্তনের সুর তিনি প্রথম প্রয়োগ করলেন একটি ব্রহ্মসঙ্গীতে, “আমার হৃদয় সমুদ্রতীরে” (১৮৮৪), দ্বিতীয়বার করলেন, তিন বছর পরে, “আবার মোরে পাগল করে দিবে কে?” গানে। ২১টি ভানু সিংহের পদাবলীর ভাব, ভাষা ও সুরে তো কীর্তনের প্রভাব স্পষ্ট। সাধারণ পূজা, প্রেম ও প্রকৃতির গানও রচনা করেছেন কীর্তন ও বাউলের সুরে, যেমন, “পুরানো জানিয়া চেয়ো না”, “আমি তখনো ছিলেম মগন গহন ঘুমের ঘোরে”, “আমার না-বলা বাণীর ঘন যামিনীর মাঝে”। পূর্ববঙ্গে থাকার সময় তিনি যশোরের কীর্তনিয়া মধু কানের পালাগান শুনতেন। প্রথম কীর্তনান্দের গান লেখেন ১৮৮১ সালে, “সারা বরষ দেখিনি মা” (১৮৮১), ‘বউ ঠাকুরানীর হাট’ উপন্যাসের জন্য, শেষ গান “এসো এসো ওগো শ্যামছায়াখন দিন” (১৯৪০), মৃত্যুর ১০ মাস আগে। প্রথম

আখরযুক্ত কীর্তনাঙ্গ গান “আমি জেনে শুনে তবু ভুলে আছি” (১৮৮৫)। সারা জীবনে তিনি অন্ততঃ ২০৪টি কীর্তনাঙ্গ গান বেঁধেছেন, সব বিশুদ্ধ সুরে নয়, কখনো বাউল, কখনো সারি, কখনো বা শাস্ত্রীয় রাগরাগিনী মিশ্রণ করে। ‘ভানু সিংহে’র ২১টি পদাবলীর সুরকে তো ‘কীর্তনাঙ্গ’ বলা যায়। তাঁর কীর্তন গানে তালের জটিলতা কম, প্রচলিত তালই বেশী ব্যবহার করেছেন, ‘মাতান’ অংশ বর্জন করে মিশিয়েছেন অনেক দেশজ সুরের সঙ্গে। তিনি কীর্তনের উচ্ছ্বসিত প্রশংসা করতেন। দিলীপ

৪৩ বছর বয়সে। গিরিড়িতে চার সপ্তাহে তিনি ‘বাউল’ গীতি সঙ্কলনের ২০টি গান লিখে সুরারোপ করেন এবং লর্ড কার্জনের বঙ্গভঙ্গ প্রস্তাবের বিরোধিতায় ঐ সব গানের মাধ্যমে বাঙালীদের ঐক্যবদ্ধ করতে প্রয়াসী হন। ঐ বছরের মোট ৩৭টি গানের মধ্যে ২৩টিই ছিল বাউল সুরে – উল্লেখযোগ্য “যদি তোর ডাক শুনে কেউ না আসে”, “আজি বাংলাদেশের হৃদয় হতে”, “ছি ছি চোখের জলে ভেজাস নে আর মাটি”, “বাংলার মাটি, বাংলার জল”, “সার্থক জনম আমার”

তিনি উপলব্ধি করেন, বাউল গানের “ভাষায় ও সুরে হিন্দু ও মুসলমানের কণ্ঠ মিলেছে, কোরাণ পুরানে ঝগড়া বাধে নি”। ঐ গানে যে ‘মনের মানুষ’ের সন্ধানের কথা আছে, তার সঙ্গে মিল পেয়েছিলেন উপনিষদের ‘অন্তরতর যদয়মাত্মা’র

কুমার রায়কে বলেছিলেন, “চৈতন্য যখন পথে বাহির হইলেন, তখন বাংলা দেশের গানের সুর পর্য্যন্ত ফিরিয়া গেল। তখন রাগরাগিনী ঘর ছাড়িয়া পথে বাহির হইল, একজনকে ছাড়িয়া সহস্রজনকে বরণ করিল... হিন্দুস্থানী সঙ্গীতে নাট্যরূপের জায়গা নেই... কীর্তনে জীবনের রসলীলার সঙ্গে সঙ্গীতের রসলীলা ঘনিষ্ঠভাবে সন্মিলিত। ...নিধুবাবু, শ্রীধর কথকের টপ্পা গানে হরু ঠাকুর রাম বসুর কবি গানে সঙ্গীতে সেই যুগলমিলনের ধারা। বাংলায় রাধাকৃষ্ণের লীলাগান দিলে হিন্দুস্থানী গানের প্রবল অভিযানকে ঠেকিয়ে। ...কীর্তনে জীবনের রসলীলার সঙ্গে সঙ্গীতের রসলীলা ঘনিষ্ঠভাবে সন্মিলিত”।

বাউল

‘বাউল’ শব্দের অর্থ ‘দেবানুপ্রাণিত উন্মত্ততা’; সপ্তদশ শতক থেকে সুফীপন্থী মুসলমান ও অন্ত্যজ তান্ত্রিক ‘কর্তাভজা’ সম্প্রদায়ের হিন্দু বৈষ্ণবেরা নিজেদের ‘বাউল’ বলতো ও ‘মনের মানুষ’ের সন্ধান করতো। বাউল সুরে বাঁধা রবীন্দ্রনাথের প্রথম গান “ওগো তোমরা সবাই ভাল”, ১৮৯২ সালে। মনে বাউল সুরের প্রবাহ এসেছিল ১৯০৫ সালে,

এবং “আমার সোনার বাংলা” প্রমুখ। মহর্ষি তাঁকে ১৮৮৯ সালে পূর্ববঙ্গের জমিদারি দেখার ভার দিলে ঐ বছর থেকে তিনি স্ত্রী, এক কন্যা ও পুত্রসহ কুষ্টিয়া জেলার শিলাইদহে নৌকাবাস শুরু করেন। ঐ সময় তিনি এলাকার বাউলদের সংস্পর্শে আসেন। এদের মধ্যে মুসলমানই ছিলেন বেশী, ঘণ্টার পর ঘণ্টা লালন ফকিরের শিষ্যদের সঙ্গে কথা বলতেন। তিনি উপলব্ধি করেন, বাউল গানের “ভাষায় ও সুরে হিন্দু ও মুসলমানের কণ্ঠ মিলেছে, কোরাণ পুরানে ঝগড়া বাধে নি”। ঐ গানে যে ‘মনের মানুষ’ের সন্ধানের কথা আছে, তার সঙ্গে মিল পেয়েছিলেন উপনিষদের ‘অন্তরতর যদয়মাত্মা’র। লেখেন, ১৯১৪ সালে “ও আমার মন যখন জাগলি না রে/মনের মানুষ এল দ্বারে”। তিনি আশ্চর্য্য হতেন দেখে যে কত গভীর বিষয় কত সহজ ভাবে তারা বলতে পারতো। তিনি একবার বলেছিলেন, তাঁর গানগুলি স্পষ্টতঃ ‘রবীন্দ্র বাউলেরই রচনা’। শুধু গানে নয়, প্রায়শ্চিত্ত, ফাস্তুনী ও ডাকঘর নাটকের ধনঞ্জয় বৈরাগী, ফকির ও অন্ধ বাউলের চরিত্রে তাঁর দেখা কিছু বাউলের ছায়া পড়েছে। তাঁর রচিত রূপান্তরিত বাউল সুরের গানগুলির অন্যতম “দেখেছি রূপসাগরে মনের মানুষ কাঁচা সোনা” লিখেছেন, একটি

বিখ্যাত বাউল গান ভেঙে। পূর্ববঙ্গে থাকার সময় অনেক বাউল ও বোষ্টম–বোষ্টমীর সঙ্গে তাঁর হৃদ্যতা ছিল। “আমারে কে নিবি ভাই”, এবং তাঁর অন্যতম শ্রেষ্ঠ গান “আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি” (১৯৭২ সাল থেকে বাংলাদেশের জাতীয় সঙ্গীত) গগন হরকরা নামে এক বাউলের গানকে ভেঙে। বীরভূমের বাউলদের সঙ্গেও তাঁর সখ্য ছিল। নবনীদাস বাউল তো প্রায়ই দেখা করতে আসতেন, শান্তিনিকেতনে। দক্ষিণী সুর লাগিয়েছেন ছয়টি গানে, সবগুলিই শান্তিনিকেতনের ছাত্রী সাবিত্রী কৃষ্ণন গোবিন্দনের কণ্ঠে শোনা তামিল গান ভেঙে, অন্যতম “বাসন্তী হে ভুবন মনমোহিনী”।

‘গান ভাঙা’ বা রূপান্তর

গানের উত্তরণে তাঁর আরেকটি উল্লেখযোগ্য অবদান হিন্দী, তামিল, মহীশূরী ও শিখ ভজন, ইংরেজী গান ও টমাস মুরের ‘আইরিশ মেলোডিজ’য়ের ভাবানুবাদ, বা তাদের সুরকে নিজের গানে প্রয়োগ, যাকে সচরাচর ‘ভাঙা গান’ বলা হয়। বাংলা গানে তাঁর আগে এতো ব্যাপক রূপান্তর কেউ করেন নি। ১৪ থেকে ১৮ বৎসর অবধি তিনি এ রকম গান রচনা করেছেন অন্যান্য ২৩৪টি, তাঁর সমগ্র গানের প্রায় এক-দশমাংশ, ভাবের ও কথার মাধুর্য্যে, সুরের মায়ায় অথবা কেবলি ছন্দের অভিনবত্বে আকৃষ্ট হয়ে। অধিকাংশ গানের মূল রূপ অটুট রেখে, বা তা ছাড়িয়ে, তিনি তাদের কথা ও সুরের সুষমা বৃদ্ধি করেছেন। যে সব সুর তাঁকে রূপান্তরে উৎসাহী করেছে তাদের মধ্যে আছে মল্লার, বাহার, ভৈরবী, ইমন, বেহাগ, খাম্বাজ (বিভিন্ন মিশ্রণে), রামকেলী, পূরবী, দেশ, গান্ধারী, কাফি, টোড়ী (মিশ্রণে), কামোদ/তিলাক কামোদ, সিদ্ধু, কেদারা, হান্সীর, ললিত, ঝাঁঝিট, শ্যাম, সুরট, শঙ্করাভরণ, জয়জয়ন্তী, আলাইয়া, জৌনপুরী, বড় হংসসারঙ্গ, শ্রী, সাহানা, সোহিনী, মেঘ, বৃন্দাবনীসারঙ্গ, যোগিয়া, ভীমপলশ্রী, খট, নট, হেমখেম, দেওগিরি, ভূপালী, গৌড়, নটকিন্দ্র, ললিতাগৌরী ও মালকোষ।

মূল গানের বেশীর ভাগই হিন্দীতে, মোট ২১৫টি। ‘তনমননন ভূয় পরবারে’র সুরে বেঁধেছেন “অশ্রুভরা বেদনা দিকে দিকে জাগে”, “জিন ছুঁয়োমোরের সুরে “আঁখিজল মুছাইলে জননী”, “বহুর বজাও বংশী” থেকে বেঁধেছেন “আজি এ আনন্দসন্ধ্যা”, “মন কী কমলদল’ ভেঙে “আজি কমলমুকুল দল খুলিল”, কানাড়ী গান ‘পূর্ণ চন্দ্রাননে’র সুরে “আজি শুভদিনে পিতার ভবনে”, ‘লাগি মোরে ঠুমুক’ ভেঙে “আনন্দধারা বহিছে ভুবনে”, একটি মহীশূরী গানের সুরে “আনন্দলোকে মঙ্গললোকে”, ‘নইরে মা বরণ’য়ের সুরে “এ কী করুনা করুণাময়” মীরার ‘ঘুঁঘুটকা পাট খোলে’র সুরে “এ মোহ আবরণ খুলে দাও”, ‘বোল রে পাপিয়ারা’ ভেঙে মিয়ামল্লারে “কোথা যে উধাও হোল মন আমার”, ‘কারি কারি কমরিয়া গুরুজী’র সুরে “তব প্রেম সুধারসে মেতেছি” ইত্যাদি। কীর্তনের ধরনে ভৈরবীতে বেঁধেছেন “এসো এসো, ফিরে এস বঁধু হে” ১৮৯৪ সালে। যদুভট্টের কাফি ঠাটে নিবদ্ধ “রুমঝুম বরখে” গানটির রূপান্তর করেন “শূন্য হাতে ফিরি হে নাথ পথে পথে” গানে। ইংরেজী বা আইরিশ গানের সুরে বেঁধেছেন “আহা, আজি এ বসন্তে”, “ওহে দয়াময়”, ‘কতবার ভেবেছিঁ’, ‘ফুলে ফুলে ঢলে ঢলে’, ‘সকলি ফুরালো স্বপনপ্রায়’ এবং বিখ্যাত ‘পুরানো সেই দিনের কথা ভুলবি কি রে হায়’। বাল্মীকি প্রতিভার দুটি গানে ন্যাসি লীর ইংরেজী গানের সুর লাগিয়েছেন “কালীকালী বলো রে” ও ‘তবে আয় সব আয়’। ‘কালমৃগয়া’ গীতিনাট্যের অনেক গানই ইংরেজী, স্কটিশ ও আইরিশ গানের সুরে বেঁধেছিলেন, প্রবাসে ইংল্যান্ডের স্মৃতি থেকে। বাউল সুরে বেঁধেছেন সাতটি বিখ্যাত গান, অন্যতম গগন হরকরার ‘আমি কোথায় পাব তারে’র সুরে এবং বঙ্গভঙ্গ রদের দাবীতে বাঙালীদের ঐক্যবদ্ধ করতে লেখেন “আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি” (এখন বাংলাদেশের জাতীয় সঙ্গীত), একই বছর ‘সোনার সৌর কেনে’র সুরে ‘ও আমার দেশের মাটি’ এবং ‘মন মাঝি সামাল সামাল’ ভেঙে ‘এ বার তোর মরা গাঙে’, ‘হরি নাম দিয়ে জগৎ মাতালে’র সুরে

‘যদি তোর ডাক শুনে কেউ না আসে’ প্রভৃতি। তামিল গানের সুরে বাঁধা “এ কী লাভণ্যে পূর্ণ প্রাণ”, “বেদনা কি ভাষায়” এবং “বাজে করুণ সুরে”। ঈষৎ শব্দান্তর করে একটি শিখ ভজনের (‘বান্দে বান্দে রম্যবীণা বান্দে’) অনবদ্য রূপান্তর করেছেন “বাজে বাজে রম্যবীণা বাজে”। ১৩ বছর বয়সে তাঁর প্রথম রূপান্তরিত গান ‘গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে’ও ছিল গুরুনানকের একটি ভজনের প্রায় আক্ষরিক অনুবাদ। মৃত্যুর দুই বছর আগে, পূরবী রাগধৃত হিন্দী ‘নাইবি মোরি শ্যাম’য়ের

পুরনো বাংলাগানে, বিশেষ করে রামপ্রসাদের কীর্তনে ও নিধুবাবুর টপ্পায় সঞ্চারী ছিল সুরনির্ভর, কিন্তু রবীন্দ্রনাথের শ্রেষ্ঠ গানে কথা ও সুর হরিহর–আত্মা

সুরে রচনা করলেন “সমুখে শান্তিপারাবার” যা ২২শে শ্রাবণ সন্ধ্যায় শান্তিনিকেতন মন্দিরে ও তাঁর ইচ্ছানুযায়ী, ১০ দিন পরে, তাঁর শ্রাদ্ধবাসরে গাওয়া হয়। রবীন্দ্রনাথ শাস্ত্রীয় সঙ্গীতের ‘অচলায়তনে’র সমালোচনা করলেও ধ্রুপদের কলিবিদ্যাস বদলান নি, কিন্তু তার আলাপের সঞ্চারী ও আভোগকে রসোত্তীর্ণ করেছেন। বাংলা গানে সঞ্চারীর প্রয়োগ মূলতঃ তাঁরই সৃষ্টি। পুরনো বাংলাগানে, বিশেষ করে রামপ্রসাদের কীর্তনে ও নিধুবাবুর টপ্পায় সঞ্চারী ছিল সুরনির্ভর, কিন্তু রবীন্দ্রনাথের শ্রেষ্ঠ গানে কথা ও সুর হরিহর–আত্মা। শাক্ত ও বৈষ্ণব কীর্তনের সুরে বেঁধেছেন অনেক গান, আখর জুড়েছেন অনেক কীর্তনাঙ্গ গানে (“ওহে জীবনবল্লভ”), “মাঝে মাঝে তব দেখা পাই”) ইত্যাদি। তাঁর প্রিয় রাগ ছিল সকালে গাওয়া ভৈরব ও ভৈরবী, কিন্তু সব সময় নিজের প্রভাতী গানে লাগান নি, তেমনি তিনি সন্ধ্যার গানে ভৈরবী বা সকালের গানে পূরবী ব্যবহার করেন নি। তাঁর বিপ্লব কোন সময় খামখেয়ালীতে পর্য্যবসিত হয় নি। যোগিয়া শরতের রাগ, কিন্তু তিনি অন্য ঋতুর গানও যোগিয়াতে বেঁধেছেন, তার সঙ্গে ‘বিভাস’ মিশিয়েছেন অনেক গানে। অকালে মৃত (২৩ নভেম্বর ১৯০২) স্ত্রীর স্মরণে কয়েক দিন পরে লেখা “আছে দুঃখ, আছে মৃত্যু” গানে বিভাস, যোগিয়া ও ললিতরাগের

অনবদ্য মিশ্রণ হয়েছে। বেশ কিছু গানে তিনি ভৈরবীর সঙ্গে মিশিয়েছেন রামকেলী ও কালাংড়া (“অরুণবীণা রূপের আড়ালে লুকিয়ে বাজে”, “ঘরেতে ভ্রমর এলো গুনগুনিয়ে”) ভৈরবীর প্রতি তাঁর অত্যধিক আসক্তির জন্যে তাঁকে কৌতুক করে ‘ভৈরবীসিদ্ধ’ বলা হয়। ‘ভৈরবে’র সঙ্গে মিলিয়েছেন ‘ভৈরবী’কে স্মরণীয় ভাবে জীবনের শেষ দুটি গানে– “ঐ মহামানব আসে” ও “হে নূতন, দেখা দিক আরবার”। ‘ভৈরবে’র সঙ্গে মিশিয়েছেন সোহিনী, বিভাস, আশাবরী, যোগিয়া,

গুনকেলী, গরজ, ললিত এবং ‘ভৈরবী’র সঙ্গে অতিরিক্ত কালাংড়া, বারোয়া, পিলু, রামকেলী, মুলতান তোড়ী ও ভীমপলশ্রী। গুজরী তোড়ীতে বেঁধেছেন ‘নব আনন্দে জাগো’। শাস্ত্রমতে বিভিন্ন রাগরাগিনী যে সময়ে গাওয়ার নির্দেশ আছে তা রবীন্দ্রনাথ সব সময় মানেননি। যেমন, তাঁর প্রভাতী সুরের “যদি জানতেম আমার কিসের ব্যথা তোমায় জানাতাম” (সদ্য–প্রয়াত দিনেন্দ্রনাথের স্মরণে লেখা) যে কোন সময়ে গাওয়া যায়। তিনি সকালের, প্রাত্যহিক ও আধ্যাত্মিক জাগরণে এবং উদ্দীপনের গানে ভৈরব ও অন্য সকলের রাগই বেশী ব্যবহার করেছেন। ভীমপলশ্রী ও মুলতানের নূতন রূপ দিয়েছেন। মুলতানে বেঁধেছেন “এই মলিন বস্ত্র ছাড়তে হবে”, “বজাও রে মোহন বাঁশি”, “বেলা বহে যায়”, “আমায় ছ’জনায মিলে পথ দেখায় বলে” ইত্যাদি। ভীমপলশ্রীর সঙ্গে মিশিয়ে বেঁধেছেন “শেষ গানেরই রেশ নিয়ে যাও চলে”।

উদ্ভাবিত তাল

তালেও রবীন্দ্রনাথ মুক্তি এনেছেন ত্রিতাল ও চৌতালের অতিরিক্ত, ছন্দানুযায়ী, নূতন তাল উদ্ভাবন করে; গুস্তাদেরা অবশ্য তাঁর এই দাবী মানতে চান নি। রবীন্দ্রনাথ শাস্ত্রীয়

তালগুলির অতিরিক্ত ২০টি নুতন তালের উদ্ভাবন, বা অপ্রচলিত তালের উজ্জীবন করে ব্যবহার করেছেন তাঁর গানে। এদের মধ্যে উল্লেখযোগ্য ‘ষষ্ঠী’ (“আজি ঝরো ঝরো মুখর বাদর দিনে”), ‘পোস্তু’, ‘মধ্যমান’, ‘পঞ্চম সওয়ারী’ ও ‘একাদশী’। বেঁধেছেন ছয় মাত্রার ২/৪ ছন্দে ৩৯টি গান (যেমন, “আমরা নূতন যৌবনেরই দূত”, “কার চোখের চাওয়ার হাওয়ায় দোলায় মন” প্রভৃতি), পাঁচ মাত্রার ৩/২ ছন্দে ঝম্পক তালে ২৫টি গান (“আজি ঝড়ের রাতে তোমার অভিসার”, “আমারে যদি জাগালে আজি নাথ”), ২/২ ছন্দে ২০টি গান (“আজি ঝরঝর মুখর বাদর দিনে”, “এসো নীপবনে ছায়াবীথি তলে”), পাঁচ মাত্রার অর্ধ-ঝাঁপতালে ২/৩ ছন্দে ১০টি গান (“কৃষ্ণকলি আমি তারেই বলি”,

“আমার গানের মধ্যে সঞ্চিত হয়েছে দিনে দিনে/সৃষ্টির প্রথম রহস্য, আলোকের প্রকাশ আর সৃষ্টির শেষ রহস্য, ভালোবাসার অমৃত। ...এই ভালোবাসা রেখে গোলাম আমার গানের সুরে গেঁথে”

“দীপ নিবে গেছে মম”), আট মাত্রা রূপকড়া ৩/২/৩ ছন্দে নয়টি গান (“উতল ধারা বাদল ঝরে”, “কেন সারাদিন ধীরে ধীরে”), অখন্ড ছয় মাত্রার পাঁচটি গান (“একটুকু ছোঁওয়া লাগে”), সাত মাত্রা’র ৩/৪ ছন্দে চারটি গান (“খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে”), নয় মাত্রার ৩/২/২/২ ছন্দে ‘নবতালে’ দুটি গান (“নিবিড় ঘন আঁধারে জ্বলিছে প্রবতারা”) এবং আরো ১১টি নতুন তালে একটি করে গান (“দুয়ার মোর পথপাশে”, “কাঁপিছে দেহলতা থরথর”, জননী তোমার করুণ চরণখানি” প্রভৃতি)। এ ছাড়া, ১২৭টির মতো গানে অনুমোদন করেছেন মুক্তহৃদ, পুরোপুরি স্বরলিপি-আশ্রিত নয় বলে, এদের গায়কীতে শিল্পীর কিছু ‘অলিখিত স্বাধীনতা’ আছে (যা অন্য গানে তিনি দেন নি)। টপ্পার মতো মুক্তহৃদে গাওয়া যায়, তবে টপ্পার অলঙ্করণ অনেক গানে নেই।

প্রেরণা

সঙ্গীত রচনার আশৈশব আবিষ্কৃত থেকে তিনি কখনো মুক্তি চান নি। প্রার্থনা করেছেন, “তোমার কাছে এ বর মাগি, মরণ হতে যেন জাগি গানের সুরে”। একটি কবিতায় লিখেছিলেন, “আমার গানের মধ্যে সঞ্চিত হয়েছে দিনে দিনে/সৃষ্টির প্রথম রহস্য, আলোকের প্রকাশ আর সৃষ্টির শেষ রহস্য, ভালোবাসার অমৃত। ...এই ভালোবাসা রেখে গোলাম আমার গানের সুরে গেঁথে”। তাঁর অন্যতম প্রেরণা ছিল নারীর স্নেহ, ভালোবাসা, প্রেম ও ভক্তি, যা তিনি পেয়েছেন অজস্র ধারায়। ১৪ বছর বয়সে মাতৃবিয়োগ হওয়ায় এবং ভৃত্যরাজতন্ত্রে ধাত্রী দুগ্ধ পান করে বেড়ে ওঠায় তাঁর মনে ছিল নারীর স্নেহ ও প্রেমের তৃষ্ণা। তাঁর অসামান্য প্রতিভা, রূপ ও খ্যাতির

মরমী সখারূপে। শুধু সংখ্যার দিক দিয়ে তাঁর সাহিত্য, সঙ্গীত ও চিত্রসৃষ্টি এই সব নারীদের সংসর্গে যতটা স্মুরিত হয়েছিল, তা অন্য সময়ে হয় নি। ১৮৭৫ থেকে ১৮৮৪ অবধি নয় বছরে তিনি লিখেছিলেন শতাধিক গান, তাঁর মৃত্যুর বছরে ৩৫টি। ‘নতুন বৌঠানের স্মৃতি তাঁর চেতন ও অবচেতন মনে ছিল আজীবন। তাঁদের সখ্যের শীর্ষ ছয় বছর (১৯২২-১৯২৭) ছিল তাঁর অন্যতম উর্বর সময়, মনে এসেছিল অবিরাম গীতিপ্রবাহ, প্রতি বছর রচনা করেছেন ৬০ থেকে ৭০টি গান। দিলীপ কুমার রায়কে বলেছিলেন “পুরুষ চিন্তের সম্পূর্ণতার জন্যেই নারীশক্তির প্রভাব নিতান্তই চাই। ...যুদ্ধে পুরুষ প্রাণ দেয় তার পেছনেও মেয়েদের প্রেরণা থাকে”। তাঁর সঙ্গীত ভাবনা ও প্রয়োগে ইউরোপের প্রভাব ছিল। গানের ভাষায় তিনি ধরতে চেয়েছেন পাশ্চাত্যের ‘লিরিকে’র রূপকে এবং জার্মান সুরকার রিচার্ড হ্যাগনারের (১৮১৩-১৮৮৩) ‘মিউজিক ড্রামা’, বাল্যে-দেখা গোপাল উড়ের যাত্রা, ঝলক সঙ্গীত ও পালাগানের ছাঁচকে তিনি সমৃদ্ধ করেছিলেন ১৮৮১ থেকে ১৯৩৯ অবধি রচিত ও মঞ্চস্থ ১৩টি গীতি / নৃত্যনাট্য ও গীতোৎসবে-কালমুগয়া’ (১৮৮১), ‘বাস্তবিক প্রতিভা’ (১৮৮২), ‘মায়ার খেলা (১৮৮৮), ‘বর্ষামঙ্গল’ (১৯২১), ‘বসন্ত’ (১৯২৩), ‘সুন্দর’ (১৯২৪), ‘শেষবর্ষণ’ (১৯২৬), ‘নবীন’ (১৯৩১), ‘তাসের দেশ’ (১৯৩৩), ‘শ্রাবণগাথা’ (১৯৩৪), ‘চিত্রাঙ্গদা’ (১৯৩৬), ‘চন্ডালিকা’ (১৯৩৭) ও ‘শ্যামা’ (১৯৩৯)।

রবীন্দ্রনাথ গান রচনা না করলে, তাঁর সমকালীন ঐতিহ্য হয়তো দেড়শো বছরে আরো সমৃদ্ধ হোত, তাঁর জ্যেষ্ঠ ও কনিষ্ঠ গীতিকারেরা যেমন কাজী নজরুল ইসলাম, অতুল প্রসাদ, রজনীকান্ত, দ্বিজেন্দ্রলাল, কমল দাশগুপ্ত, সলিল চৌধুরী, প্রণব রায় প্রমুখ উত্তরসূরীদের রচনা এবং হিন্দুস্থানী উচ্চাঙ্গ সঙ্গীতের কদর থাকতো। হয়তো বর্তমান প্রজন্মের ‘জীবনমুখী গান’, বাংলা ব্যান্ড ও সিনেমার চটুল গান আরো ব্যাপ্ত হোত, কিন্তু তাঁর গানে বাঙালীর চেতনা ও

অনুভব যে ভাবে সমৃদ্ধ হয়েছে, তা হোত কি? প্রেমিক-প্রেমিকেরা তাঁর গানে না-বলা বাণীর ভাষা পায়, ভগবৎ-প্রেমীরা অবগাহন করেন তাঁর পূজা পর্যায়ের গান ও ব্রহ্মসঙ্গীতে। দুঃখে, শোকে, হতাশায় মস্তে’র মতো কাজ করে “বিপদে মোরে রক্ষা কর”, “আছে দুঃখ, আছে মৃত্যু”, “জীবন যখন শুকায়ে যায়”, “সঙ্কোচের বিহীনতা নিজের অপমান”

তিনি শেষ বয়সে বলতেন, “দুই জন্মের কাজ এক জন্মে করে গোলাম। ...“আমার গান বাঙালীকে আরো অনেক দিন গাইতে হবে”

আদি গান। প্রেম, ঋতু ও প্রকৃতি বৈচিত্র্য তাঁর গানের মধ্য দিয়েই বাঙালীরা অনুভব করে। রবীন্দ্রনাথ বাঙালীর সাংস্কৃতিক জীবনে কৌস্তভ মনির মতো। তিনি শেষ বয়সে বলতেন, “দুই জন্মের কাজ এক জন্মে করে গোলাম।

...আমার গান বাঙালীকে আরো অনেক দিন গাইতে হবে”। ২০১১-১২ সালে দুই বাংলায় ও প্রবাসে সার্থ-জন্মশতবর্ষ উদযাপনে তাঁর সঙ্গীত ও নৃত্যের ব্যাপক বিস্তার সেই ইঙ্গিতই দিয়েছে। অবাঙালী ও স্থূল রুচির বাঙালী শ্রোতাদের কাছে রবীন্দ্রসঙ্গীত একঘেয়ে লাগে, কেননা, তাদের মধ্যে একটি পারিবারিক সাদৃশ্য আছে, কিন্তু

তাই বলে, তাদের বৈচিত্র্যও কম নয়। পরবর্তী প্রজন্মের গীতিকারদের সৃষ্টি সাময়িক জনপ্রিয়তার উর্দ্ধে উঠতে পারছে না। যাঁরা তাঁর গান গেয়ে জনপ্রিয় হচ্চেন, তাঁরা যখন নিজেরা গান লিখে, বা অন্যের কথায়, সুর

দিচ্ছেন, তখন তা রবীন্দ্রসঙ্গীতের ধারে কাছে পৌঁছচ্ছে না। বাংলা গানের তন ধারাগুলি সাময়িক জনপ্রিয় হয়ে মরশুমী ফুলের মতো শুকিয়ে স্থান করে দিচ্ছে নবতর চটুল গানকে। রবীন্দ্রনাথ তাঁর উত্তরাধিকার থেকে উত্তরণ করেছিলেন স্মরণীয়ভাবে, কিন্তু পরের তিন প্রজন্ম তা আজ অবধি পারে নি।

সিনেমার উপভোগ যেমন দেখায়, গানের উপভোগ তেমনি শোনায; তাদের সৃষ্টির প্রেক্ষিত শুধু এই উপভোগকে সমৃদ্ধ করে। শুধু তথ্যাদি জেনে গানের উৎকর্ষের উপলব্ধি হয় না এ যেন রবীন্দ্রনাথের ভাষায় “গণপতিকে বাদ দিয়া তাঁহার মুখিকটাকে ধরিয়া রাখা”। রবীন্দ্রনাথ-সম্পর্কিত তথ্যসমুদ্র থেকে কিঞ্চিৎ আহরণ করে স্বল্প পরিসরে তাঁর বৈপ্লবিক উত্তরণের একটি ইঙ্গিতই দেওয়া গেল।

প্রাক্তনী (ইংরাজী/১৯৬১-৬৩)

Sir Dorabji Tata

An Unlikely Pioneer of the Indian Olympic Movement

BORIA MAJUMDAR

There are so many communities, so many different religions, so many languages and dialects, so many different customs and ideals, that it is almost impossible to select a national team.

— Sir Dorabji Tata,
IOA President, 1929

To Sir Dorabji Tata goes the credit of starting systematic Olympic activity on Indian soil in 1920. Son of the pioneering nationalist steel baron Jamsetji Tata, Dorabji was intimately involved in fulfilling his father's idea of creating an indigenous and modern steel industry in India. He is widely credited with the establishment of the Tata Steel Company in Jamsetpur (now Jamshedpur) that became India's largest private enterprise of the time. Before taking an interest in Olympism, Sir Dorabji had already played a key role in the establishment of school and college cricket in Mumbai in the 1880s.

In early twentieth century Bombay/Maharashtra, sport became the playing field where tradition and modernity met, clashed, and fused. A good


example here is that of the Deccan Gymkhana. After the successful start of the Harris Shield, the idea was modified in Poona (now Pune) with the creation of the Gymkhana. The committee which ran the Gymkhana was not conversant with the details of managing such athletic meets on European lines and wanted to develop their sports programme more in line with established Indian traditions. Sir Dorabji, who was nominated the President of the Gymkhana, played a central role in the fusion of foreign and indigenous cultures that ensued. At the first athletic meet the Gymkhana organized, Dorabji found that the competitors were 'all boys of the peasant class working in the fields and living off poor fare...'

Naturally they had no idea of European rules or modern training of any kind. On attending a meeting of the Gymkhana, Sir Dorabji found that they were proposing to run their 100-yard heats round a bend without strings. This was because their sports ground was very small and the track was part of a rough unrolled grass field. To the peasants, running was running,

but now it had to be undertaken under standardized and controlled conditions. In Sir Dorabji's letters on the subject, preserved at the International Olympic Museum and for the first time reproduced here in this essay, the one thing that strikes the reader most palpably is his sense of wonder at this clash of peasant and Western cultures in the races at the Deccan Gymkhana.

Other popular events included the long distance race of about 25 miles, rightly designated the Marathon. The peasants who participated were used to running barefoot on hard macadamized or dirt roads. Despite their lack of training and primitive conditions, the first three or four men ran the distance in fair time. As Sir Dorabji observed, their time 'would compare well with the times done in Europe or elsewhere'. In 1919, some of their times were close to the times clocked in the Olympics. Suitably impressed, the Tata scion decided to send three of the runners, even at his own expense, to the Antwerp Games of 1920. This was the birth of India's Olympic encounter and nationalist sentiment was at its core. As Dorabji Tata described his motives in a personal letter to the IOC President, Count Baillet Latour, in 1929, "I therefore offered to arrange for the sending of three of the best runners to Antwerp to run the Olympic Marathon at the next meeting, when I hoped that with proper training and food under English trainers and coaches they might do credit to India. This proposal fired the ambition of the nationalist element in that city to try and send a complete Olympic team."

(Copies of the original letters from author's collection enclosed)



-2-

have long thought of approaching the Municipalities and Government towards helping to provide a Stadium in the two most important provinces, but nothing has come of it so far. Distances in India are too great for people to travel. India is such a vast continent, as big as Europe without Russia. When I went to Calcutta to see the Olympic Games there ^{last month} of the eight days that I was away from Bombay five of those were spent in the train, so you will appreciate that it is not many men that can afford to spend the time and money to go to these various meetings. Again, the leisured class in India is much smaller than that of Europe and the majority of people are considerably poorer and have little time to devote to sports; also each province has its own national forms of sports different to European sports, so people do not take much interest in track and field events. The only leisured people with money and time to spare are the Ruling Princes who though fond of some branches of sports take very little interest in field and track events. If we could get a couple of Stadiums here it will certainly help us to promote athletics and to produce better athletes.

Yours sincerely,

D. D. Tata

K.

Telephone:
GERARD 5135.—THE—
HOTEL METROPOLENORTHUMBERLAND AVENUE
LONDON, W.C.2.

Manager's Office

Date 15th.



Dear Count Baillet, Latour,

I thank you for your letter of the 10th inst., and for your kind enquiries after my health. Unfortunately I am not very well and am leaving London about the 20th inst for Paris on my way to Cannes, so if General Kentish, whom you mention in your letter, does not call before that date I am afraid I shall be unable to see him. If you had given General Kentish's address I would have written to him as I would very much welcome meeting him and talking to him about the appointment of a new President. In India, the Maharajahs and big men take interest chiefly in Shooting, Hunting and Polo and have scarcely any knowledge or interest in Field and Track events; and again it would be necessary to find someone who could come to Europe frequently. It is because the Maharaja of Kapurthala is in Europe every year that I agreed with you as to his appointment as President, but the Maharaja takes no interest in this type of Sport and would be of no practical assistance. The same applies to the Maharaja of Burdwan who declined the Presidentship, and he cannot come to Europe frequently. It is going to be very difficult to find a prominent man in India who takes interest in Running.

Correspondence of D. D. Tata
C/O MBR 7A/1A - CORR
1926-1930.

—THE—
HOTEL METROPOLE

Telephone :
GERARD 8121.

NORTHUMBERLAND AVENUE
LONDON, W.C.2.

Telegraphic Address :
"METROPOLE,
WESTRAND, LONDON."

Manager's Office

Date _____ 192



Jumping and this type of Sport and who can spare the time to come to Europe every year or so. When in India I discussed this question of a new President at great length with the Secretary and several members of the Committee, but no solution of the problem was arrived at. I think that if the Maharaja Jam Sahib of Nawanagar could be persuaded to accept the appointment he would be the most suitable man as he is a good general all-round sportsman.

Re the Pan Indian Games. I am enclosing the Supplementary Olympic Bulletin, which I received by the last mail, and which will give you full information of the results of the meeting and their policy and programme for the near future.

I think that the Conference at Antwerp did a lot of good and I feel that a conference at Amsterdam might achieve the same purpose, but unfortunately my health is too bad to permit me to take more than a very casual interest in these matters.

I am leaving for Paris on my way to Cannes about the 30th inst, and if I know your address in Paris I will try and see you. At Cannes, I shall stay at the Hotel Metropole
P.T.O.

for about six to eight weeks. After that my movements are uncertain. I shall return to London about May, and after that I shall most likely go to a Sanitarium at Skodsborg, Denmark, in August.

With best wishes,

Yours Sincerely,

D. J. Tata

TATA, LIMITED. FBS.

TELEGRAMS,
FOREIGN: "TATLON LONDON"
INLAND: "TATLON AVE LONDON"TELEPHONE NUMBER,
LONDON WALL 3030 (5 lines)CODES USED:
WESTERN UNION,
A.R.C. 6TH EDITION,
BENTLEY'SALL COMMUNICATIONS TO BE
ADDRESSED TO THE FIRM.

C.I.O.

N^o 3535

Recd: 25.5.29

Transmis:

Repondu:

12/c. Judea

*Capel House,
New Broad Street,
London, E.C.2.*

আবোল তাবোলে'র সূচনায় 'কৈফিয়ৎ' শিরোনামে সুকুমার রায় একটু সাবধান করে দিয়েছিলেন তত্ত্বসন্ধিৎসু পাঠককে, 'যাহা আজগুবি, যাহা উদ্ভট, যাহা অসম্ভব, তাহাদের লইয়াই এই পুস্তকের কারবার। ইহা খেয়াল রসের বই। সুতরাং, সে রস যাঁহারা উপভোগ করিতে পারেন না, এ পুস্তক তাহাদের জন্য নহে।' তাই হয়তো আমরা খুব নিশ্চিত মনে শিশুদের খেয়ালী স্বভাবের কথা মেহতরে মনে রেখে তাঁর অধিকাংশ রচনার ওপর 'শিশুসাহিত্য' লেবেল এঁটে দিই। কচিকাঁচাদের জন্মদিনে 'আবোল তাবোল' বা 'হ য ব র ল' উপহার দেওয়ার রেওয়াজ খুবই জনপ্রিয়। এর ফলে অবশ্য একটা চমৎকার ব্যাপার ঘটে, ছোটবেলা থেকেই অপূর্ব পঙক্তিগুলি গ্রহিষ্ণু মনের একেবারে গভীরে চলে যায়। ছন্দের দোলা, শব্দের চকমকি, আর উদ্ভট কল্পনা চিরস্থায়ী মুগ্ধতার সঞ্চার করে রাখে। পাঠ্যবইতেও ছোটোরা দু-একখানা কবিতা পড়ার সৌভাগ্য লাভ করে। মোটকথা বয়ঃসন্ধির দোরগোড়া পর্যন্ত 'বাবুরাম সাপুড়ে' বা 'কুমড়োপটাশ' সাথী হয়ে থাকে, তার পর সুকুমার রায়কে বিদায় জানিয়ে বড়োদের জগতে ঢুকে পড়তে হয়। কিন্তু তাঁর কবিতা কি সত্যিই শুধু শিশুপাঠ্য? বাল্যবয়সে পঠিত বলেই এই নিয়ে যেন বাঙালীর চিত্তে একটা 'সংশয়েরই ঠেলা' আছে। বাংলার শিশুদের জন্য রায়পরিবার প্রজন্ম পরম্পরায়

উপহার দিয়েছে এক অমূল্য রত্নভান্ডার- কিন্তু সুকুমারের ভান্ডারের আরেকটি গোপন দরজা আছে, যার চাবি শুধুমাত্র বড়ো হলেই পাওয়া যায়।

অ্যালিসের গল্পের ছোট দরজার ছোট সোনালি চাবির ঠিক উল্টো। এই চাবিটা বেশ কালো, অনেক অল্পমধুর অভিজ্ঞতার জংপড়া অর্থাৎ জীবন ও জগৎ সম্পর্কে বেশ কিছুটা জেনে ফেলার পর কবিতাগুলোর পুরো মজা বোঝা যায়। একই ধরনের ব্যাপার ঘটে লুইস ক্যারলের লেখার ক্ষেত্রেও। অ্যালিসের প্রথম অভিযানের কাহিনীর মজাদার, ঝরঝরে অনুবাদ করেছিলেন বাংলায় হেমেন্দ্রকুমার রায় 'আজব দেশে অমলা' নামে। তিনি বোধহয় ইচ্ছে করেই অ্যালিসকাহিনীর শিশুপাঠ্যত্বটুকু ছেকে অমলার আডভেঞ্চার লিখেছেন। যেটুকু

বাংলার শিশুদের জন্য রায়পরিবার প্রজন্ম পরম্পরায় উপহার দিয়েছে এক অমূল্য রত্নভান্ডার- কিন্তু সুকুমারের ভান্ডারের আরেকটি গোপন দরজা আছে, যার চাবি শুধুমাত্র বড়ো হলেই পাওয়া যায়

তাঁর খুদে পাঠকদের বোধগম্যতায় ধরা পড়ে। শিশুদের গন্ডি ছাড়িয়ে, আসলে তো বহুদূর চলে যায় ক্যারলের মূল রচনা, যা পলকাটা হীরের মতো নানাদিকে দ্যুতি ছড়িয়ে দেয়। বস্তুত ক্যারল বা সুকুমার রায় দুজনের রচনাই প্রতিটি পাঠে প্রাপ্তবয়স্ক পাঠকের কাছে এক একটি নতুন উপলব্ধি আনে। খানিকটা পর্দার

পর পর্দা সরে গিয়ে মানবজীবনের রঙ্গমঞ্চের গভীর থেকে গভীরে দৃষ্টি চলে যাওয়ার মতো।

ক্যারলও অবশ্য গ্রন্থসূচনায় অ্যালিসের আখ্যানকে চিরশেষবের সঙ্গে যুক্ত করে আমাদের একটু ধন্দে ফেলে দেন।

“Alice ! A Childish story take,
And, with a gentle hand,

Lay it where childhood's dreams
are twined

In memory's mystic band,

Like pilgrim's wither'd wreath of
flowers

Pluck'd in a far-off land.

[Alice's Adventures in Wonderland]

A tale begun in other days,
when summer suns were glowing -

A simple chime, that served to
time

The rhythm of our rowing -

Whose echoes live in memory yet,
Though envious years would say
'forget'.

*[Through the Looking-Glass and
what Alice found there]*

'Simple Chime' যে ততোখানি সরল
নয় তার দৃষ্টান্ত রূপে কালানুক্রম ভেঙে আগে
আয়নার আশ্চর্য জগতে অ্যালিসের পরিক্রমার

আখ্যান থেকে একটি কবিতা মনে করা যাক। না, অতি বিখ্যাত 'Jabberwocky' নয়, যার অনবদ্য অনুবাদ করেছেন সত্যজিৎ রায়। 'জবরখাকী'র উদ্ভট, মজাদার এবং ইঙ্গিতবহু শব্দ সৃষ্টি আমাদের মুগ্ধ করে বটে তেমন ভয় দেখায়না বরং দৈত্যদানব বধের পুরোনো বীর কাহিনীর আভাস আনে। পাঠকের শিরদাঁড়া

বেয়ে হিমঠাণ্ডা শ্রোত বয়ে যাওয়ার অনুভূতি জাগিয়ে তোলে চতুর্থ পরিচ্ছেদের 'The Walrus and the Carpenter' – দীর্ঘ যে কবিতাটি টুইডল্ডী অ্যালিসকে শুনিয়েছিল। সিঙ্কঘোটক, ছুতোর আর তাদের চূড়ান্ত শঠতার শিকার শুক্তিগুলোর গল্পে কী বলতে চাইছেন ক্যারল? কারা এই কুস্তীরাক্রমবিসর্জনকারী রাক্ষস যুগল? শুক্তিদের আদর করে ডেকে নিয়ে নৈশ পদচারণার সঙ্গী করে নিয়েছিল তারা। বৃদ্ধ ঝিনুকটি অবশ্য যায়নি যা অবধারিত ভাবে ‘পঞ্চতন্ত্র’ মনে পড়িয়ে দেয়। কিন্তু বিষুশর্মা তো পশুপাখির রূপকে রাজপুত্রদের শেখাতে চেয়েছিলেন রাজনীতি, কূটনীতি, শত্রুদমনের নানা কৌশল, জীবন নামক অনিশ্চিত যাত্রাপথে পদে পদে ফাঁদ এড়াবার জন্য উপস্থিত বুদ্ধির প্রয়োগ। ক্যারল তো বিষুশর্মার মতো রূপকে শিক্ষা দেননা। শিশুরা যে সিঙ্কঘোটক আর ছুতোরের হাঁ করা বীভৎসতা নিয়ে খুব ভাবিত হয় তা বোধহয় নয়। অ্যালিস ওদের শুধু ‘বিশী’ বলেই ছেড়ে দিয়েছে। একমাত্র বড়োরাই হৃদয়ঙ্গম করে নৃশংস বিশ্বাসঘাতকতার পুরো চেহারাটা।

'It seems a shame', the Walrus said

'To play them such a trick,

After we've brought them out so far,

And made them trot so quick!'

The Carpenter said nothing but

"The butter's spread too thick!"

'I weep for you' the Walrus said,

'I deeply sympathize.'

With sobs and tears he sorted out

Those of the largest size,

Holding his pocket-handkerchief

Before his streaming eyes.

শুক্তিভুক প্রবঞ্চকদের আড়ালে মানুষধরার উঁকি দিয়ে যায়। সরল বিশ্বাসের সুযোগ নিয়ে যেসব আড়কাঠি দাসব্যবসা করতো–এখনো গোটা পৃথিবী জুড়ে যারা নানা ধরনের জাল পেতে রেখেছে। বাইরে যারা বিনয় আর দয়ার

অবতার এই কবিতা সেই নরখাদকদের মুখোশ ধরে টান দেয়। আমরা নিজেদের চারপাশের কথা ভেবে আঁতকে উঠি।

ভিক্টোরীয় ইংল্যান্ডের বিশেষ নীতিপ্রিয়তা বা আপাত সততা ও অতিপরিচ্ছন্ন শৃঙ্খলা বা শোভনতা বাতিকের কথা মাথায় রেখেও বলা যায়, সমাজ সব সময়ই সমস্যা সমাধানের জন্য মানুষের সামনে একটি বিরোধলুকোনো সরল পাটিগণিত তুলে ধরে। নিরলস পরিশ্রম, কঠোর নিয়মানুবর্তিতা, জাগ্রত নৈতিকতা যেন সব ভুল অঙ্ক মিলিয়ে দিতে পারে। অষ্টাদশ ও ঊনবিংশ শতাব্দীর ইউরোপের দৃষ্টান্ত ছাড়াও চিরকালই দেখা গেছে হিতসাধিনী, মঙ্গলকামী প্রবৃত্তি যুক্তি দিয়ে জীবন নামক হেঁয়ালিটির ব্যাখ্যা খুঁজতে গিয়ে নিরন্তর নিষ্ঠুর বিনাশের কালাপানিতে হালে পানি না পেয়ে অনেক সময় দিশেহারা। বুদ্ধিগ্রাহ্য কোনো সদুত্তর পাওয়া খুব সহজ নয়, অন্তত সাধারণ মানুষের পক্ষে। অগত্যা আমাদের মতো আমজনতার জন্য জীবনচর্চাকে নিয়ন্ত্রিত, সংযমী, সুশৃঙ্খল

ক্যারলের কবিতা নিয়ে খেলার একটি বিশেষ ধরন হল এই সব সুনীতি সঞ্চারিনী, শৃঙ্খলা জাগানিয়া, সদুদ্দেশ্যে ভরপুর কবিতামালাকে উল্টে পাাল্টে বিকল্প এক জগৎ তৈরি করা। আমাদের চেনা প্যারডি নয়, এটি জটিল আর বহুমাত্রিক এক সৃজনকলা

করে আশুস্ত করার কার্যকরী পরামর্শ খুবই জরুরি। শিশুদের অহরহ ছড়া, গল্পের চিনির মোড়কে উপদেশ বিতরণের পিছনে ও এই প্রণোদনা কাজ করে। ক্যারলের কবিতা নিয়ে খেলার একটি বিশেষ ধরন হল এই সব সুনীতি সঞ্চারিনী, শৃঙ্খলা জাগানিয়া, সদুদ্দেশ্যে ভরপুর কবিতামালাকে উল্টে পাাল্টে বিকল্প এক জগৎ তৈরি করা। আমাদের চেনা প্যারডি নয়, এটি জটিল আর বহুমাত্রিক এক সৃজনকলা।

আজবদেশের আখ্যানের প্রায় শুরুতেই অ্যালিস যে পদ্যটি মুখস্ত বলে, সে যে অ্যাডা বা ম্যাবেল নয়, সত্যিই অ্যালিস তা বোঝাবার চেষ্টা করছিল অর্থাৎ যুক্তিবোধের চাষ করছিল, সেটি মৌমাছির শ্রমব্যস্ততার উজ্জ্বল দৃষ্টান্তে

শিশুদের উদ্বুদ্ধ করার প্রয়াসে খুবই জনপ্রিয়। আলস্য আর দুষ্টিমি বিরোধী এই পদ্য আঠারো শতকের।

How doth the little busy bee

Improve each shining hour,

And gather honey all the day

From every opening flower.

স্মৃতিবদ্ধ কবিতাটি অ্যালিসের উচ্চারণে বেরিয়ে এল সম্পূর্ণ অন্য চেহারা নিয়ে। পুরো ছবিটিই জাদুমন্ত্রে পাাল্টে গেছে।

How doth the little crocodile

Improve his shining tail

And pours the waters of the Nile

On every golden scale!

How cheerfully he seems to grin,

How neatly spreads his claws,

And welcomes little fishes in

With gently smiling jaws!

অক্ষরগুলো এই কবিতায় ক্রমে ক্ষুদ্রাতিক্ষুদ্র হয়ে আসে, আক্রান্ত পরাভূতর ক্রমবিপন্ন অস্তিত্বের মতো। ‘প্রবলের অন্যায় কে বাঁচাবে দুর্বলের’– এই অন্যায় এমন ঢাকাচাপা দিয়ে, চালাকি সহকারে, নানাবিধ ঘটাপটা করে চলে যে ঠিক চিনে ওঠাও দুস্কর। বিচারের নামে প্রহসনের এই ছবি কি ছোটোদের বোঝার জিনিস? হয়তো ভুল বলছি, বড়োরা যখন গুরুগম্ভীর ভাবে বিচারের নামে ছোটদের ওপর অন্যায় শাস্তি চাপায় তখন একই সঙ্গে তারাও তো জুরী, বিচারক, উকিল একই সঙ্গে সব রূপ ধারণ করে। ছোটদের ভাবনায় শাস্তিদাতা তখন 'Cunning old Fury'। তবু বিচারব্যবস্থার নানা খুঁটিনাটিকে উদ্ভট মূর্তি দিয়ে যে তীরটি ছোঁড়া হল তার বিদ্ধ করার ক্ষমতা পুরোপুরি পরখ করতে পারবেন অভিজ্ঞ পাঠক।

খাদ্য খাদক সম্পর্কের ভয়াবহ সত্য নিয়ে হাসি হাসি মুখে হাঁ করা কুমীরটি এগিয়ে আসে পাঠকের দিকে। ছোটো মাছগুলোর তার ব্যাদানে প্রবেশ না করে তো কোনো উপায় নেই। অ্যালিসকে বেচারার ইঁদুর যে গল্পটি বলেছিল, সেই ‘স্যাড টেল’ অদ্ভুত আঁকাবাঁকা স্তবকে সাজানো, ইঁদুরের পালানোর পথ রেখাই যেন স্তবক সজ্জা। কিন্তু পালিয়ে বাঁচবে কোথায়? বাচ্চাদের কার্টুনে জেরী অনেক সময় টমকে হারিয়ে দেয় বটে, বাস্তবে তা ঘটেনা। মানবসভ্যতার ইতিহাসের ধারাবাহিক মাৎস্যন্যায় ইঁদুর–কাহিনীতে পুনরাবৃত্ত হয়েছে। আখ্যানের শেষে বিচারশালার যে প্রহসন আমরা দেখতে পাই তার পূর্বাভাস আছে এই কবিতায়। ক্রুদ্ধ সারমেয়টির সঙ্গে থরথরকম্পিত মূষিকের সংলাপ একটু দেখা যাক।

‘Such a trial
dear sir,
With no jury or judge
would be wasting
our breath'
I'll be judge
I'll be jury.
Said Cunning
old Fury;
'I'll try
the whole cause
and condemn
you
to death.'

অক্ষরগুলো এই কবিতায় ক্রমে ক্ষুদ্রাতিক্ষুদ্র হয়ে আসে, আক্রান্ত পরাভূতর ক্রমবিপন্ন অস্তিত্বের মতো। ‘প্রবলের অন্যায় কে বাঁচাবে দুর্বলের’– এই অন্যায় এমন ঢাকাচাপা দিয়ে, চালাকি সহকারে, নানাবিধ ঘটাপটা করে চলে যে ঠিক চিনে ওঠাও দুস্কর। বিচারের নামে প্রহসনের এই ছবি কি ছোটোদের বোঝার জিনিস? হয়তো ভুল বলছি, বড়োরা যখন গুরুগম্ভীর ভাবে বিচারের নামে ছোটদের ওপর অন্যায় শাস্তি চাপায় তখন একই সঙ্গে তারাও তো জুরী, বিচারক, উকিল একই সঙ্গে সব রূপ ধারণ করে। ছোটদের ভাবনায় শাস্তিদাতা তখন 'Cunning old Fury'। তবু বিচারব্যবস্থার নানা খুঁটিনাটিকে উদ্ভট মূর্তি দিয়ে যে তীরটি ছোঁড়া হল তার বিদ্ধ করার ক্ষমতা পুরোপুরি পরখ করতে পারবেন অভিজ্ঞ পাঠক।

হুঁকোথোর নীল শূঁয়োপোকাকে অ্যালিস শোনাতে গিয়েছিল ফাদার উইলিয়ামের জীবন ভাষ্য। মূল কবিতাটির নাম ‘Old Man's Comfort's and How He Gained Them’, রবার্ট সাদীর লেখা। এবারও মৌমাছির কবিতাটির মতো সম্পূর্ণ বিপরীত

এক রূপ নিয়ে আবির্ভূত হল ফাদার উইলিয়াম। সুনীতি, সুবিবেচনা, সুশৃঙ্খল, সতর্ক জীবনযাপনের উপদেশকে এই উল্টো কবিতা অটুত্বে উড়িয়ে দেয়। মূল কবিতাটিতে তরুণের জিজ্ঞাসার উত্তরে ফাদার উইলিয়াম তার স্বাস্থ্যসচেতনতা, বিবেচক ভবিষ্যৎ দৃষ্টি, ঈশ্বরভক্তি ইত্যাদিকে নিজের বার্ষিক্যে সতেজ থাকার কারণ হিসাবে উল্লেখ করেছিল।

‘You are old, father William,’ the young man cried,
‘And pleasures with you pass away.
And yet you lament not the days that are gone;
Now tell me the reason, I pray.’

‘In the days of my youth,’ father William replied,
‘I remembered that youth could not last;
I thought of the future whatever I did,
That I never might grieve for the past.’

বড়োরা যখন গুরুগম্ভীর ভাবে বিচারের নামে ছোটদের ওপর অন্যায় শাস্তি চাপায় তখন একই সঙ্গে তারাও তো জুরী, বিচারক, উকিল একই সঙ্গে সব রূপ ধারণ করে

এই প্রাজ্ঞ, পরিণামদর্শী, গ্রাম্ভারী ফাদার উইলিয়ামের বদলে এক অবিমুখ্যকারী, চঞ্চল, পরিণত বয়সে দুঃসাধ্য সব শারীরিক কসরতে পারদর্শী, পেটুক ফাদার উইলিয়ামের দেখা পাই আমরা। বয়স বাড়লে মানুষ ‘হোঁৎকা’ হয়ে যায় ‘হ য ব র ল’–তে জেনেছিলাম। এই ফাদার উইলিয়াম সেই আশঙ্কা ফুৎকারে উড়িয়ে দেয়। অদ্ভুত সব প্রশ্নের কিন্তু উত্তর দিয়ে শেষপর্বন্ত সপাতে বলে বসে,

‘I have answered three questions, and that is enough’

Said his father; ‘don't give yourself airs !’

Do you think I can listen all day to such stuff?

Be off, or I'll kick you down stairs!’

মস্তিষ্কে ধূসর পদার্থ না থাকলে মাথা নীচে, পা ওপরে করে দাঁড়ানোয় ঝুঁকি কম কিংবা দাম্পত্য কলহ বা বিতর্ক চোয়ালের শক্তি বাড়ায় – এমনতরো আশ্চর্য তথ্য ক্যারলের ফাদার উইলিয়াম আমাদের সরবরাহ করে – যার আড়ালে লুকিয়ে থাকে তার মুচকি হাসি, বিদ্রূপে ধারালো।

ভাবাবেগ বিহীনতার সঙ্গে স্যাটারিস্টের অহি–নকুল সম্পর্ক। ক্যারলের ননসেন্সে স্যাটারারের অংশ কতোটুকু তা নিয়ে অফুরান তর্ক চলতে পারে কিন্তু তাঁর উদ্ভটরসে যে কৌতুকের তরবারি ঝিলিক দিয়ে যাচ্ছে তা ছোটোদের নজরে পড়ার জন্য নয়, সে আঘাত বড়োদেরই জন্য। অক্সফোর্ডের অক্সের মাস্টারমশাই ক্যারল পাঠক্রম সম্বন্ধে অ্যালিস আর মকটার্টলের সে কথোপকথন লিপিবদ্ধ করেছেন তা উদ্ধার করা যাক,

‘And how many hours a day did you do lessons?’
said Alice, in a hurry to change the subject.

Ten hours the first day’ said the Mock Turtle:
‘nine the next, and so on’.

‘What a curious plan!’ exclaimed Alice.

‘That's the reason they're called lessons’ the Gryphon remarked :
‘because they lessen from day to day.’

এমন শিক্ষায়তন যে দুর্লভ তা নয়, তবে এই স্পর্শকাতর বিষয়ে মন্তব্য না করাই ভালো।

শিশুদের সঙ্গে ব্যবহার নিয়ে কথা বলা এখন কিছুটা বিপজ্জনক। কর্পোরাল পানিশমেন্ট আইনত নিষিদ্ধ। তাদের সঙ্গে মধুর ও কোমল ব্যবহার করার নির্দেশ ল্যাংফোর্ডের বহু

পুরোনো কবিতাতেও রয়েছে, যদিও তা যে অক্ষরে অক্ষরে পালিত হচ্ছে তা নয়।

Speak gently to the little child
Its love be sure to gain;
Teach it in accents soft and mild;
It may not long remain.

Speak gently to the young; for they
Will have enough to bear;
Pass through this life as best they may
'Tis full of anxious care.

অ্যালিসের গল্পে রান্নাঘরে বসে ডাচেস কোলের বাচ্চাকে দোলাতে দোলাতে ঘুম পাড়ানি গানে এই কবিতার সম্পূর্ণ বিপরীত ভাষ্য তৈরি করছিল। গানে বাড়তি তেজ সংযোজন করছিল রাঁধুনির হাঁড়িতে ঢালা অতিরিক্ত গোলমরিচ। ঝাঁজের চোটে সবাই হাঁচছিল শুধু রাঁধুনি আর আকর্ণহাস্যমুখ চেশয়ার ক্যাট ছাড়া। লাঠি ছাড়লেই বাচ্চা গোপ্লায় যাবে-এই প্রাচীন প্রবাদের প্রতিধ্বনি তুলেছে বিনা দোষের শাসানি ও শাস্তি। বড়োদের মানুষ করার পদ্ধতিতে প্রহার তর্জন ও গর্জনের মিশ্রণ শুধু ছোটোদের কল্যাণের জন্যই নয়, বাচ্চারা এতে নাকি আমোদও পায় – এমনতরো বিশ্বাস ছাড়াও বাচ্চাদের উত্কণ্ট করার অসীম ক্ষমতা সম্বন্ধে মৃদু ইঙ্গিত অস্পষ্ট নয় কবিতাটিতে। তবে ডাচেস বাচ্চাটিকে সাংঘাতিক ভাবে লোফালুফি করে গান গাইছিল বটে, বাচ্চা তাতে ভয় পাবার তেমন লক্ষণ দেখায়নি বরং কোরাসে যোগ দিচ্ছিল।

‘Speak roughly to your little boy,
And beat him when he sneezes;
He only does it to annoy,
Because he knows it teases.’

CHORUS
(in which the cook and the baby joined)
‘Wow! Wow! Wow!’
‘I Speak severely to my boy,
I beat him when he sneezes;
For he can thoroughly enjoy

The pepper when he pleases!’

CHORUS
‘Wow! Wow! Wow!’

মনে পড়ে যেতে পারে সুকুমার রায়ের ‘বিজ্ঞান শিক্ষা’–

‘মন তোর কোন্ দেশে থাকে, কেন তুই ভুলে যাস্ কথা–

আয় দেখি কোন্ ফাঁক দিয়ে, মগজেতে ফুটো তোর কোথা।

টোল–খাওয়া ছাতা পড়া মাথা, ফাটা–মত মনে হয় যেন,

আয় দেখি বিশ্লেষ করে – চোপ্ রও ভয় পাস কেন?

কাৎ হয়ে কান ধরে দাঁড়া, জিভখানা উল্টিয়ে দেখা

ভাল করে বুঝে শুনে দেখি– বিজ্ঞানে যে রকম লেখা।

মুন্ডুতে ‘ম্যাগনেট’ ফেলে বাঁশ দিয়ে ‘রিফ্লেক্ট’ করে

ইঁট দিয়ে ‘ভেলসিটি’ কষে দেখি মাথা ঘোরে কিনা ঘোরে।

ক্যারল বারবার শক্তিমানের নিষ্ঠুর গ্রাসে দুর্বলের অসহায় অবলুপ্তি দেখান। এই ছবি জাগতিক নিয়মের, যোগ্যতমের উদ্বর্তনের ক্রুর দিকটি ভয়ংকর ভাবে তুলে ধরে

হাতুড়ে বিজ্ঞান চর্চার গিনিপিগ কিন্তু সঙ্গে ছবিতে বিজ্ঞানীর ‘ফুটোস্কোপের’ সামনে দাঁড়ানো একটি ক্রন্দনরত শিশু। তার বুদ্ধি ও স্মরণশক্তি বাড়ানোর জন্যই যতো কসরত।

‘The Sluggard’ নামে মোটামুটি সেকালে বিখ্যাত কবিতাটি বলতে উঠেও তালগোল পাকিয়েছিল অ্যালিস। মূল কবিতায় আছে নিদ্রাকাতর, অলস, কর্মবিমুখ পিপুফিশোদের প্রতি পরিশ্রমী ধার্মিকের বিপুল ধিক্কার ও আত্মসমীক্ষা। যারা বই পড়েনা, এমনকি বাইবেলও নয়, চিন্তা করে না – শুধু খাদ্য, মদ্য আর নিদ্রাতেই যাদের অনুরাগ, তাদের পরিণতি ভেবে শিহরিত হয়েছেন কবি,

‘Said I then to my heart, ‘Here's a lesson for me,

This man's but a picture of what I might be:

But thanks to my friends for their care in my breeding,

Who taught me betimes to love working and reading.’

অথচ গ্রাইফনের নির্দেশে এই কবিতার দ্বিতীয় স্তবক বলতে গিয়ে অ্যালিস অজান্তেই এনে ফেলেছে প্যাঁচা আর প্যাস্তারের একত্র ভোজনের প্রতীকী দৃশ্য।

‘I passed by his garden and marked, with one eye,
How the Owl and the Panther were sharing a pie:

The Panther took pie-crust and gravy, and meat,

While the Owl had the dish as its share of the treat.

When the pie was all finished, the Owl, as a boon,

Was kindly permitted to pocket the spoon.
While the Panther received knife and fork with a growl,’

And concluded the banquet by --

অ্যালিস যে অন্তিম পদ দুটি বলেনি তা নিশ্চয়ই 'eating the owl'। ক্যারল বারবার শক্তিমানের নিষ্ঠুর গ্রাসে দুর্বলের অসহায় অবলুপ্তি দেখান। এই ছবি জাগতিক নিয়মের, যোগ্যতমের উদ্বর্তনের ক্রুর দিকটি ভয়ংকর ভাবে তুলে ধরে। উদ্ভট মজাদার দৃশ্যমালার ফাঁকে ফাঁকে যেন একটি ধারাবাহিক ট্রাজেডি প্রহসনের রূপ নিয়ে বইতে থাকে। চাপা

প্রতিবাদ আর ধিক্কার ‘ননসেন্সের’ রূপ ধরে হাসিতে ফেটে পড়ে। মনে পড়ছে, অ্যালিসের গল্পে বিচারশালার দৃশ্যে গোলামকে অপরাধী বানাচ্ছে যে রাজা, হরতনের রাণীর বানানো টাট যে সে নিজেই চুরি করেছিল তার ইঙ্গিত স্পষ্ট ছিল বিলিতি পুরোনো ছেলে ভুলোনো ছড়ায়। ঠোঁটে চিবুকে লেগেছিল রসের দাগ, যা মুছতে রাজা ভুলে গিয়েছিল। সবাই দেখেও দ্যাখেনি। নিরপরাধকে ধরে শাস্তি দেওয়ার উৎসাহ হৃদয়বলতেও রয়েছে। হিজিবিজবিজ বলেছিল ‘আর একজন জজ থাকে, সে বসে বসে ঘুমোয়। ...আরও অনেক জজ দেখেছি, তাদের সঙ্কলেরই চোখে ব্যারাম।’ হিজিবিজ বিজের বয়ান নির্ভরযোগ্য নয়, সে তো দেখন হাসি, আধপাগলা। কিন্তু বেচারি ন্যাডার তিন মাস জেল আর সাতদিনের ফাঁসির রহস্য বোঝা কি খুব সহজ নয়?

২.

আপাত অর্থহীন শব্দ সমষ্টি, ধ্বনির তালবাদ্য, ছন্দের দোলা, অপ্রত্যাশিত মধ্য বা অন্ত্যমিলের মজা আমাদের ছেলে ভুলোনো ছড়া কিংবা বাচ্চাদের খেলার ছড়াগুলিতে দেখতে পাই। ননসেন্সের এই দেশি উদাহরণেও কিন্তু ভাঙা ভাঙা কিছু গল্পের স্মৃতি পুঞ্জ মাঝে মাঝে ভেসে ওঠে। অর্থহীনতার মধ্যে অস্পষ্ট অর্থের বুদ্ধদ জেগে ওঠে – আবার মিলিয়ে যায়। ক্যারল বা সুকুমার রায়ের সচেতন শিল্পকলার বদলে এই সব ছড়াতে খেয়াল রস অনেক বেশি আপন ভোলা। অজ্ঞাত পরিচয় এই সব গ্রামীণ কবিরী, যাঁদের অধিকাংশই মহিলা, বাচ্চাদের ঘুম পাড়াতে, কান্না ভোলাতে বা মন ভুলিয়ে দু এক গ্রাস ভাত খাওয়াতে, দু এক বিনুক দুধ পান করাতে গিয়ে যে সব ছড়া মুখে মুখে বানিয়েছেন তাতে প্রখর আধুনিক সমাজ সচেতনতা আশা করা অনায়াস। কিন্তু ছেঁড়া ছেঁড়া উদ্ভট ছবির মধ্যে রচয়িতাদের মুখ টেপা হাসি অথবা কান্না বেশ টের পাওয়া যায়।

আপিলা চাপিলা ঘন ঘন কাশি,

নলের হুকায় রামের বাঁশী

একা নল পঞ্চদল

কে রে যাবি কামার দল?

কামারদলের ধুকধুকানি

খড়ের গাদায় হাঁটু পানি

আপ্লন আপ্লন কান্দিও ভোর

হা-বু-ডু-বু জামাই চোর।।

জামাইটিকে নিয়ে বেশ রগড় জমে ওঠে, অন্য ছড়াতেও তার প্রমাণ ছড়িয়ে ছিটিয়ে আছে। তাঁর আগমন, সমাদর, মান অভিমান, ভোজন সবই বিস্তার করে বলা হয়েছে। তাঁর অসম্ভুতি যে শঙ্কা জাগায় তা লুক্কায়িত নেই।

কাপড় দিলাম চোপড় দিলাম

কন্যে দিলাম দানে

তবু জামাই ভাত খান না

কিসের অভিমানে?

তিরস্কার বা লাঞ্ছনার উদ্যত তর্জনির অনুপস্থিতিকে একটি ঘেরাটোপের মতো পেয়ে আপাত অর্থহীনতার ফাঁকে ফাঁকে মেয়েরা যেন স্বগত সংলাপ বলেছে কখনো কখনো

কৌলীন্যের জমজমাট আমলে জামাইদের দাপট কি ধরা পড়ল এই ছড়ায়? যদিও শ্বশুরবাড়িতে চালচলনের এটিকেট যে জামাইরা খুব রপ্ত করেছে তা নয়। একটি জামাইয়ের ব্যবহারে ‘হৃদয়বল’র উদ্যো বুধোও লজ্জা পেয়ে যাবে। তার নামে নালিশ জানিয়েছে মেয়ে মায়ের কাছে। তবে কি পাগলের সঙ্গে বিয়ে হয়েছিল তার? রবীন্দ্রনাথের ‘স্ত্রীর পত্র’ গল্পের বিন্দুর মতো।

মা গো মা, তোমার জামাই এসেছে।

কচুপাতাটি মাথায় দিয়ে নাইতে নেমেছে।

তেল মাখতে তেল দিয়েছি, ফেলে দিয়েছে–

আক কাটতে ছুরি দিয়েছি, নাক্টি কেটেছে

পা ধুইতে জল দিয়েছি, খেয়ে ফেলেছে

বসবে বলে পিঁড়ি দিয়েছি, শুয়ে পড়েছে।

কৌলীন্যের উল্টোপিঠে ছিল বংশজদের কন্যা বিক্রয়, অন্য কোনো কোনো সমাজেও মেয়ে বেচার চল ছিল (এখনো যে উঠে গেছে তার প্রমাণ নেই), পুতুলের বিয়ের আড়ালে একটি ছড়ায় সেই গল্প উঠে এসেছে।

আলতা নুড়ি, গাছের গুঁড়ি, জোর পুতুলের বিয়ে.

কত টাকা নিলে বাবা, দূরে দিলে বিয়ে।

এখন কেন কাঁদছ বাবা, গামছা মুড়ি দিয়ে?

আগে কাঁদে মা বাবা, পিছে কাঁদে পর,

পাড়া পড়শী নিয়ে গেল দূর শ্বশুরের ঘর।

কতো দূরে সেই শ্বশুরের ঘর, জিজ্ঞাসা জাগে। এই সব মেয়েরা অনেক সময় পতিগৃহযাত্রার নামে অগন্ত্যযাত্রা করতো। আর বাপের বাড়ি ফেরা হতনা তাদের। বস্তুত এই ছড়াগুলো যে মেয়েদের লেখা, তার প্রমাণ নারীজীবনের অন্তরঙ্গ আনন্দ বেদনার ঘনিষ্ঠ ছবি। শিশুদের ভোলাতে গিয়ে প্রখর সমাজ দৃষ্টির আড়ালে, তিরস্কার বা লাঞ্ছনার উদ্যত

তর্জনির অনুপস্থিতিকে একটি ঘেরাটোপের মতো পেয়ে আপাত অর্থহীনতার ফাঁকে ফাঁকে মেয়েরা যেন স্বগত সংলাপ বলেছে কখনো কখনো। কয়েকটি এলোমেলো উদাহরণ দেওয়া যাক,

তাল গাছ কাটম্ বোসের বাটম্
গৌরী হেন ঝি,
তোর কপালে বুড়ো বর
আমি করবো কি।

অথবা

অন্নপূর্ণা দুধের সর,
কাল যাবে গো পরের ঘর।
পরের বেটা মারলে চড়,
কাঁদতে কাঁদতে খুড়োর ঘর।
হেই খুড়ো, তোর পায়ে ধরি,
রেখে আয় গো মায়ের বাড়ি।।

তাই বলে প্রতিটি ছড়ায় সমান্তরাল অর্থ আবিষ্কার করার ব্যায়াম অর্থহীন। হৃদ আর শব্দ ঝঙ্কারে উদ্ভট শব্দ ব্যবহারে এক ধরণের মজায় মতিয়ে তোলাই বেশির ভাগ ছড়ার

লক্ষ্য। ‘ইচিং বিচিং জামাই চিচিং’ কিংবা ‘ভাতে পড়ল মাছি–কোদাল দিয়ে চাঁছি’, ‘আদুড় বাদুড় চালতা বাদুড়’–এমন হাজার উদাহরণ মনে পড়বে। যেহেতু এই সব ছড়ার নির্দিষ্ট রচনাকাল নেই, নানা যুগের নানা ইতিহাসের ভাঙা টুকরো, কিংবদন্তী, গার্হস্থ্য জীবন চর্যা – মধ্যযুগ থেকে আধুনিক যুগে গড়িয়ে আসা, ‘হাজার টাকা মূল্যের খোঁপা’ থেকে ‘চুল টানা বিবিয়ানা, সাহেব বাবুর বৈঠক খানা’য় প্রবেশ – বিচিত্র উপাদান খুঁজলেই পাওয়া যাবে, চারপাশে ছড়ানো লোকজীবন থেকে রচয়িতারা প্রতিমাগুলি তুলে নিয়েছেন। এইসব ছড়াতে সর্বদা বিশেষ কোনো প্রবণতা, সচেতন বিদ্ভূপ বা রূপকার্থ্য আবিষ্কার করার জোরাজুরি থেকে আনমনে বহা খেয়াল খুশির স্রোত দেখাই ভালো, এই স্রোতেই নানা রঙের বিলিকে বহুমাত্রিকতা মাঝে মাঝে দেখা দেয়। একটি মেয়েলি খেলার ছড়া এই প্রসঙ্গে মনে পড়ল, যা সংলাপের ধরণে বলা হয়

এলাটিং বেলাটিং সই লো।

কিসের খবর হইল?

রাজা একটি বালিকা চাইল।

কোন বালিকা চাইল?

এই ছড়ার পশ্চাৎপটে রাজাদের বালিকাপ্রীতি বা বালিকাহরণ, কোনো কাহিনীর ইঙ্গিত আছে কিনা নিশ্চিত নয় কিন্তু কেন জানিনা ছড়াটি আধুনিক পাঠককে বা শ্রোতাকে কিছুক্ষণ স্তব্ধ করে রাখে।

৩.

সত্যজিৎ রায় যথার্থ বলেছিলেন ‘খাঁটি সাহিত্যিক ননসেন্স যেভাবে গান্ধীর মুখোস পরে হাসির উদ্বেক করে তার কোনো লক্ষণ গ্রাম্য ছড়ায় পাওয়া যাবে না, কারণ সে মেজাজটা একেবারে শিক্ষিত শহুরে মেজাজ।’ সুকুমার রায়ের সাহিত্যিক স্বভাব অবিকল তাই। আমাদের দেশি ননসেন্সের দ্রুত তালের ছন্দ, অনুপ্রাসের ঝঙ্কার, বাংলা ধ্বন্যাত্মক শব্দের রাজভাণ্ডার তিনি অনায়াসে আয়ত্ত্ব করে নিয়েছিলেন কিন্তু তাঁর উদ্ভট কবিতা থেকে চলতে ফিরতে চলকে পড়ে বিদগ্ধ মনের আলো, রবীন্দ্রনাথের ভাষায় তাঁর ‘বৈজ্ঞানিক

সংস্কৃতির গান্ধীর্য’ আর কৌতুকের বিদ্যুৎ ছটা শূন্যের প্রান্তরে। ‘শূন্য’ শব্দটি ব্যবহার করা ঠিক হল কিনা জানিনা, কিন্তু জগৎ ও জীবনের নানা অসংগতি, ভাঁড়ামো, বহ্নারস্তু লঘুক্রিয়া, এবং আগ্রাসন কিংবা আধিপত্য – রামপ্রসাদ বলেছিলেন ‘খোঁকার টাটি’–সুকুমারকে পীড়িত করেছিল, অস্থির করেছিল আবার রঙ্গময় এক প্রশান্তিতে পৌঁছে দিয়েছিল, শিশুদের মন মজাবার পাশাপাশি তিনি বড়োদের জন্য গোপন দরজা খুলে তাঁর আজব জগৎ তৈরি করে রোদে রাঙা ইঁটের পাঁজার ওপর মুকুটহীন রাজা হয়ে বসেছেন। আর এই ব্যাপারটা ঘটেছে এমন সময় যখন বাংলা সাহিত্যের চক্রবর্তী সম্রাট খ্যাতির মধ্যগগনে। স্বপ্নায়ু সুকুমার রায় পৃথিবী থেকে বিদায় নিয়েছেন ১৯২৩ সালে। মৃত্যুশয্যায় তার অনুরোধে রবীন্দ্রনাথ শুনিয়া গেছেন যাত্রাপথের এক স্তোত্রধর্মী গান,

‘দুঃখ এ নয় সুখ নহে গো, গভীর শান্তি এ যে, আমার সকল ছাড়িয়ে গিয়ে, উঠল কোথায় বেজে।

ছাড়িয়ে গৃহ, ছাড়িয়ে আরাম, ছাড়িয়ে আপনারে

সাথে করে নিল আমায় জন্ম মরণ পারে,

এল পথিক সেজে।’

শিশুদের মন মজাবার পাশাপাশি তিনি বড়োদের জন্য গোপন দরজা খুলে তাঁর আজব জগৎ তৈরি করে রোদে রাঙা ইঁটের পাঁজার ওপর মুকুটহীন রাজা হয়ে বসেছেন

তাঁর মনের গড়ন হয়তো এই গান শোনার জন্য দুবার অনুরোধ করার মধ্য দিয়ে কিছুটা বোঝা যায়। দূর থেকে দেখার অন্য ধরনের নিরাসক্তি ও প্রসন্নতা তিনি অন্তরে লাভ করেছিলেন। ব্রাহ্ম সমাজের বিখ্যাত পরিবারের সন্তান সুকুমার রায় এক অর্থে রবীন্দ্রবৃন্দের মানুষ আবার অন্য অর্থে নন্। আদি ব্রাহ্মসমাজের রবীন্দ্রনাথকে সাধারণ ব্রাহ্ম সমাজের সভাপদ দেবার ব্যাপারে তাঁর ও প্রশান্তচন্দ্র মহলানবীশের যত্নগাম্য সংগ্রামের কথা সকলেই জানেন। জ্ঞানে গরিমায় ওজনদার, বয়সে ভারি মানুষদের দলাদলি, সংকীর্ণতা, বাগাড়ম্বর সহ্য করতে হয়েছিল তাঁকে। বুদ্ধিমান যুক্তিবাদী সংবেদনশীল

সুকুমার রায়ের কাছে কিছুই লুকোনো থাকে নি। তিক্ততা, ক্রোধ, আশাহত বেদনা একজন আদর্শবাদী মানুষকে কীভাবে ভাঙনের দিকে ঠেলছিল ১৯২০ সালের ২৩শে অগাস্ট বন্ধু প্রশান্তচন্দ্র মহলানবীশকে তাঁর আটপাতা জোড়া চিঠিতে সে ছবি স্পষ্ট। এই চিঠিতে তিনি ব্রাহ্মসমাজের সঙ্গে তাঁর দূরত্বের কথা খোলাখুলি জানিয়েছেন।

‘আমার মনে হচ্ছে কি একটা drastic irrevocable step আমি নিয়েছি যার full impact আমি এখনও বুঝতে পারছি না। কেন এরকম মনে হচ্ছে আমি তার কোনো explanation খুঁজে পাচ্ছি না। তাছাড়া তোমাদের fraternity ইত্যাদিতে আমার লোভ ছাড়তে পারব না বোধ হয়। কেবল একটা morbid আশঙ্কা হচ্ছে পাছে কেউ কিছু বলতে বলে। সে রূপ কোন আশঙ্কার কোন কারণ ঘটতে দিও না।’

তার কারণ বক্তৃতা দেবার প্রসঙ্গে তাঁর মনে হয়েছিল আশার কথা, আনন্দের কথা বলার অধিকার তাঁর নেই, মনে হয়েছিল, ‘with a horrible shock’, যে কথা বলতে যাচ্ছি, তার একটা কথাও আমি বিশ্বাস করি না, অর্থাৎ লোককে শোনাবার

মতো স্পষ্ট করে বিশ্বাস করি না। আশার কথা, আনন্দের কথা, optimism এর কথা, একবর্ণও সত্যি সত্যি বিশ্বাস করি না। বার বার করে বলি, খুব বেশি করে বলি এই জন্যই যে, বিশ্বাস করবার প্রবৃত্তি মনের মধ্যে আছে, আসলে মনে মনে যা বিশ্বাস করি তা ঠিক উল্টো – rampant, morbid out and out pessimism’. ঐ চিঠিতেই তিনি দীর্ঘ দিন ধরে লালিত প্রিয় কল্পনাগুলি ভেঙে যাবার ব্যথা প্রকাশ করেছেন।

এই চিঠি যে আকস্মিক কোনো ব্যাপার তা নয়। বিশ শতকের প্রথম দিকের বাংলাদেশে সুভদ্র, শিক্ষিত, আধুনিক সমাজের ভগ্নাতি

আর অসংগতি গুলি গোড়া থেকেই তাঁকে তিক্ততার দিকে ঠেলতে চেয়েছে, কিন্তু তাঁর মনের বিশেষ প্রকৃতি, তাঁর ‘সিরিয়স ইন্টারেস্ট ইন লাইফ’, তাঁর প্রাণবন্ত অফুরন্ত কৌতুক বোধ, তাঁর মানবিক অনুভূতিতে ভরপুর হৃদয় বারবার ক্রোধের উত্তেজনাকে রূপান্তরিত করেছে ভবদুলালী রসিকতায়। ক্যারলের মতো গুঁড়ি মেরে এগিয়ে আসা হিংস্র ব্যাদান তিনি খুব বেশি দেখাননি। হৃদয়বল তে বাদুড়ের বর্ণিত ‘মজারুতে’ চামচিকে আর পেঁচাদের আবির্ভাবে ইঁদুর বেচারার মরবার ভবিষ্যৎবাণী ছিল। ‘ভয় পেয়োনা’ কবিতায় ছিল মুগুর হাতে আপ্যায়নকারীর ভাঁটার মতো চোখ আর দাঁতে দাঁত পেষা সাম্বনা।

এস এস গর্তে এস, বাস করে যাও চারটি দিন, আদর করে শিকেয় তুলে রাখব তোমায় রাত্রি দিন.

হাতে আমার মুগুর আছে তাই কি হেথায় থাকবে না?

মুগুর আমার হালকা এমন মারলে তোমায় লাগবে না।

অভয় দিচ্ছি, শুনছ না যে? ধরব নাকি ঠ্যাং দুটা?

বসলে তোমার মুণ্ডু চেপে বুঝবে তখন কাভটা!'

কিন্তু হাসির আড়ালে শিরশিরে মানসিক, জৈবিক ভয় তাঁর কবিতায় তেমন আসেনি।

শিশুদের সঙ্গে বয়স্কদেরও সুকুমার বিশুদ্ধ কাব্যরস পরিবেশন করছেন লক্ষ্য করেছিলেন বুদ্ধদেব বসু। তাঁর কবিতার ছন্দ বা চিত্রকল্পের অভিনবত্ব এবং চমৎকারিত্ব তিনি ব্যাখ্যা করেছেন। কিন্তু রবীন্দ্রোত্তর কবিদের মধ্যে তাঁর বিশেষ মৌলিকতা বোধ হয় সবচেয়ে গভীর ভাবে অনুভব করেছেন জীবনানন্দ দাশ। দিলীপ কুমার গুপ্তকে লেখা জীবনানন্দের চিঠির অংশ বিশেষ উদ্ধৃত করা যাক,

‘আমাদের এই পৃথিবীর ভিতরেই আরও অনেক পৃথিবী রয়েছে যেন। সাধারণ চোখ দিয়ে স্বভাবত তা খুঁজে পাওয়া যাবে এমন নয়। থাকে তা সৃষ্টিপরিচয় মানসের ভিতর;

এঁরাই আমাদের দেখান। সেই সব পৃথিবীর ভিতর কোনওটা যেন এই জগতেরই তীর স্বচ্ছ মুকুরের মতো, কোনওটা কিছু কুয়াশাচ্ছন্ন অথবা বিদ্যুতায়িত, এই রকম এবং আরও অনেক রকম। কিন্তু সুকুমার রায়ের পৃথিবী – আবেল তাবোল–এ যা সত্য হয়ে ফলে উঠেছে তা মোটেই আমাদের চেনা জানা পৃথিবী কিংবা তার প্রতিচ্ছবির মতো বাস্তব না হয়েও তেমনি পরিচিত ও তেমনি সত্য। এইখানেই কবির সাদাসিধে ভাবে সে এক অনন্য সাধারণ শক্তি; আমি কোনও স্বদেশি বা বিদেশী সাহিত্যিকের লেখায় ঠিক এই ধরণের প্রতিভার পরিচয় পাইনি। সুকুমার রায়ের এই স্বকীয়তার কথা যতই ভাবা যায় ততই বিস্ময়ে ও আনন্দে স্তব্ধ হয়ে থাকতে হয়।’

চিঠিটি বরিশাল থেকে ৩০.১০.১৯৪৩–এ লেখা। বিকল্প এক উদ্ভট যুক্তির জগতের আড়ালে বসে হাসি ছুঁড়ে দেবার এই শিল্পকলা কখনো মোল্লা নাসিরুদ্দিনকে মনে পড়ায়। এ যেন প্রাচ্যের নিজস্ব প্রসন্নতা – কোনো তিক্ততাই যাকে শেষ পর্যন্ত পরাস্ত করতে পারে না। তাই হাতুড়ে চিকিৎসার ভয়ানক ইতিহাস, রোগ যন্ত্রণা ও মৃত্যুর প্রতিকারহীন ধারাবাহিকতাকে ঠাট্টা করেন অনবদ্য ভঙ্গিতে। কান্নার আর্দ্রতা নয়, চাপা ঠাট্টার ধারালো তীর।

ছেলে হও, বুড়ো হও, অন্ধ কি পঙ্গু, মোর কাছে ভেদ নাই, কলেরা কি ডেঙ্গু – কালান্ধর, পালান্ধর, পুরানো কি টাটকা, হাতুড়ির এক ঘায়ে একেবারে আটকা!

বাংলাদেশে মেয়ে সস্তা কে না জানে। তাই রুগ্ন, প্যাঁচার মতো মুখশ্রী, উনিশ বার ম্যাট্রিক ফেল করা গঙ্গারামকে পাত্র হিসেবে পাওয়ার পর ‘এমন কি আর মন্দ ছেলে?’ বলতেই হয়। পাত্রের গুণাবলি থেকে অলীক বংশমর্যাদা এখানে অনেক বেশি গুরুত্বপূর্ণ, ‘কংসরাজের বংশধর’। একটি পাগল, একটি গোঁয়ার, একটি জালিয়াত, একটি যাত্রাদলের তবলচী – চার দেওরের আবদারে কবিতার কনেটির কী দশা হয়েছিল ভাবতে গেলে খবরের কাগজের নানা সংবাদ চোখের সামনে নেচে বেড়ায়। প্রথম বিশ্বযুদ্ধের দামামা শুনে যুদ্ধে যোগ দিয়ে ব্রিটিশকে জেতাবার জন্য উন্মুখ বঙ্গীয় যুব সম্প্রদায়ের নিদারুণ ক্যারিকেচার হয়তো

‘লড়াই খ্যাপা’ জগাই। ব্রিটিশ সরকার অবশ্য বাংলার সন্তাসবাদের ঐতিহ্য মাথায় রেখে এই উৎসাহকে খুব একটা বিশ্বাস করেনি। তাই জগাইয়ের আর যুদ্ধে যাওয়া হয়নি, তবে মনে মনে লড়াই চলতেই থাকে কাল্পনিক ফ্রন্টে,

‘চৈঁচিয়ে বলে, ফাঁদ পেতেছ? জগাই কি তায় পড়ে?

সাত জার্মান, জগাই একা, তবুও জগাই লড়ে।’

‘নারদ নারদ’ অনায়াসে তুলে ধরে বাঙালির চিরকালীন প্যাশন – দলাদলি ও কলহপরিচয়তাকে। সাম্প্রতিক একটি চলচ্চিত্রে শিখের কৃপাণ, গোখার কুকরিব মতো বাঙালির অস্ত্র হিসেবে ‘কাঠি’র উল্লেখ করা হয়েছে। সুকুমার রায়ের কবিতার দুই ‘যুদ্ধং দেহি’ বীরপুরুষ অবশ্য পুলিশের নামেই পরে কেঁচো হয়ে ভাব করে নিয়েছে। স্বার্থের খাতিরে মুহূর্তে সব ভুলে গলাগলি করতে বাধা নেই। আমাদের শেকড় ছেঁড়া বাস্তববোধহীন পুঁথিসর্বস্ব শিক্ষাকে আচ্ছা করে চাবকেছেন ‘কি মুশকিল’ কবিতায়। কবিতাটি ডিগ্রিধারীর মনে অস্বস্তি জাগাতে অব্যর্থ।

সব লিখেছে এই কেতাবে দুনিয়ার সব খবর যত,

সরকারী সব অফিসখানায় কোন সাহেবের কদর কত।

..... সব লিখেছে কেবল দেখ পাচ্ছিনেকো লেখা কোথায় –

পাগলা ষাঁড়ে করলে তাড়া কেমন করে ঠেকাব তায়।

ঔপনিবেশিক শিক্ষা বাস্তব সমস্যার মোকাবিলা করতে শেখায় না, যদিও প্রাচীন ঐতিহ্যের ফাঁপা গর্বে বৃদ্ধ হয়ে থাকে। ‘বুঝিয়ে বলা’ কবিতাটি অর্থহীন তত্ত্বজাল বুনে শাস্ত্রচর্চার ধ্রুপদী ছবি। ব্যাখ্যার ধরণে রবীন্দ্রনাথের ‘হিং টিং ছট’ মনে পড়ায়। কিন্তু তৎসম শব্দের সঙ্গে নেহাত কথাবুলির সংঘাতে এটি আরো মজাদার। আমাদের সুপ্রাচীন হিন্দু সংস্কৃতি, ‘বেদে সব আছে’ এই ধরণের অটল, অভুত বিশ্বাসের প্রতিমূর্তি পন্ডিতের সামনে শ্যামাদাস প্রায় ইঁদুরের মতোই বেচার।

বলছিলাম কি, বস্তুপিণ্ড স্ফূর্ত হতে শুরুতে, অর্থাৎ কিনা লাগছে ঠেলা পঞ্চভূতের মূলেতে গোড়ায় তবে দেখতে হবে কোথেকে আর কি করে, রস জমে এই প্রপঞ্চময় বিশ্ব তরুর শিকড়ে। অর্থাৎ কিনা, এই মনে কর রোদ পড়েছে ঘাসেতে, এই মনে কর, চাঁদের আলো পড়লো তারি পাশেতে –

ভবদুলালের সেই সুভাষিত ‘শেক দি বটল।’ মনে পড়ে যায়। সুকুমার রায় আমাদের জোর ঝাঁকুনি দিতে চাইছেন, কিন্তু তাঁর এই বিকল্প জগতে সবকিছুর সমান্তরাল কোনো সামাজিক, রাজনৈতিক তাৎপর্য খুঁজতে যাওয়া চরম বেরসিকের কাজ, শুধু দেদার মজার মধ্যে মাঝে মাঝে গোঁভা খেয়ে আরো হেসে ওঠার জন্য মনটাকে খোলা রাখতে হবে। কবি নিজে কেও টাগেটে থেকে বাদ রাখছেন না। বরং তাঁর কবিতায় নিরন্তর চলতে থাকে নিজেকে গোটানো, নিজেকে ছড়ানোর দ্বৈত প্রক্রিয়া। প্রদ্যুম্ন ভট্টাচার্য লক্ষ্য করেছিলেন, ‘এই কবির হয়ে-ওঠার ইতিহাস তাঁর আত্মসচেতনতা বাড়িয়ে তোলার ইতিহাস। এ ইতিহাসে একটি জ্বলজ্বলে মুহূর্ত নিশ্চয়ই তাঁর সেই আশ্চর্য কবিতা, বাবুরাম সাপুড়ে। যার স্বরভঙ্গিতে এমন কিছু আছে, যাতে আমরা টের পাই, কবি নিজেও তাঁর স্লেষের লক্ষ্য। এ যেন একাধারে মাছের বাঁটি আর মাছ হয়ে ওঠা। কবির আত্মসচেতনতা জিনিসটাই সংক্রামক, পাঠকের মনকেও তা উশকে দেয়। এক-একটা স্বচ্ছ মুহূর্ত আসে যখন আমরা আরশির সামনে খুব তন্ময়, একপ্রাণ চোখে তাকালে দেখতে পাই, ঘাড়ের ওপরে আমাদেরই মুখ যেন ক্রমে ক্রমে পাল্টে আদল নেয় রামগরুড় কি হুকোমুখো কি কুমড়ো পটাশের মুখের।’

চারদিকে যা চিরকাল ঘটে চলেছে তাতে নেড়ারা বারবারই বেলতলায় যাচ্ছে, মাথায় ঠকাস করে বেল পড়লেও শিক্ষা নেই। রাজার উদভ্রান্ত মূর্তি, তুঘলকী আচরণ – আবার হিসেবের শ্লেট হাতে সে বিপন্ন ও বটে। উদ্ভট কাহিনীর আড়ালে উঁকি ঝুঁকি দিচ্ছে কাঠফাটা রোদে গায়ে গরম জামা পরা রাজার কাণ্ডজ্ঞানহীনতা। সুকুমার রায়ের স্বচ্ছ

বিজ্ঞানবাদী দৃষ্টিতে যে আমাদের সর্বব্যাপী কাণ্ডজ্ঞানহীনতাই ধরা পড়ে বারবার। ব্যঙ্গবিদ্ধ হয় বাঙালির গদগদ বিহবলতা –

‘ভাব একে ভাব, ভাব দুগুণে ধোঁয়া
তিন ভাবে ডিসপেপশিয়া – ঢেকুর উঠবে চোঁয়া
চার ভাবে চতুর্ভুজ ভাবের গাছে চড় –
পাঁচ ভাবে পঞ্চত্ব পাও, গাছের থেকে পড়।’

বাস্তবকে কী অদ্ভুত রূপান্তরে দেখাতে পারেন সুকুমার রায় তার দৃষ্টান্ত অজস্র। মা ছেলেকে আদর করছে – কিন্তু ভাষায়, পান্তভূতের জ্যান্ত ছানার কবিতায়। আমাদের আদরের ভাষাও যে সর্বদা ব্যাকরণ অনুসারী হয় না – তা কবিতা পড়ার সময় মনে ও থাকে না। নিজেদের নিয়েই হাসিতে গড়িয়ে পড়ে হঠাৎ লক্ষ্য পড়ে তিনটি শব্দের প্রতি, ‘ছিঁচকাদুনে ফোকলা মানিক’। বুড়ীর বাড়ী’র আশ্চর্য বাস্তব নিয়ে ভাবতে গিয়ে শঙ্খ ঘোষের মনে হয়েছিল, ‘ঘোলো লাইনের এই রচনায় হসন্ত ধ্বনিগুলির এমন অবিরল প্রয়োগ আছে যে, কাঁচা ওই ঘরের নড়বড়ে ভাবটা পর্যন্ত ধ্বনির মধ্য দিয়ে দেখা দিতে থাকে, পাঠকেরও এখানে ‘ভর দিতে ভয় হয় ঘর বুঝি পড়ে।’ সুতো দিয়ে বেঁধে রাখবার মতো কিংবা কাঁটা দিয়ে এঁটে নেবার মতো কত ঘরই তো পথে পথে দেখতে পাই আমরা।’ স্বদেশী শিল্পের ঢক্কানিনাদ যে কখনো কখনো লোক ঠকানো কারবার হয়ে পড়ত ত্রৈলোক্যানাথ মুখোপাধ্যায় তা জানিয়েছিলেন। ‘খুড়োর কল’ বা ‘ছায়াবাজি’তে ও সেই ইঙ্গিত চুপিচুপি দেওয়া হয়।

ঔপনিবেশিক শাসন, পরাধীনতার গ্লানি, চারপাশের আত্মসত্ত্বী, আত্মতুষ্টি মুখোশ পরা মানুষ, পায়ে পায়ে সাবধানে থাকা মধ্যবিত্ত – এদের সঙ্গে নিত্যকার বোঝাপড়া তাঁর আজগুবি জগতের মর্মসত্য।

চেয়োনাকো আগে পিছে, যেয়োনাকো ডাইনে – সাবধানে বাঁচে লোকে – এই লেখে আইনে।

তাই বলে ‘একুশে আইন’ যে সরকারি নথি সমর্থিত এতোটা আমরা ভাবতে পারিনি। যোগেশচন্দ্র বাগলের দেওয়া তথ্য অনুযায়ী, ‘ভারতবর্ষীয় সভা ভারত সরকারের নিকট একটি আইন প্রণয়নের প্রস্তাব করিয়া

ছিলেন। এই বৎসর ১৮৬০ সনে ব্যবস্থা পরিষদে এ উদ্দেশ্যে একটি আইন বিধিবদ্ধ হয়। ইহা ১৮৬০ সনের ২১ আইন নামে পরিচিত। ..এই সনে এমন কয়েকটি আইন পর পর বিধিবদ্ধ হইল যাহা লইয়া সরকার ও জনসাধারণের মধ্যে বৈরিতার সূত্রপাত হয় বিশেষ ভাবে।’

কারুর যদি দাঁতটি নড়ে,

চারটি টাকা মাসুল ধরে,

কারুর যদি গোঁফ গজায়,

একশো আনা ট্যাক্স চায় –

খুঁচিয়ে পিঠে গুঁজিয়ে ঘাড়,

সেলাম ঠোকায় একুশ বার।

কবিতায় কথিত এই ব্যবস্থা অবশ্য ১৮৬০ থেকে অনন্তকাল পর্যন্ত প্রবাহিত হয়ে চিরকালীন আধিপত্যবাদের ইতিহাস রচনা করে।

‘হিজিবিজি খাতা’, ‘ফালতো খাতা’ ইত্যাদি নাম দিয়ে যে ডায়েরি রাখতেন সুকুমার, সেখানে ব্রাহ্মসমাজকে কেন্দ্র করে যে প্রশ্ন তুলেছেন, সামগ্রিক ভাবে জগৎ সংসারকে ঘিরেই সে সব স্বচ্ছ, স্পষ্ট, লক্ষ্যভেদী প্রশ্নের তীরন্দাজি তাঁর কবিতায়। গোষ্ঠ মামার মতো আমাদেরও পাঁজর ঘেঁষে সেই বাণ ছট্কে এসে বিঁধে যায়। তবে ঐ বাণে হাসির জাদুমন্ত্র পড়া – কিন্তু প্রচ্ছন্ন ব্যথাও তো থাকে।

‘প্রশ্ন করি কাহার কাছে? প্রশ্ন করি ব্রাহ্ম সাধারণের কাছে, যাঁহারা তৃপ্ত যাঁহারা অতৃপ্ত সকলের কাছে। অতীতের সঞ্চয় ভারে যাঁহাদের জীবন পরিপূর্ণ তাহাদের কাছে এবং অনির্দিষ্ট ভবিষ্যতের আশা ও আশঙ্কায় যাঁহাদের বর্তমান জীবন চঞ্চল, তাঁহাদের কাছে। নেতৃত্বের আসনে অধিষ্ঠিত হইবার সত্য মিথ্যা দাবী যাঁহাদের আছে তাঁহাদের নেতৃত্ব মাহাত্ম্যে আঘাত করিয়া প্রশ্ন করি, আত্মপ্রতারিত সমাজের তুচ্ছতায় যাঁহারা ক্ষুদ্র ও সংযমভ্রষ্ট তাঁহাদের অস্থিরতার দোহাই দিয়া প্রশ্ন করি।’

এই সব প্রশ্নকেই তিনি রূপান্তরিত করেন তাঁর আজগুবি জগতের বিচিত্র সব ঘটনায়, উদ্ভট চরিত্রের মিছিলে, আপাত অবাস্তব দৃশ্যমালায়।

শিশুদের মন ভোলানোর সব মন্ত্র তাঁর জানা বটে কিন্তু তাঁকে শিশুসাহিত্যিক ভেবে এড়িয়ে চলার দিন নিশ্চই শেষ হয়ে গেছে। অকিঞ্চিৎকর এই লেখা শেষ করছি সুকুমার রায় সম্পর্কে মণিভূষণ ভট্টাচার্যর একটি কবিতার আংশিক উদ্ধৃতি দিয়ে।

‘প্রজাপতির মতোই তুমি বহুবর্ণরঞ্জিত পরাগ
মাখানো উড়ন্ত নাগরিক,

প্রজাপতির মতোই তোমার সংক্ষিপ্ত জীবন,

সময় অল্প বলেই তুমি দ্রুতচারী বিশ্বপর্যটক,

তোমার বিস্ময়ের ঘোর মেশানো রচনায়

সমস্ত বয়সের পাঠকেরাই ঝুঁকে পড়ে,

অনন্ত নির্জনতার মধ্যে তোমার রচনাগুলি

জোনাকির মতো ঘুরে বেড়ায়,

তাদেরই কয়েকটা ঢুকে পড়ে অন্ধকার ঘরে–
জ্বলজ্বল করে,

তারা ক্রমশ একসঙ্গে একটি বড় জোনাকিতে
পরিণত হয়ে

মূর্তিমান প্রতিবাদে বলে ওঠে – ‘আবার সে
এসেছে ফিরিয়া’।

তথ্যসূত্র:

- সমগ্র শিশু সাহিত্য সুকুমার রায় সম্পাদক সত্যজিৎ রায় ও পার্থ বসু, আনন্দ পাবলিশার্স, বৈশাখ ১০৮৯
- প্রস্তুতি পর্ব বিশেষ সংখ্যা সুকুমার রায় সম্পাদনা অনুপম মজুমদার, আশীষ লাহিড়ী, সহ সম্পাদনা সিদ্ধার্থ ঘোষ, সলিল বিশ্বাস, প্রাব্ট দাস মহাপাত্র, অক্টোবর ১৯৭৩
- কোরক সাহিত্য পত্রিকা সুকুমার সংখ্যা বইমেলা ১৪০৯, সম্পাদক – তাপস ভৌমিক
- Classic Lewis Carroll - Penguin Books
- Alice's Adventures in - Progress Publishers Wonderland by Lewis Carroll
- ছোটদের ছড়া সঞ্চয়ন শিশু সাহিত্য সংসদ, সম্পাদনা প্রভাত বসু ও মহেন্দ্রনাথ দত্ত
- আবোল তাবোল সুকুমার রায় সম্পাদনা সিদ্ধার্থ ঘোষ, সহ সম্পাদনা সৌম্যেন পাল, সুবর্ণরেখা

প্রাক্তনী (বাংলা/১৯৭১-৭৪)

স্বামী বিবেকানন্দ: সমাজবিজ্ঞানের নতুন দিশারি

মনোতোষ দাশগুপ্ত

স্বামী বিবেকানন্দ এক যুগন্ধর মহাপুরুষ। সমাজসংস্কারক, ধর্ম-ব্যাখ্যাতা, কর্মযোগী, মহাসংগঠক, মানবদরদী, যুগপ্রবর্তক, শিক্ষাশাস্ত্রী, মহাদার্শনিক, সুসাহিত্যিক ও কবি, দেশপ্রেমিক – নানা অভিধায় তাঁকে ভূষিত করা যায়। মাত্র উনচল্লিশ বছরের জীবনকালে (১২ জানুয়ারি, ১৯৬৩ – ২৬ জুলাই, ১৯০২) মানব-মনীষার সব কটি দিকেই তিনি অনন্যসাধারণ কর্মক্ষমতা ও কৃতকার্যতার স্বাক্ষর রেখেছেন। আজ সার্বশততম জন্মবার্ষিকীতে এসেও মুগ্ধ বিস্ময়ে এই মহাজীবনের উদ্ভাসনের দিকে তাকিয়ে আমরা বিস্ময়াভিভূত। এই বিস্ময় নিয়ে যতই তাঁকে অনুধ্যান করি, মনে হয় তাঁর সবচেয়ে বড় পরিচয় এই যে, তিনি একজন সমাজবিজ্ঞানী – শুধু প্রচলিত অর্থে নয়, এক নতুনতর সমাজবিজ্ঞানের তিনি মহান দিশারি।

‘সমাজ’ শব্দের অর্থ জনসমূহ, মনুষ্যসংঘ, লোকসমুদয়। ‘সমাজ’-এর ইংরাজি প্রতিশব্দ Society-র আভিধানিক অর্থ হল: “Broad grouping of people having common traditions, institutions and collective activities and interests.” মহী-সঞ্চরণের ফলে মহাদেশগুলির সৃষ্টির তত্ত্ব দিয়ে শুরু করলে – বা, এই পৃথিবীর জীবকুল এবং মানুষের আবির্ভাব থেকে শুরু করলে – সহজেই বোঝা যায় যে মানুষের

সাপেক্ষে পৃথিবী (মহাপৃথিবীই বা নয় কেন?)-ই ‘সমাজ’। স্বামী বিবেকানন্দ এক জায়গায় বলেছেন: “To the Hindu the whole world of religion is only a travelling, a coming up, of different men and women through various conditions and circumstances to the same goal.” এখানে "religion" -এর অর্থ ‘মনুষ্য-ধর্ম’ করলেই সমাজের সংজ্ঞা বেরিয়ে আসে।

আর বিজ্ঞান হল বিশেষ রূপে জানার সূত্রে আহরিত জ্ঞানের ভাণ্ডার, বা বিশেষ রূপে জানার শাস্ত্র, পদ্ধতি ও প্রবণতা আর এক্ষেত্রে বিচরণকারী হলেন বিজ্ঞানী। বিজ্ঞানের মধ্যে সব সময় একটা ‘আরও কিছু’ (যেমন আরও কিছু দেখা, বোঝা বা জানা) সংযুক্ত থাকে। বিজ্ঞানীকে আগে জ্ঞানী হতে হয়, আর জ্ঞানী এক সময় বিজ্ঞানী হয়ে ওঠেন। জ্ঞানী পুরাতনকে সংগ্রহ করেন, বিজ্ঞানী পুরাতনকে পরিবর্তিত করেন, পরিবর্তিত করেন।

স্বামী বিবেকানন্দের সমাজবিজ্ঞানী ভূমিকায় উপযুক্ত প্রতিটি অভিধার সার্থক স্ফুটন দেখি। প্রথমেই বলতে হয় ‘সমাজ’-এর সংজ্ঞা তিনি কীভাবে সীমিত করতে করতে অতি সীমিত করে ফেললেন, আর যে মুহূর্তে তা মূল এককে পৌঁছে গেল, অমনি তা নতুনতর ব্যাপকতায় মণ্ডিত হয়ে অসীমায়িত হয়ে পড়ল।

মানব-সমাজকে তিনি প্রথমে দু-টো ভাগ করেছিলেন – পাশ্চাত্য সমাজ আর প্রাচ্য সমাজ। এদের তুলনামূলক আলোচনা করেছেন, এদের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করেছেন, এদের পরস্পর-নির্ভরতার উপর বিশ্লেষণী আলো ফেলেছেন, এদের পরস্পরের প্রতি দায়বদ্ধতাকে চোখে আঙুল দিয়ে দেখিয়েছেন। আর তা করতে গিয়ে দেখা গেল একসময় এরা হয়ে পড়েছে পার্থিব সম্পদ ‘অনেক আছে’ (haves) আর ‘কিছু নেই’ (have nots)-এর দল। তারপর আবার অভিসারী আলোক-শঙ্কুর মতো সেই বীক্ষণ একক মানুষে গিয়ে ঠেকেছে।

বিবেকানন্দের মতে মানব-সমাজকে বিবর্তিত হতে হবে মানুষের কল্যাণ-বিধানের দিকে লক্ষ্য রেখে। অন্যকথায় ব্যক্তি-মানুষের কল্যাণ-চিন্তা সমষ্টি-মানুষকে চালিত করবে। স্বামীজি তাই তাঁর সারা জীবনের প্রচেষ্টায় মানুষের মধ্যে আত্মবিশ্বাস উদ্ভাসিত করতে চেয়েছেন। মানুষের শ্রেষ্ঠত্বের কথা, মানুষের অসীম শক্তির কথা বলেছেন অনেকেই, কিন্তু তিনি একে বিজ্ঞান-গ্রাহ্য করে তুলতে চেয়েছেন।

১৮৫৯ সালে জেমস্ রাসেল লোয়েল (James Russell Lowell, মার্কিন কবি – প্রবন্ধকার – নাট্যকার) লিখেছিলেন, “Men are weak, but man is strong”। দলবদ্ধ মানুষের মধ্যে বিভিন্ন অভিমুখী শক্তির সমাবেশ ঘটে। শক্তি বলতে এখানে চিন্তা-মনন-চেতনা – সবকিছুকেই বোঝানো হয়েছে। এই সব শক্তির একটি লব্ধি (resultant) প্রকৃত ক্ষেত্রে কার্যকরী হয়। ফলে সন্মিলিত শক্তি একটি বিশেষ রূপ পরিগ্রহ করে মূলকে আচ্ছন্ন করে দেয়। শক্তি তো আবার অভিমুখ অনুযায়ী ধনাত্মক ও ঋণাত্মক হতে পারে। কখনো ব্যক্তিবিশেষের শক্তি অন্য সকলের শক্তিকে পর্যুদস্ত করে ফেলে। তখন একক মানুষই সমষ্টির পরিচায়ক হয়ে দাঁড়ায়। আর তখন ব্যক্তিবিশেষ নেতা হয়ে দলকে চালনা করে দল তখন সংঘবদ্ধ হয়। তবে হ্যাঁ, মানুষ নিজের শক্তি সম্বন্ধে অবহিত হলেই শক্তির স্ফুরণ ঘটবে।

এগুলি পর্যবেক্ষণ মাত্র। এ থেকে অবশ্যই সিদ্ধান্ত নেওয়া যায় যে ব্যক্তিমানুষ অসীম শক্তি ও সম্ভাবনার উৎস। বিজ্ঞানের ধাপগুলি অনুসরণ করলে এটি হয়ে যায় একটি সূত্র (law), কিন্তু এর তাত্ত্বিক প্রমাণ কী? বিবেকানন্দ এই প্রশ্ন দিচ্ছেন। তিনি বলছেন, “মন ব্রহ্ম নয়, আমিই ব্রহ্ম। কেননা উপনিষৎ বলছেন ‘তত্ত্বমসি’। এইটি আমাদের উপলব্ধি করতে হবে।” আরও বলেছেন, ‘যতদিন আমাদের উপরে কেউ, এমন কি ঈশ্বর পর্যন্ত থাকবেন, ততদিন অক্ষয় অবস্থালাভ হতে পারে না। আমাদের সেই ঈশ্বর বা ব্রহ্ম হয়ে যেতে হবে’।

এ থেকে আবার একটা অনুসিদ্ধান্ত এসে পড়ে। তা হল – মুক্ত থাকাটাই ব্রহ্মরূপী মানুষের ধর্ম। অর্থাৎ সমস্তরকম স্বাধীনতায় মানবাত্মার নিশ্চিত অধিকার। আর বিশাল মানব-সমাজের অংশ হিসাবে ভারতবর্ষই বা তবে বৃটিশের পদানত থাকবে কেন? এইটে তাঁর কাছে অসহ্য ছিল। তাই বলছেন, ‘কংগ্রেসের অত আলাপ-আলোচনার কী দরকার? সবাই মিলে একদিন ঘোষণা করতে হবে ‘আমরা স্বাধীন’। ইংরেজ পালাতে পথ পাবে না। আর দেশের যুবকদের ডেকে বললেন, ‘আগামী পঞ্চাশ বছর দেশই তোমাদের একমাত্র উপাস্য দেবতা হউন, অন্যসব দেবতাদের ততদিন ভুলিলে ক্ষতি নাই।’

মুক্ত মন অসীম শক্তির যেমন, তেমনি আনন্দেরও আধার। স্বামীজি বলছেন, ‘ভগবানই একমাত্র অপরিণামী। তাঁহার ভালোবাসার কখনোই অভাব হয় না।’ গীতার মূলতত্ত্বও তাঁর মতে এই যে – ভগবানকে ভালোবাসতে হবে। ভগবানকে ভালোবাসলে নিজের মধ্যে অমিত শক্তির উদ্ভব উপলব্ধ হবে। এ-ই হল আত্মশক্তি। এ থেকে আসবে অনাসক্তি। আর এই দু-য়ে মিলে আসবে নিষ্কাম কর্মস্পৃহা – যা নাকি যে কোনও মহৎ কর্মপ্রচেষ্টার সার্থকতার পথে চালিকা শক্তি। অন্যভাবে তাই তাঁর মতে গীতার মূলশিক্ষা এই আত্মশক্তি, অনাসক্তি ও নিষ্কাম কর্ম।

তাঁর মতে গীতার সার কথা দ্বিতীয় অধ্যায়ের

তৃতীয় শ্লোকটির মধ্যে নিহিত, ‘ক্লৈব্যং মাম্মগমঃ পার্থ নৈতৎ ত্বয়ুপপদ্যতে / ক্ষুদ্রং হৃদয়দৌর্বল্যং ত্যক্তোত্তিষ্ঠ পরন্তপ।’ ব্রহ্মোপলব্ধিতে শক্তিমান মানুষ ক্লীবত্ব পরিহার করবে এবং ভগবানের ঈঙ্গিত কর্ম নিষ্কামভাবে অনুসরণ করবে। যেখানে আত্মার মুক্তবিহার সঙ্কুচিত বা বাধাপ্রাপ্ত সেখানে শুধু প্রতিবাদ করলেই হবে না, প্রতিকার করতে হবে।

এই শ্লোকের সূত্র ধরেই বেরিয়ে পড়ে ভারতবর্ষের মুক্তি-সংগ্রামের প্রতি স্বামীজির মনোভাব। সশস্ত্র বিপ্লব অননুমোদনীয় নয়। এভাবেই তিনি রাষ্ট্রনীতি ও সমাজনীতির সঙ্গে ধর্মকে খুব সুন্দরভাবে মিলিয়ে দিয়েছেন। মনে পড়ে জি-বার্জহোপ (G. Birgehope)-এর কথা (১৬৯৭): “As for the moderate, rational and intelligent religionist, they are so few”। বিবেকানন্দকে দেখলে তাঁর আক্ষেপ কিছুটা দূর হতো।

ওয়ার্ডস (Words) লিখেছিলেন ১৮৭৬-এ “A savant who is not also a poet in soul and religionist in heart is a feeble and unhappy creature”। বিবেকানন্দ কবি এবং ধর্ম-প্রবক্তা, আর

বিজ্ঞান হল বিশেষ রূপে জানার সূত্রে আহরিত জ্ঞানের ভাণ্ডার, বা বিশেষ রূপে জানার শাস্ত্র, পদ্ধতি ও প্রবণতা আর এক্ষেত্রে বিচরণকারী হলেন বিজ্ঞানী

সকলের উপরে মানবপ্রেমিক, আর তাই তিনি নিজেও যেমন দীপ্ত, দৃপ্ত, বীর সন্ন্যাসী, অন্যের মধ্যেও এই বীরত্ব ও তেজ সংক্রামিত করার অসীম ক্ষমতা ধরতেন – না, ধরেন।

এই প্রসঙ্গে একটা নতুন অভিধা বা পরিচয় এসে গেল স্বামীজির। কী? না, তিনি কবি। তিনি কবিতা লিখেছেন, গান লিখেছেন। বিশেষ করে স্মার্তব্য ‘উদ্বোধন’ পত্রিকার প্রথম বর্ষের দ্বিতীয় সংখ্যায় প্রকাশিত তাঁর বড় কবিতা ‘সখার প্রতি’। অসাধারণ দ্যুতিময় এর উপসংহারের পঙক্তি চতুষ্টয়ঃ ‘ব্রহ্ম হতে কীট

পরমাণু সর্বভূতে সেই প্রেমময়, মন প্রাণ শরীর অর্পণ কর সখে এ সবার পায়। / বছরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর? / জীবো প্রেম করে যেই জন সেই জন সেবিছে ঈশ্বর।’

এই যে ‘শিবজ্ঞানে জীব সেবা’ – এর বিস্তারিত এবং ন্যায়শাস্ত্র সম্মত অনেক ব্যাখ্যা থাকতে পারে, কিন্তু সে সবার মধ্যে না গিয়ে যে অর্থটি স্বতনিঃসারিত এবং সরলতম – সেটিই গ্রহণ করা ভাল আর সেটা এই যে, যে কোনো ধর্মের মূল লক্ষ্য মানুষ। আর ধর্মই বা বলি কেন, নাস্তিকের ‘ধর্ম’ও মানুষের জন্য। এক কথায় মানুষের সমস্ত কর্মপ্রচেষ্টা মানুষেরই কল্যাণের জন্য।

বিবেকানন্দ কবি – আরও এজন্য যে নিজের বক্তব্য তিনি পেশ করতে পারেন একেবারে আন্তর অনুভূতি মিশিয়ে, আবেগ ও উচ্ছ্বাস-মণ্ডিত করে। উদাহরণ নেওয়া যাক একটা, তিনি বুঝেছিলেন যে ধর্মই প্রধানত বিভাজক উপাদান, যা মানুষকে বিচ্ছিন্ন করে রাখে। তাই মানুষে মানুষে বিভেদ ঠেকাতে ধর্মের উন্মাদনার মূলে কুঠারঘাত করতে হবে। আর যদি ধর্মের মর্মস্থলে দৃষ্টি দেওয়া যায়, তবে দেখা

যাবে সেখানে আছে মানুষ। এই মানুষেরাই তো সব বাধা অতিক্রম করে এগিয়ে যাবে পরস্পরের ভাবগ্রহণে, ধর্মের বিবাদ বন্ধ হলে আর তো কোনো বিবাদই থাকবে না, সহায়তার পথ আপনাই প্রশস্ত হয়ে যায়, বিশ্বব্যাপী সমন্বয় ও শান্তি প্রতিষ্ঠার একমাত্র পথই তো চাই। শিকাগোয় বিশ্বধর্মসভায় বিবেকানন্দ এই কথাটিই বলেছিলেন, আর তাকে একটা কবিতাই বলা যায়। ‘প্রতিরোধ সত্ত্বেও শীঘ্রই প্রতিটি ধর্মের পতাকায় লিখিত হবে, ‘বিবাদ নয়, সহায়তা, বিনাশ নয়, পরস্পরের ভাবগ্রহণ, মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি।’

মনে পড়ে যায় টি-এস্-এলিয়ট-এর দেওয়া ‘মহান কবি’-র সংজ্ঞা। মহান কবি তাঁরাই, যাঁদের নিজস্ব দর্শন থাকে। বিবেকানন্দ মহান কবি।

আরেক অর্থে বিবেকানন্দ কবি। তিনি নবজাগরণের মস্ত্র জানেন। কবি শ্রী মধুসূদন এবং শ্রী গীতা এই অর্থেই ‘কবি’ অভিধা বেছেছেন। যুবসমাজকে লক্ষ্য করে তিনি বলেছেন, ‘ওঠো জাগো, যতদিন না লক্ষ্যে পৌঁছছো, ততদিন নিশ্চিন্ত থেকো না।’ আরও মন্দ্রতর আরাবে বলেছেন, ‘ওঠো ওঠো। মহাতরঙ্গ আসছে, Onward,

শব্দের অর্থ দাঁড়িয়ে যাচ্ছে "property"।

মানুষের ধর্ম (property)-ই হলো মানুষের জন্য কাজ করা - যাতে পৃথিবীটা আরো বেশি বাস-যোগ্য হয়ে উঠতে পারে। হিংসা-দীর্ঘ পৃথিবীকে সুন্দরতর করার দায়িত্ব তো মানুষেরই। বিবেকানন্দ বলছেন- মানুষকে নিজেকেই পূর্ণ বিকাশের জন্য সচেষ্টিত হতে হবে। কিন্তু এই পূর্ণ-বিকশিত অবস্থা প্রাপ্তি একটি ক্রমাসন্ন (asymptotic) প্রক্রিয়া।

বিজ্ঞান বলছে যে একটি ম্যাক্রো (macro) বা বৃহৎ তন্ত্র (system) অসংখ্য অণু-তন্ত্র

হুঁশিয়ার, তিনি আসছেন। যে যে তাঁর সেবার জন্য - তাঁর সেবা নয় - তাঁর ছেলেদের - গরীব-গুরবো, পাপী-তাপী, কীট-পতঙ্গ পর্যন্ত - তাদের সেবার জন্য যে যে তৈরী হবে - তাদের ভিতর তিনি আসছেন

onward, এগিয়ে যাও, এগিয়ে যাও। মেয়েমন্দ আচণ্ডাল সব পবিত্র। তাঁর কাছে - onward, onward! ... যেখানে তাঁর নাম যাবে, কীটপতঙ্গ পর্যন্ত দেবতা হয়ে যাবে - হুঁশিয়ার, তিনি আসছেন। যে যে তাঁর সেবার জন্য - তাঁর সেবা নয় - তাঁর ছেলেদের - গরীব-গুরবো, পাপী-তাপী, কীট-পতঙ্গ পর্যন্ত - তাদের সেবার জন্য যে যে তৈরী হবে - তাদের ভিতর তিনি আসছেন।’

স্বামীজির এই কথার মধ্যে একটা বিদ্রোহের ভাব শোনা যাচ্ছে। হ্যাঁ এই বিদ্রোহও কবির স্বভাবের মধ্যে পড়ে। ক্রান্তদর্শী মানুষেরা বিদ্রোহের ধ্বজাবাহী। যাঁরাই মানুষকে নতুন পথ ও মতের সন্ধান দেন, তাঁরা সবাই বিদ্রোহী। মানুষের গুরুত্ব ও ধর্মের প্রয়োজনীয়তা - এই দুটি ধারণা স্বামীজি পাশ্চাত্যের মানুষের মনে ঢুকিয়ে দিতে চেয়েছেন। সমাজ-বিজ্ঞানের যে নতুন ধারা তিনি প্রবর্তন করেন তাতে ধর্মের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আর যেহেতু বিবেকানন্দ বলছেন স্বতোৎসারিত হিন্দু (বা ব্রাহ্মণ্য বা সনাতন) ধর্মের দৃষ্টিভঙ্গী নিয়ে - দেখা যাচ্ছে বক্তব্য মিলে যাচ্ছে মানুষের সাধারণ জীবনচর্যার সঙ্গে অর্থাৎ ‘ধর্ম’

বা micro-system-এর সমন্বয়ে গঠিত। বৃহৎ তন্ত্রকে আদর্শ বা ideal হতে গেলে তাকে অসীম-সংখ্যক আদর্শ অণু-তন্ত্রের সমন্বয় হতে হবে। অণু-তন্ত্রের আদর্শ হওয়ার সম্ভাবনা অনেক বেশি। আবার এটাও ঠিক যে, কোনও একটা অণু-তন্ত্র যদি আদর্শ অবস্থা থেকে বিচ্যুত হয়, তবে বৃহৎ তন্ত্রটি আর আদর্শ থাকবে না। কাজেই যদি মনুষ্য সমাজের মত একটা বৃহৎ তন্ত্রকে আদর্শ অবস্থায় পৌঁছতে হয় তবে প্রতিটি অণু-তন্ত্র অর্থাৎ ব্যক্তি মানুষকে আদর্শ হতে হবে। আর সেই প্রয়াস সহজতর। সেই জন্যই বিবেকানন্দ ব্যক্তি মানুষের উপর গুরুত্ব আরোপ করেছেন বেশি। কিন্তু যদি একজন আদর্শ থেকে বিচ্যুত হয়! হতেই পারে। তাই বাস্তবে আদর্শ সমাজ তৈরি অসম্ভব। বিজ্ঞান তাই বলে। মানুষের প্রচেষ্টা আদর্শ অবস্থার যত কাছাকাছি সম্ভব পৌঁছন। তাই একে ক্রমাসন্ন বলা হয়েছে।

এখানে মার্কস্-এর সঙ্গে বিবেকানন্দের পার্থক্য ধরা পড়ে। মার্কস্ বলছেন, সমষ্টির মুক্তিতে ব্যক্তির মুক্তি, আর বিবেকানন্দ বলছেন ব্যক্তির মুক্তি সমষ্টির মুক্তি এবং / বা পরিবর্তন ঘটাবে। লক্ষ্য কিন্তু দুজনার অভিন্ন। তাঁদের

কল্পনার পৃথিবীতে সার্বিক সাম্য বিদ্যমান থাকবে। মূলত মানুষ মানুষকে শোষণ করবে না। মানুষ মানুষের স্বাভাবিক বিকাশের পথে বাধা হয়ে দাঁড়াবে না। আর মানুষের পূর্ণ বিকশিত হতে গেলে দরকার রাজনৈতিক ও সামাজিক স্বাধীনতা। বিবেকানন্দ তার সঙ্গে যোগ করেছেন ‘আত্মিক স্বাধীনতা’। স্বাধীনতা অর্জনের জন্য চাই ‘আত্মশক্তি’। ‘আত্মশক্তি’ উদ্বোধনের জন্য চাই দৈহিক ও মানসিক শক্তি। ‘নায়মাত্মা বলহীনেন লভাঃ।’ সবল ও সাহসী হলে ভয় জয় করা যায়। ভীরুতাই মৃত্যু। মৃত্যুভয় উত্তীর্ণ হতে হবে। যে কোনও বিপ্লবের মূল কথা এ-ই।

প্রশ্ন উঠতে পারে, বিবেকানন্দ যদি দেশের স্বাধীনতার জন্য মানুষের আত্মশক্তি উদ্বোধনে প্রত্যাী হন, তবে বিশ্বতন্ত্রকে আদর্শরূপে গড়ে তোলার প্রয়াসে কীভাবে সক্ষম হলেন। তাঁর সমাজবিজ্ঞান চিন্তার বৈশিষ্ট্য এই যে অণুতন্ত্রের ক্ষেত্রেও তিনি শুরু করেছেন একেবারে মূল থেকে। বিজ্ঞান বলে, আদর্শ অবস্থা প্রতিবর্তী (reversible) অবস্থা। এ ধরনের তন্ত্রের দুটি বৈশিষ্ট্য। এক, এতে সবচেয়ে বেশি ‘ফল’ (তাপগতিবিদ্যার ভাষায় maximum work) পাওয়া যায়, আর দুই, এমন তন্ত্র সংস্থাপিত হতে গেলে খুব ধীরে ধীরে অগ্রসর হতে হবে।

বিবেকানন্দ বলছেন, ‘আমরা এখনো সেই আদর্শে পৌঁছতে পারছি না, তবুও আমাদের আদর্শের উপাসনা করতে হবে এবং ধীরে ধীরে ওই আদর্শে পৌঁছবার চেষ্টা করতে হবে, যদিও আমাদের ইতস্ততঃ পদক্ষেপে এগোতে হয়। কালই হোক, আর হাজার বছর পরেই হোক, ওই আদর্শ অবস্থায় পৌঁছতে হবেই। (ঈশদূত যীশুখৃষ্ট) এই আদর্শ হয়ে ওঠার মধ্যে একটা ধারাবাহিকতা আছে। এ ‘হয়ে ওঠার’ শেষ নেই। তবে একটা প্রয়াস দরকার।

তাপগতিবিদ্যা বলছে যে ‘বৃহৎ তন্ত্র’ কখনোই আদর্শ অবস্থায় পৌঁছবে না। অণুতন্ত্রগুলি অর্থাৎ ব্যক্তি মানুষ যাতে আদর্শ থেকে সরে যেতে না পারে, তাই হবে মানুষের চেষ্টা। এটা মানুষের ধর্ম। এই ‘ধর্ম’ বলতে

religion বুঝি, আর property-ই বুঝি।

এ ধর্ম ব্যক্তি ও সমষ্টি - মানুষের। ব্যক্তি মানুষ ‘কর্ম’ করবে - সং কর্ম। গীতার কর্মভাবনায় যা বলা হয়েছে। আর সমষ্টি-মানুষ ব্যক্তির কর্মকে ‘সং’ সীমার মধ্যে ধরে রাখার চেষ্টা করবে। কারণ, ‘...যে ব্যক্তি তাহার কর্তব্য

মার্কস্ বলছেন সমষ্টির মুক্তিতে ব্যক্তির মুক্তি, আর বিবেকানন্দ বলছেন ব্যক্তির মুক্তি সমষ্টির মুক্তি

পথে নিয়ত অচঞ্চল থাকিয়া অগ্রসর হইতে থাকে সেই আলোকের সন্ধান পায় এবং উচ্চ থেকে উচ্চতর কর্তব্য তাহার নিকট আসিয়া উপস্থিত হয়।’

আমরা দেখছি আলোকের সন্ধানের কথা বলা হল। অন্যত্র বিবেকানন্দ বলছেন, ‘আলো-আলো নিয়ে এসো। প্রত্যেকের কাছে জ্ঞানের

আলো নিয়ে এসো, যতদিন না সকলেই ভগবান লাভ করে, ততদিন তোমাদের কাজ শেষ হবে না।’ এই আলো শিক্ষার আলো। ধনী-দরিদ্র, পুরুষ-স্ত্রীলোক, উঁচু-নিচু নির্বিশেষে জ্ঞানের আলো ছড়াতে হবে।

পাশ্চাত্যের কাছে তাঁর বক্তব্য ছিল, প্রাচী

পাশ্চাত্যের কাছে ধর্মচেতনা চায় না - কারণ সেটা তার যথেষ্ট আছে। বরং বেশিই আছে। চাই ক্ষুধার অন্ন। এই বোধই পাশ্চাত্য আলোক-দীপ্ত হবে।

আমরা যে বৈজ্ঞানিক তত্ত্বের কথা বলছিলাম, তাতে বলা হচ্ছে যে কোনও তন্ত্রকে সম্মুখে অগ্রসর করতে গেলে

শক্তির সরবরাহ প্রয়োজন। শক্তি থেকেই তো ‘কার্য’ আসবে। যে আলোর জন্য বিবেকানন্দের আকুতি, সেই আলোই এই শক্তি। এই আলো বহনকারীকে দীপ্যমান করবে, আর যার কাছে বাহিত হবে তাদের প্রদীপ্ত করবে। শ্রী গীতায় এই আলোককেই ‘যোগক্ষেম’ বলা হয়েছে। মানুষরূপী অণুতন্ত্র এই আলোককেই শক্তিরূপে আত্মসাৎ করবে, আর সামনের দিকে অগ্রসর হবে - নিজে আদর্শ হবে, পৃথিবীকে মানুষের জন্য আদর্শ স্থান হিসাবে গড়ে তুলবে, আর সেখানে যে আদর্শ সমাজ প্রতিষ্ঠিত হবার চিরন্তন প্রয়াস চলছে তার দিকে আদর্শপ্রবণভাবে অগ্রসর হবে। বিবেকানন্দ সেই পথের দিশারি। আমরা তাই তাঁকে সমাজবিজ্ঞানের নতুন দিশারি বলছি।

প্রাক্তনী (রসায়ন/১৯৫৯-৬১)

When the glass was shattered on December 9*

MUKUL MAJUMDAR

I was glued to the T.V. screen as the events unfolded. Soon enough, the magnitude of the disaster became apparent as casualty figures kept rising. In a tense and panic-stricken environment, helplessness of those directly affected was matched only by the mounting difficulties of rescue operations due to inadequate infrastructure. Chaos and ugly confrontations on a larger scale were averted by the appearance of a civilian command. From various perspectives, tough questions about accountability and the standards of safety regulations were raised when it was recognized that valuable time had been lost due to negligence and callous disrespect for human life. That a private hospital selling health-care at a premium price had, in fact, set up a death-trap, raised deep concerns involving the functioning of a market system and the protection of fundamental rights of a consumer.

On many occasions, as on the aftermath of this tragedy, I am reminded of the little book *On the Economic Theory of Socialism*

by Oskar Lange and Fred Taylor. When I was at Presidency, Amit Bhaduri, who gave a set of brilliant lectures on microeconomics, drew my attention to this collection of essays. Over the years, from many other sources and teachers, I have tried to acquire a balanced view of the role of the market mechanism in allocating resources and the need for government interventions. But Lange has remained one of my favorites.

An intellectual achievement of economic theory during the second half of the 20th century was a rigorous demonstration (in a mathematical model: an idealized version of reality) that an *equilibrium* allocation of resources in a *competitive* market economy with private ownership is (Pareto) *efficient*. I shall attempt a careful examination of this claim by elaborating upon the concepts of *competitive equilibrium* and *efficiency*.

Although many economists and mathematicians have contributed to the development of the model, the edifice that I have in mind owes

so much to the influential work of Kenneth Arrow and Gerard Debreu in the early 1950s that I refer to it as “the Arrow-Debreu model”. A suggestion from Arrow led to a reinterpretation to cover the case of uncertainty about the availability of resources, about the technology and consumption possibilities. Here is an informal description (deliberately glossing over finer details) of this model. Think of an economy *at the present instant* (“today”) in a given location (Kolkata), and, suppose that it has a life span of “*T*” time intervals (to be called “periods” or “dates”; this *T* depends on how we slice calendar time). It is assumed that “uncertainty” originates from the choice that Nature makes among alternative events in each future period from 1 through *T*. The agents in the economy have no control over Nature’s choice of these events, but they all agree on the description of these events and have the same information as to their occurrence in any period. As an example, it may be that June 15, 2015, belongs to period 10, and period 10 may be either a monsoon period or a dry period. The agents are engaged today in preparing contracts to buy and sell a given number of commodities (goods and services: food, clothing, land, machinery, skilled labor...). Commodities are distinguished by their physical characteristics, by their date of availability, and also by the *environmental event in which they are made available*. For example, an umbrella available in Kolkata in period 10, when it is a *typical Monsoon period* is a different commodity from the same umbrella available in

Kolkata in the same period, when it is *not a typical Monsoon period*. Thus, we have a greatly expanded list of *commodities*. It is assumed that, for each commodity, there is a market in which its price is quoted. The notion of a *competitive market* is captured by the following assumption: *all the agents accept market prices as given in undertaking buying and*

profit (at these prices) over all technologically possible choices;

- (2) each consumer’s plan maximizes utility over all possible choices which meet the “budget constraint” (at these prices) : the requirement that the cost of any consumption plan is no

An intellectual achievement of economic theory during the second half of the 20th century was a rigorous demonstration (in a mathematical model : an idealized version of reality) that an equilibrium allocation of resources in a competitive market economy with private ownership is (Pareto) efficient

selling contracts. For simplicity, there are two groups of agents: *producers and consumers*. Note that the same individual may be a consumer of some commodity (consumes or “demands” food) and a producer of some other (sells or “supplies” skilled labor), and a typical agricultural firm is a producer of some commodity (supplies food) and consumer of others (demands inputs like seeds, fertilizers, water,...). The total supply of each commodity is the sum of the supplies coming from all producers. The total demand is obtained as the sum of demands from all consumers.

An *equilibrium* of this competitive economy is a list of prices, a production plan for each producer, a consumption plan for each consumer such that:

- (1) each producer’s plan on inputs and outputs maximizes

more than the consumer’s net worth (defined as the value of the initial holding (of land, labor,...) and profit income);

- (3) for each *commodity* total demand equals total supply (production plus total holdings): the fundamental *market balancing* property.

Under relatively mild restrictions on the utilities of consumers it can be shown that, *in this model*, an equilibrium is (Pareto) *efficient* : given the total initial holdings, there is no alternative consumption-production plan that makes all the consumers better off. Proving that such an equilibrium exists is a deeper mathematical problem. Debreu, with his remarkable allegiance to rigor, provided a complete account of the

logical steps involved in proving the existence and efficiency of an equilibrium in his classic *Theory of Value* (1959).

How does this Arrow-Debreu economy evolve over time if in equilibrium ?

All accounts are settled at the present instant and there is no incentive to revise plans, and reopen the market. When period 1 arrives and Nature chooses an event, only contracts contingent on that event remain relevant and are carried out. For example, when June 15, 2015, arrives, and, the monsoon does not hit Kolkata, all contracts contingent on monsoon-hit Kolkata are disregarded!

It should be stressed at this point that in an equilibrium, the (“invisible hand” of) prices achieve a coordination of all the decentralized decisions made by agents who are “pursuing self-interest” (maximizing utilities or generating maximum profits). The market balance condition (3) captures the notion of consistency of these decentralized plans. Decentralization utilizes incentives that are “naturally operative” in the market system and minimizes the cost of information exchange in the allocation of resources (each producer typically looks at a small set of prices of inputs and outputs relevant for his technology and does not need to interact with other producers; similarly, for consumers). For each agent, the system of prices conveys all the information needed for calculating his optimal plan.

One needs to reflect just for a moment to recognize that this system of *complete* markets for *all* possible contingencies over the *entire* life-time of an economy is far too complex and refined for designing an institution for resource allocation. Also, the agents are assumed to possess calculation abilities that are hard even to imagine. Finally, can a system that relies on contingent contracts over time survive without a rule of law or a system of government that can enforce the fulfillment of such contracts?

Subsequent research has extended the Arrow-Debreu model to take account of (a) the differences of information among agents; (b) incompleteness of markets and active trading period after period; (c) the role of expectations in a sequential evolution of the economy. Progress along these lines has enhanced our understanding of money and markets for securities: institutions (so prominent in market economies that we observe) about which the Arrow-Debreu model could provide few insights. It has also led – and this is central to my theme – to a recognition of the limits to the ability of the “invisible hand” to attain Pareto efficiency. I shall comment only on one aspect, namely, the role of expectations when trading takes place in every period. Consider a sequence of active markets over successive dates, and suppose that in *no period* the market is complete in the Arrow-Debreu sense (i.e., for every date there are some future events for which “current” contracts for buying and selling on those events are not allowed). In such a situation, the

price at which a market is cleared in the current period may depend on the *expectation* that the agents hold concerning prices in future periods. If an agent holds a plot of land, and is not offered contracts for all possible future events, his decision on whether to sell it at the current price today will typically depend on what he expects to get in a *possible* future on-the-spot transaction. In developing a notion of a competitive equilibrium over time under such situations, one may impose (following Hicks in his *Value and Capital* (1939)) three conditions:

- (i) “every person is acting in such a way as to reach his most preferred position, subject to the opportunities open to him”;
- (ii) common fulfilled expectations (“prices *realized* on each date are the same as those which were expected to rule at that date”);
- (iii) market clearance at every date-event (consistency of decentralized plans).

These conditions were formally explored in a model of considerable complexity by Roy Radner in 1972. An impressive, but mathematically demanding, literature grew rapidly in subsequent years. In the present context, it is enough to emphasize the following: *in a spectrum of possibilities, a Radner equilibrium need not be Pareto efficient*. Thus, even if we look carefully, the invisible hand may not be there!

Impressed with the efficiency of competitive markets, Lange proposed that in a socialist

economy with no private ownership of commodities or firms, the Central Planning Board might determine equilibrium prices through a process of trial and error by increasing the price of a commodity in shortage and reducing it in case of a surplus. The consumers and managers of the production units are *instructed* to accept prices as given and behave as if they are in a competitive world. Upon closer examination, it turned out that this *trial-and-error* method need not approach an equilibrium (the process may be “chaotic” according to some mathematical definitions of this term). In the debate on “market socialism”, it was pointed out that the bureaucracy of the planning apparatus or the managers of the production units may neither have the incentive nor the ability to collect and process the relevant information and come close to attaining economic efficiency. Moreover, in a world of uncertainty, there were fundamental issues involving risk evaluation and innovation that would have a very negative impact on the possibilities for growth and expansion. Much more was done subsequently on models of decentralization, incentives, and efficiency of information processing by Leonid Hurwicz, who in his youth, was a Research Assistant of Lange.

The stories of the collapse of command economies need not be retold here. India’s performance during forty years of planning, and the climactic bankruptcy in 1991, have also been evaluated from different angles. Familiar parts of this uninspiring chapter of history include: micro-management of

the economy through a bloated, corrupt bureaucracy; a long list of sick industries gasping for subsidies; inward looking policies that led to a gradual marginalization of the Indian economy on the world scene.

In the last quarter of the 20th century, as I revisited Lange’s book and Hayek’s writings, I felt that Lange was perhaps on the wrong side of history.

When I have to teach (or, should I say, when some undergraduates at Cornell have to suffer from my attempts to teach) the course on “intermediate” microeconomics, I dutifully talk about the usual laundry list of “market failures”. The standard example of a failure to attain efficiency is the case of “externalities”; here, the actions of agents *directly* affect the welfare of others. To enjoy a few minutes of quiet smoking in a toilet during a long, boring flight, one may be tempted to turn off the alarm system (can a hospital pretending to sell health care allow *that*?). Or, a firm may dispose of the hazardous waste in a way that threatens the neighboring community. We expect good governance, and provision of basic public goods. We may need coordination of a bunch of indivisible investment decisions in a specific order, or need a protection for an “infant” industry, or have a protector of the financial sector to guard against the use of insider information or a Ponzy scheme, or,.... The list calling for decisive government interventions gets longer as we move on. If it is possible to identify the sources of externalities, and to pinpoint the agents who benefit

or suffer, we may design a scheme of taxes, subsidies, fines and compensations to help alleviate the situation. More often than not, when the perceived privileges of alternative groups come into conflict, we hope to have impartial monitoring and adjudication. But here is a basic difficulty in monitoring an organization: we can often observe an outcome (a fire), but not all the relevant actions consistent with or leading to that outcome (“hidden” actions), and, we may not gather all the relevant information that can evaluate the motives (“hidden” information). The larger, more complex an organization is, the more difficult (and costly) it is to get to the truth. An all-embracing regulation is not a practical prescription, even with a dedicated bureaucracy. It is an exercise in futility when the rule of law is easily manipulated to make sure that some are more equal than others.

As I observed earlier, the basic assumption of the Arrow-Debreu model is that all the agents accept market prices “as given.” This makes sense if there are many agents in a market so that the action (quantity demanded/supplied) of each agent is negligible relative to the total volume of transactions. In the real world, there are so many markets dominated by a few sellers/buyers. Naturally, an active area of research is model-building with a small number of agents. Game theory has been the convenient mathematical tool in the development of this paradigm, and a concept of equilibrium proposed by Augustin Cournot in 1838 turned out to be invaluable. A profile of actions of all the agents

constitutes a Cournot equilibrium if each action is a best response to the rest: no one can unilaterally improve his position (subject to the constraints in the context). However, a Cournot equilibrium is not necessarily Pareto efficient.

Even when competition is not perfect, market forces can deliver harsh judgments on poor products or out-of-date technologies. History is replete with examples of extinct firms that were giants in their days of glory. But how fast the markets can separate the goats from the sheep is an elusive issue.

Seasoned policy makers cannot wait till the model-builders complete their details. They tell us that it is convenient to combine the worst elements of two systems: justify your million dollar bonuses as the rewards from a capitalistic system, and turn to the socialist state to bail you out, when the market has exposed your real diminished stature, or a criminal activity. The decisions on intervention are really questions of “when”, “in which way” and “for how long”.

When the glass was shattered, the smoke came out of the hospital rooms. We heard few cries for “help”: that silence was chilling. We saw the brave neighborhood boys willing to jump into fire, we heard about the angels from Kerala, who saved some lives before giving their own. As we pause and wonder, don’t we also see the worst of market failures and regulatory lapses? When will the next calamity come? No one knows. But it may well involve a state-run enterprise, and, then, will there be a serious, dignified search for accountability?

* In writing this article I have borrowed from *Uncertainty and General Equilibrium* by Roy Radner and myself in *The New Palgrave* (2nd edition, Palgrave Macmillan, London,

2008, 432-451). I also wish to acknowledge hours of dinner-table-tutoring by Leonid Hurwicz, with whom I explored problems of decentralization over time. I received valuable comments on a

first draft from many colleagues, but do recognize that the present version does not quite meet all their justifiable concerns.

Alumnus (Economics/1960-64)

মসূয়া থেকে সুকিয়া

নারায়ণ চন্দ্র ভট্টাচার্য

উপেন্দ্রকিশোরের জন্ম হয়েছিল আজ থেকে ঠিক দেড়শো বছর আগে পূর্ববঙ্গে (এখনকার বাংলাদেশ); ময়মনসিংহ জেলায় মসূয়া নামক গ্রামে, এই গ্রামটা হল কলকাতা থেকে অনেক দূরে, নদীনালায় ভরা, আম-কাঁঠালের বনে ঢাকা, শ্যামল সবুজ একটা গ্রাম। কলকাতা থেকে সেখানে যেতে লাগতো তিন দিন, রেল, ষ্টিমারে, নৌকা আর হাতিতে চড়ে। লোকে তার নাম দিয়েছিল বড় মসূয়া, আদি মসূয়া ব্রহ্মপুত্রের বাণের জলে ভেসে গেলে পরে সেখানকার কায়স্থ বাসিন্দারা কিছুটা দূরে উঁচু জায়গা দেখে বড় মসূয়ার পত্তন করেছিলেন। যেদিকে তাকানো যায় ফল ফুলের ঘন বন, মাছে ভরা বড় বড় পুকুর, ছিপছিপে বাঁশ ঝাড়গুলো আকাশে যেন পাতার জালি কেটে রাখতো, বর্ষাকালে চারিদিকে নদীনালা, জলে টই টুসুর।

আর এপারে হল বাইশ নম্বর সুকিয়া ষ্ট্রীটের বাড়ী উত্তর কলকাতায়, এখানে ছিল ইউ রায় এন্ড সন্সের ছাপাখানা আর উপর তলায় উপেন্দ্রকিশোরের বাস।

আজ থেকে ঠিক একশো বছর আগে ১৯১৩ সালে এপ্রিল মাসে একদিন সন্ধ্যা বেলায় ‘সন্দেশ’ পত্রিকার প্রথম সংখ্যাটি হাতে নিয়ে উপেন্দ্রকিশোর বাইশ নম্বর সুকিয়া ষ্ট্রীটের সিঁড়ি বেয়ে উপরে উঠে বসবার ঘরের দরজায় হাসিমুখে দাঁড়ালেন। অমনি ঘরময় একটা আনন্দের সাড়া পড়ে গেলো। সন্দেশ এর প্রকাশ শিশু সাহিত্য জগতে একটা নতুন দিনের সূচনা করলো। হঠাৎ আলোর ঝলকানিতে বাংলার শিশুসাহিত্য সমস্ত দৈন্যদশা দূরে ঠেলে সমৃদ্ধিশালী হয়ে উঠলো। বাস্তবিক ঐ প্রথম সংখ্যার ‘সন্দেশ’

খানি, পৃথিবীর যে কোনো দেশের শ্রেষ্ঠ শিশু-মাসিক পত্রিকার পাশে আসন পাবার যোগ্য, যেমন তার গল্প, কবিতা, তেমনি তার ছবি, কাগজ, ছাপা ও মলাট।

তার পর একশো বছর কেটে গেছে, বাংলাদেশে আর কোনও ছোটোদের পত্রিকা অমন মনোহর রূপ নিয়ে দেখা দিল না। নামকরণ যেমন চমৎকার, স্বাদেও তেমনি মিষ্টি মধুর। সন্দেশ মানে খবর আর ‘সন্দেশ’ নামে মিষ্টিও, হাজার রকম রূপ আর স্বাদ।

‘সন্দেশের’ তখনকার লেখকদের নামেই তার পরিচয় পাওয়া যায়। রবীন্দ্রনাথ ঠাকুর, অবনীন্দ্রনাথ ঠাকুর, জগদীশচন্দ্র বসু, যোগীন্দ্রনাথ সরকার, প্রিয়স্বদা দেবী, রামানন্দ চট্টোপাধ্যায়, কুমুদরঞ্জন মল্লিক আরও কত কে, সবাই সন্দেশ কার্যালয়ে ভেঙ্গে পড়লেন, চাঁদের হাট বসে গেল। প্রদীপের আলো জ্বালানোর আগে যেমন শলতে পাকাতে হয়, তেমনি সন্দেশের গল্প বলতে গেলে, আগে উপেন্দ্রকিশোরের কথা বলতে হয়। কে এই উপেন্দ্রকিশোর, কি তার পরিচয়?

উপেন্দ্রকিশোরের পিতৃদত্ত নাম হ’লো কামদারঞ্জন, এঁরা পাঁচভাই সারদারঞ্জন, কামদারঞ্জন, মুক্তিদারঞ্জন, কুলদারঞ্জন ও প্রমদারঞ্জন। এঁরা অল্পবিস্তর সবাই ছোটোদের জন্য সন্দেশে লিখেছেন। প্রমদারঞ্জন জরিপের কাজে বহু বনে জঙ্গলে ঘুরেছেন, লিখেছেন ‘বনের খবর’। এঁর কন্যা লীলা মজুমদার সাহিত্যজগতে নিজ-নামে সুপ্রসিদ্ধ আর কুলদারঞ্জনের লেখা তালবেতালের গল্প, ছেলেদের বত্রিশ সিংহাসন, *মিস্টারিয়াস আইল্যান্ডের* অনুবাদ ‘আশ্চর্যদ্বীপ’ আমরা সবাই ছেলেবেলায় পড়েছি। উপেন্দ্রকিশোরের নাতি জগদ্বিখ্যাত সত্যজিৎ রায় একে ‘ধনদাদু’

বলে ডাকতেন। সারদারঞ্জনের ক্রিকেট-প্রীতি ও পারদর্শিতা অতুলনীয়, ভারতবর্ষে-ক্রিকেটের পথিকৃৎ হিসাবে অনেকেই ডব্লিউ. জি. গ্রেস-এর সাথে তাঁর মিল খুঁজে পায়।

মুনশি শ্যামসুন্দর বা কালীনাথের দ্বিতীয়পুত্র কামদারঞ্জনকে পাঁচ বছর বয়সে কালীনাথের প্রতিবেশী এক দূর সম্পর্কের ভাই হরিকিশোর রায়চৌধুরী দত্তক নেন। এই দত্তক ছেলোটি ভবিষ্যতে উপেন্দ্রকিশোর রায়চৌধুরী নামে জগদ্বিখ্যাত হন। কামদারঞ্জনের পালকপিতা হরিকিশোর কালীনাথের তুলনায় প্রচুর বিত্তশালী ছিলেন। উপার্জিত অর্থে ভূ-সম্পত্তি কিনে ‘রায়চৌধুরী’ উপাধি নেন। ফলে উপেন্দ্রকিশোরের কৈশোর কাটে প্রাচুর্যের মধ্যে। উপেন্দ্রকিশোরকে দত্তক নেওয়ার দু বছর বাদে হরিকিশোরের নিজের ছেলে নরেন্দ্রকিশোরের জন্ম হয়। দুই ভাইতে সম্পর্ক খুবই মধুর ছিল এবং উপেন্দ্রকিশোর পরবর্তী জীবনে তাঁর সম্পত্তির অংশ নরেন্দ্রকিশোরের তত্ত্বাবধানে রেখে নিশ্চিন্তে কলকাতায় আসতে পেরেছিলেন।

উপেন্দ্রকিশোরের জীবনে আর একটি উল্লেখযোগ্য ঘটনা হ’ল, কোলকাতায় এসে ব্রাহ্ম ধর্ম গ্রহণ। যদিও এই কাজ তাঁর পরিবারে দুঃখের কারণ হয়েছিল।

উপেন্দ্রকিশোর ও বিধুমুখীর প্রথম ছেলে সুকুমার রায়, আর সুকুমার-সুপ্রভার একমাত্র ছেলে বিশ্ববিখ্যাত সত্যজিৎ রায়। এখানে বিশেষ ভাবে উল্লেখ করতে হয় যে এঁরা তিন প্রজন্মই প্রেসিডেন্সি কলেজে পড়েছেন। এরকম তিন হীরের টুকরো ছেলে আর কখনও প্রেসিডেন্সি কলেজে আসেনি। এঁরা তিনজনেই ভিন্ন ভিন্ন সময়ে ‘সন্দেশের’ হাল ধরেন, আজ সন্দেশকে একশো বছর বয়সে পার করেছেন।

কথায় কথায় সময়ের ক্যালেন্ডারে অনেক দূরে চলে এসেছি, তাই আবার ১৮৮০ সালে ফিরে আসি, মসূয়া থেকে এন্ট্রান্স পাশ করে উপেন্দ্রকিশোর ১৮৮০ সালে প্রেসিডেন্সি কলেজে আই.এ. ক্লাসে ভর্তি হন। তখন তাঁর অন্যতম সহপাঠী ছিলেন আশুতোষ মুখোপাধ্যায়। ১৮৮৪ সালে সসম্মানে বি.এ. পাশ করেন মেট্রোপলিটান কলেজ থেকে।

কলকাতায় এসে উপেন্দ্রকিশোর গুটিকতক স্বাধীনচেতা মানুষের সঙ্গে সহজভাবে মিশবার সুযোগ পেলেন। এঁদের মধ্যে একজন ছিলেন দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়, বয়সে উপেন্দ্রকিশোরের চেয়ে অনেকটা বড়, অদ্ভুত তেজস্বীপুরুষ, ওঁর মতো দেশপ্রেমিক সেকালেও কম দেখা যেত, দেশটাকে স্বাধীন করতে হ’লে যে স্ত্রী-শিক্ষার কত দরকার সেটা মনেপ্রাণে বুঝে সারাজীবন স্ত্রীশিক্ষা ও স্ত্রী-স্বাধীনতার জন্য লড়াই করে গেছেন। তেইশ বছর বয়সে উপেন্দ্রকিশোর দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়ের প্রথমা কন্যা বিধুমুখীকে ব্রাহ্মমতে বিয়ে করেন।

ব্রাহ্মমতে বিয়ের পর ব্রাহ্মসমাজের মন্দিরের পাশে তেরোনম্বর কর্ণওয়ালিশ স্ট্রীটের বিশাল লালবাড়ীটার দোতলার একঅংশ ভাড়া নিয়ে উপেন্দ্রকিশোর সংসার পাতালেন। এর মধ্যে এন্ট্রান্স পাশ করে তৃতীয় ভাই মুক্তিদারজ্ঞন ও কলকাতায় এসে সারদারজ্ঞনের বাড়ীতে ওঠেন। এখান থেকেই মেট্রোপলিটান কলেজে (এখনকার বিদ্যাসাগর কলেজ) ভর্তি হলেন। থাকতেন বড়দার বাড়ীতে, কিন্তু মেজদার বাড়ীতে ঘনঘন যাতায়াত চলত। দেখতে দেখতে চতুর্থ-ভাই ‘কুলদারজ্ঞন ও ছোট ভাই প্রমদারজ্ঞন ও পড়াশোনার জন্য কলকাতায় চলে এলেন। ছোট বোন মৃণালিনীর স্বামী হেমেন্দ্রমোহন বসু (বিজ্ঞানী জগদীশচন্দ্র বসুর ভাইপো) কুন্তলীন তেল ও ‘দেলখোস’ এসেন্স আবিষ্কার করে ঘরে ঘরে একটা প্রবাদের মতো হয়ে দাড়িয়েছেন। তাঁর কুন্তলীন তেলের বিজ্ঞাপনে ছড়া ছিল (সত্যজিৎ রায়: *যখন ছোটো ছিলাম*),

“কেশে মাখো কুন্তলীন
রুমালেও দেলখোস
পানে খাও তাম্বুলীন
ধন্য হোক এইচ. বোস।”

তেরো নম্বর বাড়ীটা রায়দের কলকাতা বাসের প্রাণকেন্দ্র ছিল। উপেন্দ্রকিশোর যে অংশে থাকতেন ভেতর দিকে একটা চওড়া বারান্দা ছিল, রোজ সন্ধ্যাবেলায় যেখানে গান, কবিতা ও গল্প বলার আসর জমে যেতো। কয়েক বছরের মধ্যে উপেন্দ্রকিশোর, বিধুমুখীর

তিন-চারটি ছেলেমেয়ে হ’ল। বড় মেয়ে সুখলতা, ‘এখন সবাই তাকে সুখলতা রাও নামেই চেনে’। দেশবিদেশের গল্প সংগ্রহ করে বাংলার ছেলেমেয়েদের উপহার দিয়েছেন। তার পরে ছিলেন সুকুমার, যার বিষয়ে বলে শেষ করা যায় না। রসের আর কৌতুকের চাবিকাঠি হাতে করে নিয়ে তিনি জন্মেছিলেন, কিন্তু মাত্র ছত্রিশবছর বয়সে কালাজ্বরের আক্রমণে তিনি পরলোক যাত্রা করেন।

তাঁর লেখা ‘*আবোলতাবোল*’ ‘*হযবরল*’, ‘*পাগলাদাশু*’ ‘*হেঁসোরাম হুশিয়ারের ডাইরী*’ ‘*লক্ষ্মণের শক্তিশেল*’ এবং আরো কত মজার বই বাংলার ছোট ছেলেমেয়েদের

আর এপারে হল বাইশ নম্বর সুকিয়া স্ট্রীটের বাড়ী উত্তর কলকাতায়, এখানে ছিল ইউ. রায় এন্ড সন্দের ছাপাখানা আর উপরতলায় উপেন্দ্রকিশোরের বাস

আনন্দের ‘সন্দেশ’র হাঁড়ি হয়ে, চিরকাল থাকবে। এঁর কথা পরে আরো বিশদভাবে আলোচনা করবো। সুকুমারের পরের মেয়ের নাম পুণ্যলতা, তিনিও চমৎকার গল্প বলতে ও লিখতে পারতেন, তাঁর লেখা ‘*ছেলেবেলার দিনগুলি*’ সেই সময়কার জলছবি ধরে রেখেছে। পুণ্যলতার পরে ছিলেন সুবিনয়, তাঁর বৈজ্ঞানিক গল্প আর প্রবন্ধ ছেলেমেয়েদের কাছে খুবই জনপ্রিয় ছিল। সুকুমারের অকস্মাৎ মৃত্যুর পর তিনি দু বছর সন্দেশের হাল ধরেছিলেন। সবার ছোট মেয়ে শান্তিলতা ও ছেলে সুবিমল তাঁরাও চমৎকার গল্প আর ছড়া লিখে গেছেন। আজকালকার অনেক বাঙালী ছেলেমেয়ে উপেন্দ্রকিশোরের নামই জানেন না, কিন্তু হয়তো জানে ‘আবোল তাবোল’ রচয়িতা সুকুমার রায়ের বাবা অথবা বিশ্ববিখ্যাত চিত্রনির্মাতা সত্যজিৎ রায়ের ঠাকুরদাদা বলে।

রবীন্দ্রনাথ ছিলেন উপেন্দ্রকিশোরের থেকে মাত্র দু বছর বড়ো। একই ধরনের সাধ-আহ্লাদ থাকলে যা হয় দুজনের মধ্যে একটা গভীর বন্ধুত্ব সৃষ্টি হল। মাঘোৎসবের সময় দেখা যেত উপেন্দ্রকিশোর বেহালা নিয়ে জোড়াসাঁকোর দিকে চলেছেন, গানের

সংগে বেহালা বাজাবেন। এই সম্পর্কের জেরে, উপেন্দ্রকিশোরের মৃত্যুর পর সুকুমারকে রবীন্দ্রনাথ পুত্রবৎ স্নেহ করতেন।

ঠাকুর পরিবারে আরও একটা বোঁক ছিল, শিশু সাহিত্য। ঠাকুরবাড়ী থেকে প্রকাশিত ‘বালক’ পত্রিকা, রবীন্দ্রনাথের বৌদি জ্ঞানদানন্দিনী দেবী অনেকদিন তার সম্পাদনা করেছেন, তরুণ রবীন্দ্রনাথ তাতে লিখতেন। ‘মুকুল’ নামে আরও একটি পত্রিকা শিবনাথ শাস্ত্রী বার করেছিলেন। তাছাড়া ‘সখা’ ছিল, ‘সাথী’ও ছিল, আবার দুটি মিলে গিয়ে ‘সখা ও সাথী’ একটি পত্রিকা হয়েছিল। কিন্তু ছাপা বা ছবির দিক দিয়ে কোনওটাই ছেলেবুড়োদের

কাছে খুব চিত্তাকর্ষক ছিল না। ছোটদের জন্য লেখা বই যে আবার সুন্দর করে প্রকাশ করা যায়, সে কথা তখন আমাদের দেশে কেউ জানতেন না।

কেউ না জানলেও উপেন্দ্রকিশোর জানতেন। তিনি জানতেন যে আমাদের দেশের ছেলেমেয়েদের জন্যেও সুন্দর ছবিতে ভরা, মনোহর বই তৈরী করা সম্ভব। কে জানে, তখনই হয়ত সংকল্প ছিল মনে মনে যে তাঁর হাত দিয়েই একাজ সম্পন্ন হবে।

এক জায়গায় বন্ধ থাকা উপেন্দ্রকিশোরের স্বভাব ছিল না, ছুটি হলেই সপরিবারে গিরিডি, চুগার, পুরী, দার্জিলিং প্রভৃতি জায়গায় বেড়াতে যেতেন, সেখানকার সব কথা তাঁর ছেলেমেয়েদের আনন্দের স্মৃতি হয়ে তাদের লেখায় ফুটে উঠতো। ১৮৯৫ সালের মধ্যে ছাপার কাজ, ছবি ও এনগ্রেভ করা সম্বন্ধে তাঁর এতখানি দক্ষতা ও নিজের উপর বিশ্বাস জন্মেছিল যে তিনি সাহস করে নিজের টাকায় বিলেত থেকে যন্ত্রপাতি আনিয়া নিজের ছাপাখানা শুরু করলেন। এইভাবে সেকালে বিখ্যাত ইউ রায় এন্ড সন্দের ছাপাখানার

গোড়াপত্তন হল। এখানে বলতেই হবে যে জমিদার বংশে দত্তকপুত্র হওয়ার ফলে আর্থিক দিক দিয়ে অসুবিধায় পড়েননি।

এই ছাপাখানার বিশেষত্ব হল, এখানে হাফটোন ব্লক প্রিন্টিং এর কাজ হত। ভারতবর্ষে তখন আর কেউ এ বিষয়ে জানতো না, এ দেশে ছাপা বই এর কোয়ালিটি ভালো হত না। উপেন্দ্রকিশোরের প্রথম বই এর নাম ‘*ছেলেদের রামায়ণ*’, উপেন্দ্রকিশোর নিজের হাতে এর চমৎকার ছবি আঁকলেন, তখনো নিজের ছাপাখানা তৈরী হয় নি। এক জায়গায় বই ছাপতে দেওয়া হল, তারা ব্লক তৈরী করতে গিয়ে সব ছবি খারাপ করে ফেলল, উপেন্দ্রকিশোরের খুব দুঃখ হল।

ঐ প্রথম সংখ্যার ‘সন্দেশ’খানি, পৃথিবীর যে কোনো দেশের শ্রেষ্ঠ শিশু-মাসিক পত্রিকার পাশে আসন পাবার যোগ্য, যেমন তার গল্প, কবিতা, তেমনি তার ছবি, কাগজ, ছাপা ও মলাট

এরপর আর কোনও বইতে এমনটি হয়নি, কারণ সব ছবি তাঁর নিজের প্রেসে, তাঁর পদ্ধতিতে ছাপা হয়েছে। তেরো নম্বর বাড়ীতে যন্ত্রপাতি বসিয়ে ছাপাখানা তৈরীর জায়গা ছিল না। উপেন্দ্রকিশোরকে অন্য বাড়ী দেখে উঠে যেতে হল, গেলেন কাছেই শিবনারায়ণ দাস লেনে। প্রথমে বিলাতী ছাপার কৌশলটা শিখলেন তারপর তাকে উন্নত করার পরীক্ষায় নামলেন এবং সফল হয়ে বিলেতের পত্রিকা ‘পেনরোজ এনুয়েলে’ এই বিষয় জ্ঞানগর্ভ প্রবন্ধ লিখতে আরম্ভ করলেন। হাফ টোন ছাপার কাজেও উন্নতি ঘটালেন এবং সে খবরে বিলেতের ছাপাখানা মহলে সাড়া পড়ে গেলো। কলকাতায় এসে ভাড়াবাড়ীতে সামান্য উপকরণ দিয়ে, নিজের পত্রিকা ও ভরসার বলে মাত্র বত্রিশ বছর বয়সে ভারতবর্ষে একজন ছেলে এতখানি সাফল্য লাভ করেছে, এটা বোধ হয় বিলেতে কেউ চিন্তা করতে পারে নি। দিনে দিনে ছাপাখানার উন্নতি ঘটলো। এবাড়িতেও আর জায়গায় কুলোয় না, এখন আরো বড় বাড়ী দেখে আবার উঠে যেতে হল।

এই হল বাইশ নম্বর সুকিয়া স্ট্রীটের বাড়ি।

১৯০০ সাল থেকে বাইশ নম্বর সুকিয়া স্ট্রীটের বাড়ীতে ইউ রায় এন্ড সন্দের ছাপাখানা আর উপরতলায় তাঁর বাসা এই ব্যবস্থা অনেক বছর চালু ছিল। একে একে ছেলেদের রামায়ণ ছোটদের মহাভারত, মহাভারতের গল্প, টুনটুনির বই ইত্যাদি ছেপে বের হল।

কি না থাকতো সন্দেশে? পুরাতত্ত্বের সঙ্গে নতুন আবিষ্কার, জীবনী, ভ্রমণকাহিনী, পৌরাণিক গল্প, দেশ বিদেশ থেকে সংগ্রহ করা নাটক। কবিতা, গান, গল্প, হাসিতামাসা, ধাঁধা কিছুই বাদ যেতো না, তার পর সুকুমার যখন বিলেত থেকে ফিরে সন্দেশ পরিচালনার খানিকটা ভার নিলেন, তখন এসবের সঙ্গে যে অভূতপূর্ব সরসতার সমাবেশ হল কথায় তাকে বোঝানো

যাবে না। একবার ছবি আঁকার প্রতিযোগিতায় স্বয়ং অবনীন্দ্রনাথও যোগ দিলেন।

এরপর উপেন্দ্রকিশোর ১৯১৪ সালে গড়পার রোডে নিজেদের মস্ত তিন তলার বাড়ীতে উঠে এলেন। কিন্তু ইতিমধ্যে তিনি দুরারোগ্য ডায়ারেটিস রোগ আক্রান্ত হয়েছেন, প্রথম মহাযুদ্ধের সময়, বিলেত থেকে সময়মতো ওষুধ আনাও বন্ধ হয়ে গেলো মাত্র তিনগ্নাম বছর বয়সে উপেন্দ্রকিশোর মারা গেলেন। তখন সুকুমারের বয়স আঠাশ। দিনটি ছিল ১৯১৫ সালের বিশে ডিসেম্বর।

আজ থেকে ঠিক একশো পঁচিশ বছর আগে, ১৮৮৭ সালের ৩০শে অক্টোবর সুকুমার রায় জন্মগ্রহণ করেন। ঐ সময় উপেন্দ্রকিশোরের বাড়ী ছিল ১৩ নং কর্নওয়ালিশ স্ট্রীটে, লাহাদের বাড়ী, সুকুমার প্রথমে ব্রাহ্ম বালিকা বিদ্যালয়ে ভর্তি হন। পরে সিটি স্কুল থেকে এন্ট্রান্স পরীক্ষা পাশ করে ১৯০২ সালে প্রেসিডেন্সিতে ভর্তি হন। প্রেসিডেন্সি কলেজে (১৯০২-১৯০৬) পড়ার সময় তিনি আচার্য জগদীশ চন্দ্র বসু ও আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের কাছে পদার্থবিদ্যা ও রসায়ন শাস্ত্রের পাঠ নেন

এবং এই শিক্ষা যে তাঁকে ভবিষ্যতে বৈজ্ঞানিক পরীক্ষা নিরীক্ষার কাজে মনোনিবেশ সাহায্য করেছিলো তা বলাই বাহুল্য। আট বছর বয়সে তাঁর লেখা ‘নদী’ কবিতা শিবনাথ শাস্ত্রী সম্পাদিত ‘মুকুল’ পত্রিকায় (মে-জুন ১৮৯৬) ছাপা হয়েছিল তখনই তাঁর প্রতিভার স্ফুরণ হয়েছিল। কেমিস্ট্রি ও ফিজি স্ট্রি ডাবল অনার্স নিয়ে পাশ করে সুকুমার প্রিন্টিং টেকনোলজিতে উচ্চ শিক্ষা লাভের জন্য বিলেত যান ১৯১১ সালে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের গুরুপ্রসন্ন ট্রাভেলিং ফেলোশিপ পাওয়ায়, তাঁর বিলেতে যাওয়া অনেক সহজ হয়ে যায়। এর আগেই ১৯১০ সালে ইউ রায় আর্টিস্ট ‘ইউ রায় এন্ড সন্স’ নামে রূপান্তরিত হল। পূর্বব্যবস্থা অনুযায়ী লন্ডনে এক বছর শিক্ষালাভের পর ম্যাঞ্চেস্টার মিউনিসিপ্যাল স্কুল অব টেকনোলজিতে লিথোগ্রাফিতে শিক্ষা লাভ করেন।

বিলেতে গিয়ে ফটোগ্রাফি আর ছাপার কাজ শেখা ছাড়া আরেকটা বড়ো লাভ হল রবীন্দ্রনাথের সঙ্গে ঘনিষ্ঠতা। পিতৃবন্ধু হিসেবে রবীন্দ্রনাথকে চিনতেন আকৈশোর। বিলেত যাবার আগে শান্তিনিকেতনে গিয়েছিলেন ১৯১১ সালে রবীন্দ্রনাথের পঞ্চাশতম জন্মদিন পালন উপলক্ষে। সুকুমারের লন্ডন বাসের আট মাসের মধ্যে রবীন্দ্রনাথ লন্ডনে পৌঁছলেন, তখন প্রবাসে দুজনের মধ্যে যোগাযোগ আরও নিবিড় হলো। ১৯১১ সালে লন্ডনের বিখ্যাত East West Society-তে *The Spirit of Rabindranath* শীর্ষক প্রবন্ধ পাঠ করেন, যেটি পরে বিখ্যাত Quest পত্রিকায় ছাপা হয়েছিল। বলাই বাহুল্য Rothenstein, Pearson, Quest সম্পাদক Mead, Sir Edwin Arnold, আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এবং স্বয়ং রবীন্দ্রনাথ, সুকুমারের এই রবীন্দ্রশ্রদ্ধাঞ্জলির সপ্রশংস স্বীকৃতি দিয়েছিলেন। সুকুমার আমৃত্যু রবীন্দ্র সংস্পর্শে ছিলেন, শান্তিনিকেতনে গিয়ে অভিনয় করেছেন, গান গেয়েছেন। রবীন্দ্র স্নেহের নিবিড়তায় তাঁর মৃত্যু পথযাত্রা আলোকিত হয়েছে।

এত নিকটে থেকেও সুকুমার রবীন্দ্র প্রতিভার দ্বারা প্রভাবিত হননি। বরঞ্চ রবীন্দ্রনাথ শেষ বয়সে সুকুমারের প্রবাহ এনে ‘সে’

ও ‘খাপছাড়ার’ মত বই লিখেছেন। সুকুমার যখন লিখছেন “টকটক থাকে না কো হ’লে পরে বৃষ্টি/তখন দেখেছি চেখে একেবারে মিষ্টি”; তখন রবীন্দ্রনাথ লিখলেন “নুন দিয়ে তারা ছাঁচি পান সাজে/চুন দেয় তারা ডালনায়”! রবীন্দ্রনাথ সুকুমার রায়ের পাগলা দাশুর ভূমিকায় লিখেছেন:

‘সুকুমারের লেখনী থেকে যে অবিমিশ্র হাস্য রসের উৎসধারা বাংলা সাহিত্যকে অভিষিক্ত করেছে তা অতুলনীয়। বঙ্গ সাহিত্যে ব্যঙ্গ রসিকতার উৎকৃষ্ট দৃষ্টান্ত আরো কয়েকটি দেখা গেছে কিন্তু সুকুমারের হাস্যোচ্ছ্বাসের বিশেষত্ব তাঁর প্রতিভার যে স্বকীয়তার পরিচয় দিয়েছে, তার ঠিক সমশ্রেণীর রচনা দেখা যায় না।’ এখানে বলা দরকার, মৃত্যুশয্যায় তিনি ‘আবোল তাবোলের’ জন্য কবিতা নির্বাচন করে তাকে পরিমার্জিত করে, বিভিন্ন কবিতার ছবিগুলো একে বই হিসেবে ছাপাবার জন্য প্রস্তুত করে রাখেন। তার মৃত্যুর পরই ‘আবোল তাবোল’ ‘হযবরল’ ‘পাগলা দাশু’, ‘বহুর্দপী’ জীবজন্তু ও ঝালাপালা ছাপার অঙ্করে প্রকাশিত হয়। সুকুমার রায়ের সাহিত্যে বৈশিষ্ট্য হল তার হাস্যরস। তাঁর এই হাস্যরস সমাজের মানুষগুলোর থেকেই নেওয়া। তাঁর সৃষ্ট চরিত্রগুলো, রামগরুড়ের ছানা, বকচ্ছপ, হাঁসজারু, খুড়োর কল, বাংলা ভাষায় প্রবাদ বাক্য হয়ে দাঁড়িয়েছে। এই চরিত্রগুলো এতই জীবন্ত যে তাদের কষ্ট করে খুঁজে বার করতে হয়না, যেমন খুঁজে বার করতে হয় না “নেড়া যায় বেলতলাতে, কিন্তু প্রশ্ন, ক’বার যায়?” গৌফ চুরিতে, গৌফের আমি, গৌফের তুমি গৌফ দিয়ে যায় চেনা, সংপাত্রে গঙ্গারাম ইত্যাদি। বাংলাভাষায় আর কোনও কবির চরিত্রগুলো এইভাবে প্রবাদ বাক্য হয়েছে, তা আমাদের জানা নেই। তাঁর আঁকা ছবিগুলো বাদ দিলে ছড়ার অর্ধেক রসই বাদ চলে যায়, তাই সুকুমার সাহিত্যে ছবি ও ছড়া পরস্পরের পরিপূরক তার থেকেই ছেলে বুড়ো সবাই বয়স ভুলে হাসতে পারে। “সাত দুগুণে ১৪র ৪ হাতে থাকলো পেন্সিল,” এরকম নির্মল হাস্যরস তৈরী একমাত্র সুকুমারের পক্ষেই সম্ভব। সুকুমারের লেখা কবিতাগুলো যদি হতো অন্য কারো আর কবিতার ছবিগুলো সুকুমারের তাহলেও আমাদের চিনে নিতে

অসুবিধে হতো না এক পরাক্রমশালী শিল্পীকে। লাল গানে নীল সুর বসিয়ে তিনি যত বড়ো কবি, ততখানিই বড়োমাপের শিল্পী হাতি আর তিমিকে ব্যাকরণ না মানার সন্ধিতে মিলিয়ে।

যে পত্রিকায় প্রবন্ধ লিখে উপেন্দ্রকিশোর আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন সুকুমার বিলেতে যাবার সময় সেই পেনরোজ পিকটোরিয়াল এনুয়ালে প্রবন্ধ লেখেন আর মৃত্যুর এক বছর আগে রয়েল ফটোগ্রাফিক সোসাইটির ফেলো নির্বাচিত হন। তাঁর বিলেতে থাকাকালীন সময়ে উপেন্দ্রকিশোর ১৯১৬ সালে সন্দেশ পত্রিকা শুরু করেন, আর ঐ বছর তিনি সেপ্টেম্বর মাসে দেশে ফেরেন রবীন্দ্রনাথের সাথে একই জাহাজে।

রবীন্দ্রনাথ ছিলেন উপেন্দ্রকিশোরের থেকে মাত্র দু বছর বড়ো। একই ধরনের সাধ-আহ্লাদ থাকলে যা হয় দুজনের মধ্যে একটা গভীর বন্ধুত্ব সৃষ্টি হল

১৯১৬ সালেই ‘সন্দেশ’ পত্রিকায় প্রথম বছরে তাঁর কবিতা ছাপা হয়। কবিতা ছাড়া কিছু বিদেশী গল্পের ভাবানুবাদ করেন। সেগুলিও সন্দেশে প্রকাশিত হয়।

আবোল তাবোলের কবিতাগুলো সন্দেশ-এ প্রকাশ শুরু হয় উপেন্দ্রকিশোরের মৃত্যুর পর, যখন সুকুমার স্বয়ং ‘সন্দেশ’ পরিচালনার ভার নিয়েছেন। বিলেত থেকে ফিরে আসার দু বছরের মধ্যে প্রতিষ্ঠিত ‘মন্ডে ক্লাব’। এর আগে তিনি তৈরী করেছিলেন ননসেন্স ক্লাব আর মুখপত্র “সাড়ে বত্রিশ ভাজা”। পুণ্যলতা জানাচ্ছেন “এখন যেমন রাস্তায় নানা সুরে শোনা যায় চানচুর গরম। আমরা ছেলেবেলায় শুনতাম সাড়ে বত্রিশ ভা-জা। বত্রিশ রকমের ভাজাভুজি এবং মশলা নাকি ভরা থাকতো। তার উপরে আধখানা ভাজা লংকা বসানো তাই সাড়ে বত্রিশ।”

অবশেষে কালাজ্বরের আক্রমণ হল ১৯২০-২১ সালে। দুরারোগ্য রোগ তখন এদেশে কেন কোথাও এর ওষুধ বের হয় নি। ক্রমেই তাঁর শরীর খারাপ হয়ে পড়ছে, তিনি বুঝতে পারছেন, তাই হাতের কাজকর্ম সব শেষ

করে রাখতে চাইছেন। জুলাই-আগষ্ট মাসে শেষ কবিতাটির পাণ্ডুলিপিও সংশোধন করে দিয়েছেন।

আলোয় ঢাকা অন্ধকার
ঘন্টাবাজে গন্ধে তার
মক্ষীরানী পক্ষিরাজ
দসি়া ছেলে লক্ষ্মী আজ।
আদিমকালের চাঁদমি হিম
তোড়ায় বাঁধা ঘোড়ার ডিম।”

অবশেষে ১৯২৩ সালের ১৯শে সেপ্টেম্বর ঘনিয়ে এল ঘুমের ঘোর’। স্ত্রী সুপ্রভা আর একমাত্র ছেলে দু বছরের সত্যজিৎকে রেখে তিনি মাত্র ছত্রিশ বছর বয়সে প্রয়াত হন।

থেকে মাত্র দু বছর বড়ো। একই দুজনের মধ্যে একটা গভীর বন্ধুত্ব

মৃত্যুর আগে মুহূর্তে স্ত্রীকে বলেছেন “টুলু প্রস্তুত হও, এইবার বেরিয়ে পড়ি।” এই ছিল তাঁর শেষ কথা।

সুকুমারের মৃত্যুর পর আরও দু বছর ‘সন্দেশ’ পত্রিকা চালিয়েছেন সুবিনয় রায়। অবশেষে ১৯২৫ সালে ‘সন্দেশ’ পত্রিকা বন্ধ হয়ে যায়। এই হল ‘সন্দেশের’ প্রথম পর্ব। সত্যজিৎ রায় ‘যখন ছোট ছিলাম’ বইতে লিখেছেন “বাবা মারা যাওয়ার পরে ছাপাখানার তদারক কাকামণি (সুবিনয় রায়) করতেন। জার্মানির থেকে তখন কাগজের নমুনা বই আসতো আমাদের অফিসে। কাকামণির ঘরে গেলে এরকম একটা কাগজের বই আমাকে দিয়ে বলতেন, দেখতো এর মধ্যে কোনটা চলবে? আমার ধারণা ছিল আমার বাছাই করা কাগজ আসবে জার্মানী থেকে। ‘সন্দেশ’ পত্রিকা বন্ধ হবার কিছু দিন পরেই যে ইউ রায় এন্ড সন্সের ব্যবসা কেন উঠে গেলো সেটা অত ছেলে বয়সে আমি জানতেই পারিনি। শুধু শুনলাম মা একদিন বললেন আমাদের এ বাড়ী ছেড়ে চলে যেতে হবে। গড়পার ছেড়ে সেই সঙ্গে উত্তর কলকাতা ছেড়ে আমরা দুজনে

চলে এলাম ভবানীপুরে বকুল বাগান রোডে, আমার মামার বাড়ীতে। আমার বয়স তখন ছয়ের কাছাকাছি।

“বকুল বাগানে আমাদের বাড়ি থেকে পাঁচ মিনিটের হাঁটা পথ শ্যামানন্দ রোডে থাকতেন আমার মেজকাকা সুবিনয় রায়। এই কাকাই তখন একদিন নতুন করে বার করলেন ‘সন্দেশ’ পত্রিকা। টাটকা বেরোনোর সঙ্গে হাতে নিয়ে পড়ার অভিজ্ঞতা হল, এই দ্বিতীয় পর্বে।

মলাট তিন রঙা ছবি, হাতি দাঁড়িয়ে আছে দু পায়ে, শূঁড়ে ব্যালাল করা সন্দেশের হাঁড়ি। এই

তাঁর সৃষ্ট চরিত্রগুলো, রামগরুড়ের ছানা, বকচ্ছপ, হাঁসজারু, খুড়োর কল, বাংলা ভাষায় প্রবাদ বাক্য হয়ে দাঁড়িয়েছে

‘সন্দেশে’ ধারাবাহিকভাবে প্রথম সংখ্যা থেকে বেরোয় রবীন্দ্রনাথের ‘সে’। আর নিয়মিত গল্প লিখতেন লীলা মজুমদার। ওনার গল্পের সঙ্গে মজার ছবিগুলো উনি নিজেই আঁকতেন।”

সেই দ্বিতীয় পর্বের সন্দেশও একদিন বন্ধ হয়ে গেলো। এর পর ১৯৬১ সালে ৪০ বছর বয়সে সত্যজিৎ রায় বার করলেন সন্দেশের তৃতীয় পর্ব, সত্যজিৎ রায় ও সুভাষ মুখোপাধ্যায়ের তত্ত্বাবধানে। পরে সন্দেশের দায়িত্ব নিয়েছেন লীলা মজুমদার, নলিনীদাশ (পুণ্যলতার মেয়ে)। সন্দেশের এই তৃতীয় পর্বই এখন চলছে সন্দীপ রায়ের পরিচালনায়।

সত্যজিৎ রায়ের কথা দু চার পাতায় শেষ করা যাবে না। ওঁর কথা ভালোভাবে লিখতে গেলে একটা নতুন বই লেখা হয়ে যাবে। তাই যে কটা কথা না বললেই নয় এখানে তাই বলার চেষ্টা করব।

আশ্চর্যের কথা যে ‘সন্দেশে’ উপেন্দ্রকিশোর আর সুকুমার অল্প বয়স থেকেই লেখা শুরু করেছেন, সেই লেখার জগৎ থেকেই নিজেকে সরিয়ে রেখেছিলেন সত্যজিৎ রায় চল্লিশ বছর বয়স অবধি, তার পর একবার যখন শুরু হলো তখন আর থামতে চায় না তাঁর কলম। প্রথম সংখ্যার লেখাতেই পাপাঙ্গুল লিখে মাতিয়ে

দিলেন। এ যেন ভিনি ভিডি ভিসি – তিনি এলেন এবং শিশু সাহিত্যের জগতকে সোনার কাঠি রূপোর কাঠি দিয়ে আবার জাগিয়ে তুললেন, এখানেও তাঁর অনবদ্য ছবিগুলো ‘সন্দেশের’ মুক্তার হারের মতো জ্বলজ্বল করতে লাগলো। প্রথম সংখ্যা থেকে তিনি অন্য লেখকদের গল্পেও ইলাস্ট্রেশন করতে লাগলেন ঠিক বাবার মতো। তাঁর সৃষ্ট প্রফেসার শঙ্কু ও ফেলুদা শিশু কিশোর বুড়ো সবার মধ্যেই এত জনপ্রিয় হল যে ভাষায় বোঝানো যাবে না, সেই ফেলুদার গল্প এখন সিনেমায় চলচ্চিত্রায়িত করে সন্দীপ রায় বাবার সৃষ্টিকে অমর করে রাখছেন, যে রকম সত্যজিৎ রায়

পারিপার্শ্বিক অবস্থা যে প্রতিভার উপর তেমন কোনও প্রভাব বিস্তার করতে পারে না, সত্যজিৎ রায়ের জীবন তার জ্বলন্ত উদাহরণ। সুকুমার যখন মারা গেছেন তখন সত্যজিৎ রায়ের বয়স দু-আড়াই হবে। অনেক কষ্টের মধ্যে তাকে মানুষ করেছেন তাঁর মা সুপ্রভা দেবী। অর্থ উপার্জনের জন্য স্কুলের মাস্টারীও করতে হয়েছে। সেই সত্যজিৎ চল্লিশ বছর বয়সে হঠাৎই কবিতা গল্প লিখতে শুরু করেন আর একাত্তর বছর বয়স অবধি তাঁর প্রতিভার স্ফূরণ হতে থাকে, আরও কিছুদিন বাঁচলে বাংলা সাহিত্য ও সিনেমাকে আরও কত রত্ন উপহার দিতেন তা আমাদের কল্পনার বাইরে। ১৯২১ সালে ২রা মে তাঁর জন্ম হয় আর মৃত্যু হয় ১৯৯২ সালের এপ্রিল মাসে। শেষ বয়সে অসুস্থ অবস্থায় তিনি ‘অস্কার’ পেয়েছেন আর ফ্রান্সের প্রেসিডেন্ট মিতেরাঁ কলকাতায় এসে তাঁকে “লিজেন দ্য অনার” সম্মানে ভূষিত করেছেন।

সত্যজিৎ রায় ১৯৩৬ সালে বালিগঞ্জ গভর্নমেন্ট স্কুল থেকে ম্যাট্রিক পাশ করে ১৯৪০ সালে প্রেসিডেন্সি কলেজ থেকে ইকনমিক্স অনার্স নিয়ে পাশ করেন। তখন ওঁর মায়ের আর্থিক অবস্থা খারাপ, তাই হয়তো মায়ের ইচ্ছা ছিল ইকনমিক্স পড়ে ছেলে একটা ভালো মাইনের চাকুরী করে, কিন্তু যা হবার তাই হবে। সত্যজিৎ রায় কিছু দিন কমার্শিয়াল আর্টিস্ট হিসাবে চাকরী করলেও ১৯৫৫ সালে চৌত্রিশ বছর বয়সে নিজের জগত খুঁজে নিলেন। চলচ্চিত্র পরিচালনার মধ্য দিয়ে, সিনেমার জন্য কি তিনি করেন নি, গল্প লেখা, সঙ্গীত পরিচালনা, সেট তৈরী, ক্যামেরাম্যানের কাজ, জুতো সেলাই থেকে চতুর্পাঠ একহাতে সব কাজ করেছেন এবং সমস্ত দক্ষতার সঙ্গে কাজ করা, পৃথিবীর শ্রেষ্ঠ সিনেমার পরিচালকদের

সঙ্গে একাসন তৈরী করে নিয়েছেন এবং ভারতবর্ষের মুখ পৃথিবীর খাতায় উল্লেখযোগ্য স্থানে নিয়েছেন। প্রেসিডেন্সি কলেজে তাঁর সহপাঠী ছিলেন সিদ্ধার্থ শঙ্কর রায়, প্রতাপ চন্দ্র চন্দ, অমলেশ চন্দ্র ত্রিপাঠী, বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট আবু সৈয়দ চৌধুরী ইত্যাদি বিখ্যাত মানুষগুলো। ১৯৪০ সালে শান্তিনিকেতনে গেলেন নন্দলাল বসুর কাছে ছবি আঁকা শিখতে। সেখানে বছর দু’এক থাকার পর কলকাতায় ফিরে এলেন। ছবি আঁকা সম্বন্ধে তিনি বলেছেন শান্তিনিকেতনে তিনি ছবি আঁকার বিশেষ কিছুই শেখেন নি, তবে “It was there in my blood”।

পারিপার্শ্বিক অবস্থা যে প্রতিভার উপর তেমন কোনও প্রভাব বিস্তার করতে পারে না, সত্যজিৎ রায়ের জীবন তার জ্বলন্ত উদাহরণ। সুকুমার যখন মারা গেছেন তখন সত্যজিৎ রায়ের বয়স দু-আড়াই হবে। অনেক কষ্টের মধ্যে তাকে মানুষ করেছেন তাঁর মা সুপ্রভা দেবী। অর্থ উপার্জনের জন্য স্কুলের মাস্টারীও করতে হয়েছে। সেই সত্যজিৎ চল্লিশ বছর বয়সে হঠাৎই কবিতা গল্প লিখতে শুরু করেন আর একাত্তর বছর বয়স অবধি তাঁর প্রতিভার স্ফূরণ হতে থাকে, আরও কিছুদিন বাঁচলে বাংলা সাহিত্য ও সিনেমাকে আরও কত রত্ন উপহার দিতেন তা আমাদের কল্পনার বাইরে। ১৯২১ সালে ২রা মে তাঁর জন্ম হয় আর মৃত্যু হয় ১৯৯২ সালের এপ্রিল মাসে। শেষ বয়সে অসুস্থ অবস্থায় তিনি ‘অস্কার’ পেয়েছেন আর ফ্রান্সের প্রেসিডেন্ট মিতেরাঁ কলকাতায় এসে তাঁকে “লিজেন দ্য অনার” সম্মানে ভূষিত করেছেন।

‘তাতা’ যেমন সুকুমার রায়ের ডাক নাম, তেমনি সত্যজিৎ রায়ের ডাক নাম ছিল ‘মাণিক’, কলকাতার শেষ রেনেসাঁ-পুরুষ সত্যজিৎ রায় স্বাভাবিক গুণেই অনেকগুলি নাম পেয়েছিলেন। গোটা টালিগঞ্জ ইন্ডাস্ট্রি, তাকে ডাকতো ‘মাণিকদা’ বলে। ঋত্বিক ঘটককে যাঁরা চামুচ দেখেছেন তারাই জানেন, তিনি ছিলেন লম্বায় ছ ফুট তিনি আবার সত্যজিৎকে ডাকতেন ‘ঢ্যাঙা’ বলে। টালিগঞ্জ সত্যজিৎ রায়ের আড্ডা স্থল ছিল না, তিনি ষ্টুডিওতে যেতেন কাজ করতে

আর কাজের পরে বাড়ী ফিরে আসতেন। সত্যজিতের আড্ডা স্থল ছিল প্রধানতঃ তাঁর নিজের বাড়ীর বৈঠক খানায় ইজিচেয়ারে হেলান দিয়ে। যৌবনারস্তুে কিছুটা চিত্তরঞ্জন এভেনিউর কফি হাউস, কিছুটা সিগনেট প্রেসে ছিল তার আড্ডা স্থল। বন্ধু বান্ধবরা তার আর একটা নাম

শান্তিনিকেতনে যান। সেখান থেকে সোজা উত্তরায়ণে। সত্যজিৎ লিখেছেন “নতুন অটোগ্রাফের খাতা কিনেছি, ভীষণ শখ তার প্রথম পাতায় রবীন্দ্রনাথকে দিয়ে একটা কবিতা লিখিয়ে নেবো। খাতাটা দিতেই রবীন্দ্রনাথ বললেন এটা থাক আমার কাছে, কাল সকালে

সিনেমার জন্য কি তিনি করেন নি, গল্প লেখা, সঙ্গীত পরিচালনা, সেট তৈরী, ক্যামেরাম্যানের কাজ, জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ একহাতে সব কাজ করেছেন এবং সমস্ত দক্ষতার সঙ্গে কাজ করা, পৃথিবীর শ্রেষ্ঠ সিনেমার পরিচালকদের সঙ্গে একাসন তৈরী করে নিয়েছেন

দিলেন, ‘দি টলম্যান ফ্রম দি ইস্ট’ বা ‘প্রাচ্যের সেই দীর্ঘ মানুষটি’। নামটি পেয়েছিলেন বোধ হয় ওরিয়ন্ট লংম্যানের সৌজন্যে। সেই দীর্ঘ মানুষটি সমস্ত পাশ্চাত্যতা দিয়ে, ততদিনে বাংলার মুখ হয়ে গেছেন পৃথিবীর দরবারে।

সুকুমার রায়ের হয়ত ইচ্ছা ছিল সত্যজিৎ শান্তিনিকেতনে রবীন্দ্রনাথের কাছ থেকে লেখাপড়া ও গানবাজনা শেখেন। তাই সত্যজিৎ রায় ১০ বছর বয়সে মায়ের সঙ্গে

এসে নিয়ে যেও। কথামতো গেলাম পরের দিন, টেবলের উপর চিঠিপত্র খাতাবই-এর উঁই। তার পিছনে বসে রবীন্দ্রনাথ আমায় দেখেই আমার ছোট বেগুনী খাতাটা খুঁজতে লাগলেন সেই ভীড়ের মধ্যে। মিনিট তিনেক হাতড়ানোর পর বেরোলো খাতা। সেটা আমায় দিয়ে মার দিকে চেয়ে বললেন, এটার মানে ও আরেকটু বড় হলে বুঝবে। খাতা খুলে পড়ে দেখি, আট লাইনের কবিতা, যেটা আজ অনেকেরই জানা

“বহু দিন ধরে বহু ক্রোশ দূরে

বহু ব্যয় করি বহু দেশ ঘুরে

দেখিতে গিয়েছি পর্বতমালা

দেখিতে গিয়েছি সিন্ধু।

দেখা হয় নাই চক্ষু মেলিয়া

ঘর হতে শুধু দুই পা ফেলিয়া

একটি ধানের শিষের উপরে

একটি শিশিরবিন্দু।”

আমার ধারণা ‘সন্দেশ’ পত্রিকা এরকমই একটা শিশির বিন্দু। আজ গড়পার রোডের বাড়ি থেকে রায় পরিবারের সব চিহ্নই মুছে গেছে, কিন্তু এখনো যদি সন্দেশের সেই পুরোনো পড়ুয়ার দলের চুলপাকা সভ্যরা কেউ সুকিয়া স্ট্রীট দিয়ে যান – যে রাস্তার এখন নামকরণ হয়েছে কৈলাশ বসু স্ট্রীট – তাহলে তাঁদের চোখদুটি একবার নিজের অজান্তে বাইশ নম্বর বাড়ীটাকে খুঁজবে।

প্রাক্তন (পদার্থবিদ্যা)/১৯৬১-৬৪)

Remembering A Dream

NEENA SIRCAR PUTATUNDA

Before I begin recollecting my Presidency days, it is relevant to mention that I had a fairly serious accident at the age of one-and-a-half when I was in coma for seven days after a fall. An eye became septic and was closed for a month-and-a-half. Subsequently, it was found that a rib was broken. There were frequent X-rays and medical check-ups which resulted in my joining school a year later than usual in 1951.

Born and brought up within the premises of a factory manufacturing scientific glassware, I had a natural affinity for science. Our school could offer only arts subjects; the only option was to change school. From a few months of Class VIII in the old school, I jumped to Class X of the new school where I missed the first two months. Adjusting to a new environment at that critical stage of adolescence, I also had to fight health hazards like low grade fever for two years, septic tonsils, pharyngitis, blocked nose and bleeding sinuses. The two years of missed classes were somehow managed without tutorial help.

After the Senior Cambridge examinations, I worked in the

chemical lab of the glass factory for nine months under the direction of an emeritus professor of Applied Chemistry of Calcutta University. In those days, the concept of any allowance/pocket-money did not exist. What I received was invaluable training in the finer aspects of chemistry laboratory work.

In spite of strong parental disapproval about studying in a co-ed college, it was a divine blessing to be admitted to Presidency College. I had Physiology (the scientific study of the functions of the human body) as honours subject and Chemistry and Physics as pass subjects. Our undergraduate session began on Thursday, 10th August, 1961. Our honours class had a handful of girls and a lone boy.

The Honours practicals had three categories. One was Experimental Physiology where one had to graphically record certain basic functions of a living being. For this practical, two students had to work as partners. As I didn't look like a typical meek and docile Bengali girl, our respected professor allotted our only Mr. Brave Heart to work with me. We had to work on toads. First, one

had to hold the two hind legs and stun it by hitting the head on the table. Next, holding the two sides of the neck, one had to pierce a sharp needle in the centre of the head and ‘pith’ or immobilise it. To stun and pith a toad was way beyond Mr. Brave Heart's domain. Totally flustered, he held the toad's neck and with a sharp scalpel, just beheaded the toad. Shortly afterwards, he left the department for greener pastures.

The Chemistry (pass) practicals were held at the rear portion of the second floor of the main building. The very next class was Biochemistry theory in the second floor of Baker Lab. The professor who taught Biochemistry was a brilliant student and a teacher par excellence. The problem was that he would wait outside the department lecture theatre before the bell rang. The previous lecturer had to be alert to vacate along with the students. The Chemistry pass students were a good couple of minutes late as they had to go down and then climb up several stairs. Waiting outside, we used to gaze pathetically at our teacher. His big eyes practically popping out, he would roar: “GET OUT!” Then, a senior classmate led us to the Head of the Department who wrote a note requesting the professor to allow us to attend his lecture. So, we were allowed in. The professor picked on each student and asked complex Biochemistry formulas. We were all in the dark, and one by one, we were sent out again.

The Chemistry (pass) theory classes were entirely a dialogue between the lecturer and a remarkable scholar who came first in the Senior Cambridge in the entire Commonwealth. It was

beyond the comprehension of us, the dumb ones. I had a special task to draw the Histology diagrams for all my classmates. The crime was that the concerned lecturer would always praise my diagrams. Soon, our lecturer commented that all had become artists like yours truly.

An elderly Physics lecturer teaching 'sound' was very soft-natured and jovial. Exasperated with the pranksters in the class, he blurted out, "Sometimes appearances may be very deceptive." Then he continued in an amusing Bengali dialect

In spite of strong parental disapproval about studying in a co-ed college, it was a divine blessing to be admitted to Presidency College

that he was actually not the fool that they thought he was. On another occasion, as he was teaching, amidst the constant murmur of the boys, a lone voice was rattling Sanskrit slokas in tune with the lecture. He was a brilliant but mischievous student from the Economics (Honours) department. Our lecturer stopped and remarked that there was a difference between 'sound' and 'noise'.

The Annual Reunion of our department was a grand affair. Ours was the only department which used to have a stage built in the Physics lecture theatre for the drama: one by the present girl students and the other by the past and present boy students. In spite of my dream of dressing up as a girl, I was always allotted the hero's role as I happened to be the tallest.

The B.Sc. Honours Part I finals were a total blunder as four out of six questions in one of the theory papers were out of syllabus; there were out-of-syllabus questions in other papers too. The results of the Part II exams could not make up the deficit. To the disbelief of many, some of us took admission in Presidency for the postgraduate programme. We were clearly told that our chance of securing a first class degree would be jeopardised. To add fuel to fire, a few months later, three of us opted for Biochemistry as special paper. For years, Presidency only offered Endocrinology and

Once admitted, Kristoff began to stay in our hostel on campus and shortly purchased a Hero-Honda motor cycle. But, soon afterwards, he began to look depressed. In answer to our gentle queries, he said that he had tried to reach the interstate highway outside Mumbai on his bike one Saturday morning. But, with the traffic jam and crowded city roads, it was taking him more than two hours to get out of the city. Given the sun and the pollution, he could not take it after a while and had to turn back. A few days later he came to see me with a complaint. The inability to go on long motor cycle rides and the pressure of studies, he said, were creating tensions in him. He needed to relax and were there discotheques in Mumbai? We were informed that, on weekends at Dresden, he used to relax by dancing to the tune of rock-bands in discos. On being provided the addresses of a few such places, he went away satisfied. A few days later, I saw him going around with a long face. I asked him, “Didn’t you like the discos in Mumbai?” He replied, “Oh yes, I had gone once and it was very good. But disco-dancing is too expensive in Mumbai; I can’t go there again. What you guys pay me in one month was spent by me there in one night.” I commented, “That’s hardly surprising. These places are for super-rich kids who can afford to spend that kind of money in one night.”

Finally, there was an event leading to the climax. One weekend evening Kristoff attended a party thrown by his co-students. Several boys and girls were chatting while seated or standing in a dimly lit room. Snacks and cold drinks were laid out on a table. There was music coming out of a CD player and some were trying to dance, Bollywood style. After standing and chatting with a girl for a while, Kristoff tried to hold her hand but she shrank back. This really made him blow his top. He was heard muttering, “What kind of a crazy

kept thumbing for several hours, no car stopped to give us a ride. We were obliged to buy railway tickets and board an overnight train to Paris. Since that cost us quite a bit, we decided to find the cheapest accommodation in downtown Paris. At the end of a daylong fruitless search, we finally met with success shortly after dinner. In the locality of Pigalle, not far from the famous nightclub “Moulin Rouge”, we found the attic apartment of a five-storeyed liftless building that we could afford. We were provided with a

“You have probably come to eat raw fish, but I shall have cooked fish only. He replied, That's OK. But I haven't come here to eat raw fish; that would have been available in Seoul itself. I have come here to eat live fish”

country is this? A girl shrinks back when someone tries to hold her hand. It’s impossible to stay here.” Soon, thereafter, Kristoff resigned, purchased a plane ticket and flew back to Germany.

A pair of roses

In the summer of 1963, I took a break from my Tripos studies at Cambridge University and went on a hitch-hiking tour of the Continent. I was accompanied in this venture by an English friend called Rick Catchpole who could speak a smattering of French. Either of us had very little money. So hitch-hiking was chosen as the mode of transport since it was by far the cheapest one. Sadly, we were disappointed on our first day at the port of Calais in France. Though we

small room with two beds and an attached toilet. Unfortunately, the latter had only a washbasin and a urinal, but no commode. On enquiring with the concierge, we learnt that, in case we needed the latter, we would have to go down to the Metro station from the pavement entrance just outside the building and use the paid facility there. Since by this time we were tired and sleepy, we decided to accept the room and went to bed quickly.

On nature’s call the following morning, we went out and took the escalator from the pavement entrance down to the Metro station. We did not see any uniformed personnel at such an early hour. There was just a lovely looking girl sitting at a kiosk selling cards, flowers and the sundry. On

being approached by my friend Rick in his broken French about our needs, she nodded and asked for one franc from each of us. Having been paid, she gave us two numbered keys and instructed us to look for closed booths on one side down the hall, each carrying a number marked on the door. “Find the booth whose number matches that of your key”, she said, “and it will be opened by the key; inside you will find a commode

which is ready to be used”. When we went to the premises, we found exactly what she said. The facilities were dry and clean. But there was no window or ventilator and the exhaust pump, if present, had not been operated. So a foul smell hung in the air. We were upset. After eyeing each other silently, we trudged back to the girl with a disappointed look. She was surprised at our early return, but was told the reason for our

distress. She jerked her head, gave us a sharp sidelong glance and said, “Bad smell! OK, give me one more franc each.” On receiving the money, she handed us two long-stemmed roses in full bloom and said, “If you guys have so much of a smelling problem, smell the fragrance of these roses while you relieve yourselves!”

Alumnus (Physics/1958-62)

গুণ গুপ্ত দাশগুপ্ত

প্রতুল মুখোপাধ্যায়

প্রেসিডেন্সি কলেজের রাশিবিজ্ঞান বিভাগের তিন প্রবাদপ্রতিম অধ্যাপক অতীন্দ্রমোহন গুণ, মিলন কুমার গুপ্ত ও ভাগবত দাশগুপ্তের আশি বছর পূর্তি উপলক্ষে গত ৫ই সেপ্টেম্বর, ২০১২, অধ্যাপকত্রয়ের একটি সম্মুখনা সভার আয়োজন করা হয়েছিলো। ২০১২ বছরটি এই তিন অধ্যাপক প্রণীত রাশিবিজ্ঞান ছাত্রদের কাছে বাইবেল-সম *Fundamentals of Statistics* বইটির সুবর্ণ জয়ন্তীও সূচিত করেছে। এই অনুষ্ঠানের উদ্যোগে ছিলেন প্রেসিডেন্সি কলেজের রাশিবিজ্ঞান বিভাগের প্রাক্তনীরা, ও প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের রাশিবিজ্ঞান বিভাগ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পৌরোহিত্যে শিক্ষক দিবসের সন্ধ্যায় বহু প্রাক্তন ছাত্র ও অন্যান্য শুভানুধ্যায়ীর শ্রদ্ধাজ্ঞাপন ও স্মৃতিচারণের মধ্যে দিয়ে অনুষ্ঠানটি সুসম্পন্ন হয়। উপস্থিত প্রাক্তন ছাত্রদের মধ্যে ছিলেন প্রসিদ্ধ সঙ্গীতশিল্পী শ্রী প্রতুল মুখোপাধ্যায়। উদ্যোক্তাদের অনুরোধে সম্মুখনা সভায় একটি গান গাইতে উঠে তিনি মুখবন্ধ হিসাবে নিম্নলিখিত স্বরচিত কবিতাটি পাঠ করেন:

আমি তখন আঠারো আর তাঁরা সাতাশ আটাশ,
শ্রদ্ধা ছিল, সঙ্গে বইত ভয়ের হিমেল বাতাস।
আমি এখন সত্তর আর তাঁরা এখন আশি,
চোখ বুজে আজ তাঁদের কথা ভাবতে ভালবাসি।

বেশ গম্ভীর, চাপা হাসি ফুটে উঠত ঠোঁটে,
যা বলতেন, মুখ নামিয়ে লিখতাম ক্লাসনোটে।
স্ট্যাটিস্টিকস গোলমেলে খুব, নানান হিজিবিজি –
(এই ভুল) ঘুচিয়ে বিষয়টিকে চিনিয়েছিলেন AG।

আমি যতই হ্রস্ব, তিনি দীর্ঘ ছিলেন ততই,
MKG-কে দেখতে লাগত ফিল্মস্টারের মতোই।
মন্দ্রস্বরে লেকচার তাঁর চলত নিরন্তর,
মুখে কিন্তু দেখা যায়নি তেমন ভাবান্তর।

শ্যামলবরণ, স্মিত আস্য, পশ্চিমি ভাব নেই,
মনে হত কাছের মানুষ, মেশেন সহজেই।
মৃদুভাষী, কথায় ছিল গভীর স্নেহের স্পর্শ,
ভুল করলেই দেখতে পেতাম BDG বিমর্ষ।

তাঁদের মুখের কথা আর ক্লাসনোটেরই জোরে,
ডিগ্রি বেড়া ডিঙিয়েছিলাম যেমন তেমন করে।
গুণ গুপ্ত দাশগুপ্ত দেখেছি সামনেই,
গুণ গুপ্ত দাশগুপ্তের বই তো তখন নেই।

এই কলেজে পেয়েছিলাম এমন তিন আচার্য,
সর্বোপরি মহাগুরু অনিল ভট্টাচার্য।
মহাগুরু প্রয়াত, আজ সামনে তিন গুরু,
তাঁদের প্রণাম জানিয়ে হোক আমার গান শুরু।

টীকা

AG – অতীন্দ্র মোহন গুণ
MKG – মিলন কুমার গুপ্ত
BDG – ভাগবত দাশগুপ্ত
এই কলেজে – প্রেসিডেন্সি কলেজে

প্রাক্তনী (রাশিবিজ্ঞান/১৯৫৯-৬১)

অধ্যাপক তাপস মজুমদার

রামপ্রসাদ সেনগুপ্ত

গত বছর ইংরেজি ২০১০ সনের ১৫ই অক্টোবর বাঙালীর দুর্গাপূজোর মহাঅষ্টমীর সন্ধ্যায় দিল্লিতে অধ্যাপক তাপস মজুমদার পরলোক গমন করেন। ওঁকে প্রথমে ছাত্র জীবনে প্রেসিডেন্সি কলেজে শিক্ষক হিসাবে এবং পরে দিল্লিতে জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ে (জে. এন. ইউ.তে) সিনিয়র সহকর্মী হিসাবে প্রায় একটানা সাতচল্লিশ বছর কাছাকাছি পাবার আমার সৌভাগ্য হয়েছিল। ওঁর কাছ থেকে শিক্ষক ও শুভানুধ্যায়ী গুরুজন হিসাবে লেখাপড়া, ভাবনাচিন্তা এবং প্রফেশনাল জীবনে চলার পথে যে শিক্ষা ও উপদেশ পেয়েছি তা আমার কাছে অমূল্য সম্পদ ও অপরিশোধ্য গুরুত্বপূর্ণ। ওই অক্টোবরের সন্ধ্যায় তাপসবাবু চলে যাবার খবর পাওয়া মাত্র আমার মনে হল আমার কাছে একটা বিশেষ যুগ শেষ হয়ে গেল।

তাপসবাবু ছিলেন অতি উন্নতমানের অসাধারণ শিক্ষক, অর্থনীতির তাত্ত্বিক শিক্ষাবিদ ও সমাজদার্শনিক। সর্বোপরি উনি ছিলেন এক গভীর মানবতাবাদী, উদারচেতা, সহৃদয় এবং উন্নত মূল্যবোধ ও আত্মমর্যাদাসম্পন্ন মানুষ। চরিত্রগুণে উনি অনেক প্রজন্মের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও সমাজের অগণিত সর্বস্তরের মানুষের শ্রদ্ধার পাত্র ছিলেন।

পূর্বপুরুষ, শৈশব ও শিক্ষাজীবন

তাপসবাবুর জন্ম হয় ৫ ফেব্রুয়ারি, ১৯২৯, সনে কলকাতা শহরে। তাঁর বাবা ছিলেন বিখ্যাত ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক ননীগোপাল মজুমদার এবং মা স্নেহলতা

মজুমদার। ওঁর দাদামশাই নলিনীমোহন শাস্ত্রীও সিলেটে মুরারীচাঁদ কলেজের সুপণ্ডিত অধ্যাপক ছিলেন। বাবা ননীগোপাল মজুমদার ভারতের উত্তর পশ্চিমে ইন্দাস ভ্যালির সিন্দ অঞ্চলে প্রত্নতাত্ত্বিক সার্ভে ও খনন কার্যের সময় ডাকাতির গুলিতে ১৯৩৮ সালে মারা যান। ওই সময় তাপসবাবুর বয়স ছিল মাত্র ৯ বছর।

শৈশবে তাপসবাবু মাঝে মাঝে বাবা ও মার সঙ্গে উত্তর ও উত্তর-পশ্চিম ভারতে প্রত্নতাত্ত্বিক অভিযানের সঙ্গে গেছেন। পরবর্তী জীবনে সব স্মৃতি স্পষ্ট না থাকলেও মা স্নেহলতার ডায়েরি থেকে সে সব অভিযানে ক্যাম্পের জীবন সম্বন্ধে যা জেনেছিলেন এবং ওঁর যেটুকু স্মৃতি ছিল আর ভিত্তিতে তাপসবাবু বাবাকে নিয়ে 'Memories' নামে একটা স্মৃতিকথা লেখেন। এই অপূর্ব সুন্দর লেখাটি '*Explorations in Art and Archaeology of South Asia*' গ্রন্থে প্রকাশিত হয়। এই লেখাটিতে প্রত্নতাত্ত্বিক অভিযানে ও গবেষণায় ডুবে থেকেও ক্যাম্পের কঠোর জীবনে বাবা কিভাবে নানা সমস্যার সঙ্গে সংগ্রাম করতেন তার বিবরণ দিয়েছেন। এতে জ্ঞানাবধি তাপসবাবু গবেষক ও লিপিউদ্ধারে মগ্ন জ্ঞানতপস্বী বাবাকে দেখে কিভাবে প্রভাবিত হয়েছিলেন তার পরিচয় পাওয়া যায়। বাবার প্রতি ভালোবাসা ও শ্রদ্ধার নিবেদন স্বরূপ এই লেখাটিতে তাঁর ওপর বাবার যে প্রভাবের পরিচয় পাওয়া যায় তারই প্রতিফলন ঘটেছিলো উত্তর জীবনে ওঁর গবেষক ও শিক্ষাব্রতী জীবনের কর্মযোগ ও সংকল্পে।

তাপসবাবুর ওপর দাদামশাই নলিনীমোহনের প্রভাবও যথেষ্ট ছিলো। নলিনীমোহন প্রথমে সিলেটে এবং পরবর্তীকালে কলকাতায় একজন বিশিষ্ট শিক্ষাবিদ ও সুপণ্ডিত হিসাবে শ্রদ্ধেয় ব্যক্তি ছিলেন। তিনি মেয়েদের উচ্চ শিক্ষার প্রসারে অগ্রণী ছিলেন এবং অধুনা দক্ষিণ কলকাতার মুরলীধর গার্লস কলেজের প্রতিষ্ঠায় অন্যতম প্রধান উদ্যোক্তা ছিলেন। এই কলেজেই তাপসবাবুর দিদি দীপ্তি মুখার্জী (বিবাহ-পূর্বে মজুমদার), বিশিষ্ট গাণিতিক ও তাত্ত্বিক অর্থনীতিতে সুপণ্ডিত অঞ্জন মুখার্জীর মা, বি.এ. পড়েন। তাপসবাবুর মা স্নেহলতা স্বামী ননীগোপালের মৃত্যুর পর নিজে উদ্যোগী হয়ে পড়াশুনো করে বড়ো মেয়ে দীপ্তির সঙ্গে একই বছরে বি.এ. পরীক্ষায় উত্তীর্ণ হন। উচ্চশিক্ষা ও নারীশিক্ষার প্রসারে দাদামশায়ের উদ্যোগ, তাঁর ব্যক্তিত্ব ও পরিবেশ তাপসবাবুর মানসিকতা ও পরবর্তী জীবনের শিক্ষাব্রতের ওপর প্রভাব বিস্তার করেছিল।

তাপসবাবু স্কুল জীবনে ভবানীপুর মিত্র ইনস্টিটিউশনের ছাত্র ছিলেন। সেখানে পরবর্তী জীবনে বিশিষ্ট জীববিজ্ঞানী শিবতোষ মুখার্জী ওঁর সহপাঠী ছিলেন। মেধাবী তাপস মজুমদার মাত্র ১৪ বছর বয়সে ১৯৪৩ সনে ম্যাট্রিকুলেশন পাস করেন। পরে প্রেসিডেন্সি কলেজ থেকে প্রথমে আই.এসসি. ও পরে অর্থনীতিতে অনার্স-সহ বি.এ. পাস করেন এবং কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৪৯ সনে অর্থনীতিতে এম.এ. পাস করেন। এরপর ১৯৫০ সনে প্রথমে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটে প্রখ্যাত পরিসংখ্যানবিদ প্রশান্তচন্দ্র মহালানবীশের রিসার্চ অ্যাপ্রেন্টিস হিসেবে যোগ দেন এবং পরে সে বছরেই প্রেসিডেন্সি কলেজে অর্থনীতি বিভাগে সহকারী অধ্যাপক পদে যোগ দেন।

প্রেসিডেন্সির অধ্যাপনা ও গবেষণাজীবন

১৯৫০ সন থেকে একটানা ২২ বছর অর্থাৎ ১৯৭২ সন অবধি তাপসবাবু প্রেসিডেন্সি কলেজের অধ্যাপনার সঙ্গে যুক্ত ছিলেন। এই সময় প্রথমে তিনি Choice Theory-র ওপর গবেষণার ভিত্তিতে প্রেমচাঁদ রায়চাঁদ স্কলার

(PRS) হন। যতদূর মনে পড়ে এই কাজের ওপর লেখা ‘Choice and Revealed Preference’ নামক গবেষণাপত্রটি ১৯৫৬ সনে ‘*Econometrica*’-তে প্রকাশিত হয়। ইতিমধ্যে ১৯৫৫ সনে তাপসবাবু লণ্ডন স্কুল অব ইকনমিক্স-এ (LSE) স্বনামধন্য অধ্যাপক লায়নেল রবিনসের তত্ত্বাবধানে গবেষণায় যোগ দেন। মাত্র দু’বছরের মধ্যেই ১৯৫৭ সনে পিএইচডি-র গবেষণা শেষ করে দেশে ফিরে আসেন। এই গবেষণার কাজের ভিত্তিতে ১৯৫৮ সনে ওঁর লেখা ‘*Measurement of Utility*’ নামক বইটি ম্যাকমিলান থেকে প্রকাশিত হয়। এটি সেযুগে অর্থনীতির Choice Theory-তে নতুন পথের দিশারী হিসেবে অতি উল্লেখযোগ্য বই বলে পরিচিত ছিল। এই ছোটো বইটি পরবর্তীকালে Greenwood Press পুনঃপ্রকাশ করে Rare Collection of Libraries around the World Series-এর অন্তর্ভুক্ত করে।

পঞ্চাশের ও ষাটের দশকে দেশে ও বিদেশে অর্থনীতির তত্ত্বের ওপর বিশ্লেষণাত্মক গবেষণার জন্য তাপসবাবু আমাদের দেশে ছাত্র ও নবীন গবেষকদের কাছে এক রোল মডেল এবং ওই জাতীয় কঠোর যুক্তিনিষ্ঠ কাজের প্রেরণার উৎস হয়ে দাঁড়ালেন। ওই সময় প্রেসিডেন্সি কলেজে ও কলকাতা শহরে অর্থনীতির তাত্ত্বিক গবেষণার যে আবহাওয়া নব্যপ্রজন্মকে বিশেষ প্রভাবিত করেছিল তাতে তাপসবাবুর ঐতিহাসিক অবদান স্মরণীয়।

তাপসবাবু ১৯৫৮ সনে প্রেসিডেন্সি কলেজে পূর্ণ অধ্যাপকের পদে উন্নীত হন। ওই বছরের ডিসেম্বর মাসে তাঁর বিবাহ হয় শ্রীমতী গৌরী ব্যানার্জী (পরে মজুমদার)-এর সঙ্গে। গৌরীদি তাপসবাবুর সে যুগের সকল ছাত্র-ছাত্রী ও যুব অধ্যাপক-অধ্যাপিকাদের কাছে স্নেহশীলা দিদি ছিলেন এবং আজ অবধি অছেন। আগাগোড়া চিন্তায় ও ভাবগত আদর্শে স্বামীর যোগ্য সহধর্মিণী এবং শিক্ষারূপে তিনি নিবেদিতপ্রাণা ছিলেন। কলকাতার ও দিল্লিতে স্কুলের শিক্ষায় গৌরীদির অবদান ব্যাপকভাবে স্বীকৃত।

দেশে ফিরে আসার পর পড়ানোর সঙ্গে সঙ্গেই

তাপসবাবুর গবেষণার কাজ চলছিল। ১৯৬২ সনে তাপসবাবু রকফেলার ফাউন্ডেশন ফেলোশিপ পেয়ে Post-Doctoral গবেষণার কাজে আবার LSEতে যান এবং সেখানে Visiting Member of Senior Common Room হন যা তাঁর তরুণ বয়সে তখন এক বিশেষ স্বীকৃতি। ১৯৬৩ সনে উনি প্রেসিডেন্সি কলেজে ফিরে এসে যোগ দিলে আমরা ওঁকে প্রথম পেলাম। আমি তখন ওই কলেজে অর্থনীতি বিভাগে অনার্সের দ্বিতীয় বর্ষের ছাত্র। যতটা মনে পড়ে সেই দ্বিতীয় বর্ষের ক্লাস শুরু হতে একদিন তাপসবাবু

তাপসবাবু ছিলেন অতি উন্নতমানের অসাধারণ শিক্ষক, অর্থনীতির তাত্ত্বিক শিক্ষাবিদ ও সমাজদার্শনিক। সর্বাপরি উনি ছিলেন এক গভীর মানবতাবাদি, উদারচেতা, সহৃদয় এবং উন্নত মূল্যবোধ ও আত্মমর্যাদাসম্পন্ন মানুষ

অর্থনীতি বিভাগের ২৬ নম্বর ঘরে ঢুকলেন আমাদের প্রথম পড়াতে। সেদিন সমুন্নত সুদর্শন সুবেশ ঝকঝকে মানুষটিকে দেখে আমরা সবাই সসম্মত ওঁর কথা শুনতে নড়েচড়ে বসেছিলাম।

সেদিন পড়াতে এসে তাপসবাবু যা বলে শুরু করলেন তাতে আমরা ছাত্ররা প্রথমেই চমকৃত। উনি বললেন যে আমরা প্রথমবর্ষে microeconomics যা শিখেছি তারপর উনি এবার আমাদের Welfare Economics – অর্থাৎ ‘কল্যাণের অর্থনীতি’ পড়াবেন। তবে উনি যা পড়াবেন তা হয়তো কলকাতা বিশ্ববিদ্যালয়ের বি.এ. অনার্সের পাঠক্রমের কেবলমাত্র অংশবিশেষ হবে, বাকি বেশ কিছুটা আমাদের নিজে দের পড়ে নিতে হবে। কিন্তু উনি আবার অন্যকিছু পড়াবেন যা বিশ্ববিদ্যালয়ের পাঠক্রমে হয়তো প্রত্যক্ষভাবে নেই, কিন্তু যা যথাসময়ে আমাদের অর্থনীতি পড়তে ও বুঝতে সাহায্য করবে। তাপসবাবু তারপর আর কোনও কথায় না গিয়ে পড়াতে শুরু করলেন set theory, relational algebra এবং basic mathematical logic-এর ভূমিকা দিয়ে। এই সব tools-এর আলোচনার পর আমাদের

পড়ালেন কিভাবে ব্যক্তিবিশেষের মূল্যবোধ ও পছন্দের ক্ষেত্রে অগ্রাধিকার (preference) অনুযায়ী choice-এর যুক্তির ভিত্তি থেকে সমাজের পছন্দ ও তত্ত্বে পৌঁছোতে হবে- তখনকার দিনের এক আধুনিকতম তত্ত্ব Arrow-র Impossibility Theorem এর প্রমাণসমেত। সমাজের কল্যাণের জন্য ন্যায় ও নীতি নির্ধারণে এইসব তত্ত্বের কী ভূমিকা হতে পারে সে সম্বন্ধেও আমরা কিছুটা অনুমানের চেষ্টা করলাম। ওঁর সব কথা সবটা তখন বুঝতে না পারলেও পরে ধীরে ধীরে একদিকে তাঁর চিন্তার ও পড়ানোর গভীরতা

ও যুক্তিনিষ্ঠা এবং অন্যদিকে পরিবেশনের পরিচ্ছন্নতার কথা ভেবে মুগ্ধ হয়েছি।

সে যুগের প্রেসিডেন্সিতে অর্থনীতি শিক্ষা ও গবেষণা

এই প্রসঙ্গে উল্লেখ্য যে কলেজের অর্থনীতি বিভাগে বি.এ. ক্লাসের প্রথম বর্ষে – প্রবাদপ্রতিম অধ্যাপক ভবতোষ দত্ত এবং তখনকার নবীন অর্থনীতিবিদদের মধ্যে উজ্জ্বল তারকা সুখময় চক্রবর্তীর কাছে আমাদের পড়ার সৌভাগ্য হয়েছিল। দ্বিতীয় বর্ষ শুরু হবার আগেই তাঁরা দু’জনেই কলেজ ছেড়ে চলে গেছেন, কিন্তু তখন তাপসবাবু বিলেত থেকে দ্বিতীয়বার ফিরে এসেছেন। অর্থনীতি বিভাগে সে-সময় নবেন্দু সেনের ভারতীয় অর্থনীতির মুঘল যুগ থেকে ইংরেজ যুগে বিবর্তনের ইতিহাস তথ্য, যুক্তি ও বিশ্লেষণ সমেত পড়ানো মনে পড়ে। তাপসবাবুর বিশেষ উদ্যোগে তারপরই পরবর্তীকালের অর্থনীতির ইতিহাস ও উন্নয়নের তত্ত্বের বিদগ্ধ পণ্ডিত অমিয় বাগ্চী পোস্ট-ডক্টরাল গবেষণার কাজ করে কেমব্রিজ থেকে আমাদের বিভাগেই ফিরলেন এবং সঞ্জিত বসু অসাধারণ সাফল্যের সঙ্গে এম.

এ. পাস করে একই বিভাগে যোগ দিলেন। এছাড়াও বি.এ ক্লাসে পড়ার সময় পেয়েছিলাম দীপ্তিভূষণ দত্ত এবং অজিতকুমার সেনগুপ্তকে। এঁরা সবাই মিলে undergraduate ক্লাসে যা পড়াতেন অনেকসময় তার সবটা প্রত্যক্ষভাবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পাঠক্রমে থাকত না। কিন্তু তাঁরা এই পড়ানোর মধ্য দিয়ে অর্থনীতির মূল ভিত্তি (fundamental)-এর সঙ্গে প্রাসঙ্গিক আধুনিকতম কিছু তত্ত্ব বা কোনও ঐতিহাসিক ঘটনার বিশ্লেষণের অবতারণা করে সেসবের বিশেষ তাৎপর্যের সঙ্গে আমাদের পরিচয় করিয়ে দিয়েছিলেন। পরবর্তী শিক্ষাজীবনে অর্থনীতির আধুনিকতম তত্ত্ব ও বিশ্লেষণে ঢুকতে এই শিক্ষা আমাদের জীবনে খুব বড়ো ভূমিকা নিয়েছিল। অর্থনীতির সঠিক বিবরণ ও বিশ্লেষণে তথ্য, তত্ত্ব ও যুক্তিনিষ্ঠার ভূমিকা বুঝতে, অর্থনীতির ও সমাজনীতির চিন্তা ও মননে আমাদের পারদর্শিতার পঠন ও উন্নয়নে প্রেসিডেন্সি কলেজে আমাদের

পঞ্চাশের ও ষাটের দশকে দেশে ও বিদেশের অর্থনীতির তত্ত্বের ওপর বিশ্লেষণাত্মক গবেষণার জন্য তাপসবাবু আমাদের দেশে ছাত্র ও নবীন গবেষকদের কাছে এক রোল মডেল এবং ওই জাতীয় কঠোর যুক্তিনিষ্ঠ কাজের প্রেরণার উৎস হয়ে দাঁড়ালেন

বিভাগের পঠনপাঠনের ভূমিকা যে অপরিসীম মূল্যবান ছিল তা আজ খুব বেশি অনুভব করি। আমাদের ছাত্রাবস্থায় এসবই ঘটেছিল ভবতোষ দত্ত – উপেন ঘোষাল মহাশয়ের তৈরি করা শিক্ষার ঐতিহ্যের বাহক ও অনেকাংশে সম্প্রসারক তাপসবাবুর নেতৃত্বে।

আমি যখন পোস্টগ্রাজুয়েট ক্লাসে এম.এ পড়ি তখন প্রেসিডেন্সি কলেজে আমাদের অর্থনীতি বিভাগে বার্কলে বিশ্ববিদ্যালয় থেকে ফিরে এলেন আর এক দিক্‌পাল অধ্যাপক দীপক ব্যানার্জী এবং LSE থেকে PhD করে এসে যোগ দেন macroeconomics-এ সুপণ্ডিত মিহির রক্ষিত। তাপসবাবু ও দীপকবাবুর যৌথ উদ্যোগে ১৯৬৫ সনে শুরু হয় লেখাপড়ার এক নতুন অধ্যায়। তখন প্রতি শনিবার কলেজে সেমিনার ক্লাস শুরু হল যাতে কোনও নতুন বই পড়া হত বা কোনও সাম্প্রতিকতম

তত্ত্বের আলোচনা ও বিশ্লেষণ হত। এছাড়াও সেমিনারে কেউ কেউ তাঁদের নতুন গবেষণাপত্র পাঠ বা পরিবেশন করতেন। এই সময় ওঁদের যৌথ নেতৃত্বে ছাত্র-শিক্ষকের গবেষণার উদ্যোগকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার চেষ্টা হয়। তাপসবাবু তখন এ-ব্যাপারে বিশেষ অগ্রণী হয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) থেকে আর্থিক অনুদান এনে রিসার্চ ফেলো ও পোস্ট-ডক্টরাল ফেলোশিপ প্রতিষ্ঠা করেন। এই সময় অন্যান্যদের মধ্যে আমরা পেলাম পরবর্তীকালের বিখ্যাত Fiscal Economist অমরেশ বাগ্চীকে সিনিয়র ফেলো হিসেবে। গবেষণার সেই উদ্যোগ এঁদের প্রচেষ্টায় পরে বৃহত্তর কর্মকাণ্ডে পরিণত হল যখন অর্থনীতি বিভাগে UGC-র বিশেষ অনুদানে Centre for Economic Studies প্রতিষ্ঠিত হল। তাপসবাবু এই Centre-এর প্রতিষ্ঠাপর্বে এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেন যদিও তিনি প্রতিষ্ঠার অল্প কিছুদিন পরেই দিল্লিতে জওহর

লাল নেহরু বিশ্ববিদ্যালয়ে চলে যান ভারতের বৃহত্তর শিক্ষা জগতের দায়িত্ব পালনে। এখানে উল্লেখ্য এই যে ইতিমধ্যেই তাপসবাবু বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনের (UGC) পার্টটাইম সদস্য হয়ে উচ্চশিক্ষার নীতি নির্ধারণে অন্যতম ভূমিকা গ্রহণ করতে শুরু করেছিলেন। তদানিন্তন UGC চেয়ারম্যান ডি এন্স কোঠারী এবং Indian Council of Social Science Research (ICSSR)-এর সদস্য ও সম্পাদক জে পি নায়কের সঙ্গে তাপসবাবুর তখন শিক্ষাসংক্রান্ত বিষয়ে মতামতের আদানপ্রদান হত এবং তাঁরা উভয়েই তাপসবাবুর বিশেষ গুণগ্রাহী ছিলেন।

যাই হোক, প্রেসিডেন্সিতে এই Research Centre প্রতিষ্ঠার এক সফলভোগী হয়েছিলাম আমি নিজে। এই সেন্টার প্রতিষ্ঠার পূর্বে প্রথম পর্যায়ে যখন UGC থেকে সরাসরি

প্রেসিডেন্সির অর্থনীতি বিভাগের জন্য Doctoral Fellowship-এর ব্যবস্থা হয়েছিল, তখন সেই ফেলোশিপের সুযোগ পাওয়ায় তাপসবাবু ও দীপকবাবুর উৎসাহে আমি Allocation-Location তত্ত্বের ওপর আমার ডক্টরাল গবেষণা করি। পরে Centre for Economic Studies প্রতিষ্ঠা হলে আমি ভারতের ইম্পাত শিল্পের ওপর গাণিতিক কার্ঠামো-ভিত্তিক ফলিত (applied) post-doctoral গবেষণা করি। এসবই আমার পক্ষে করা সম্ভব হয়েছিল ওই যুগে ও সময়ে অর্থনীতি বিভাগে পঠন-পাঠন ও গবেষণার যে বাতাবরণ তৈরি হয়েছিল তার গুণে।

প্রেসিডেন্সিকে Autonomous College করার যুক্তি

প্রেসিডেন্সি কলেজে শিক্ষকতার শেষ পর্যায়ে তাপসবাবু ওই কলেজকে autonomous কলেজে পরিণত করার জন্য উদ্যোগী হয়েছিলেন। উনি পাঠক্রমের পাঠনের উৎকর্ষের সঙ্গে শিক্ষকের গবেষণার পরিপূরক সম্পর্কের ওপর জোর দিতেন। এই প্রসঙ্গে তিনি কলেজের অর্থনীতি ও অন্যান্য যেসব বিভাগে তখন শিক্ষকরা গবেষণা করতেন, সেসব বিভাগে কলেজ পর্যায়ে পাঠক্রম তৈরি, ছাত্রদের মূল্যায়ন ও গবেষণার জন্য উপযুক্ত টাকাপয়সা জোগাড় ও ব্যবস্থাপনার স্বাধীনতার প্রয়োজনের যুক্তি দিয়েছিলেন। তাছাড়া তাপসবাবু ও অর্থনীতি বিভাগে তাঁর শিক্ষক সহকর্মীদের তখন মনে হয়েছিল যে, স্নাতকপর্যায়ে (undergraduate) একটি ভালো প্রোগ্রাম থাকলে তার ভিত্তিতে একটি স্নাতকোত্তর (postgraduate) প্রোগ্রাম সফল করা অনেক সহজ। একটি উৎকৃষ্টমানের integrated বি.এ.-এম.এ. প্রোগ্রাম চালু করার সুযোগ প্রেসিডেন্সি কলেজে বেশ কটি বিষয়ে তখন ছিল। তাছাড়া ভালো এম.এ প্রোগ্রাম থাকলে সে প্রতিষ্ঠানের গবেষণার জন্য আগ্রহী ছাত্র পাওয়া ও গবেষণার আবহাওয়া তৈরিও অনেক সহজ হত। কিন্তু দীর্ঘকাল ধরে পশ্চিমবঙ্গের রাজনীতির দাপটে এই জাতীয় উচ্চাকাঙ্ক্ষাকে elitist বলে অগ্রাহ্য করা হয়েছে। আজ হঠাৎ পরিবর্তনের উলটো জোয়ারে প্রেসিডেন্সিকে বিশ্ববিদ্যালয়ে পরিণত

করা হয়েছে। তাতে কেউ কেউ বলেছেন এই কলেজের ভালো undergratuate প্রোগ্রামের তুলনামূলক গুরুত্ব ও মান কমে যাবে কারণ স্নাতকোত্তর (postgraduate) প্রোগ্রামের পঠনপাঠনই বেশি গুরুত্ব পাবে বা আর্থিক সঙ্গতি যথেষ্ট না থাকলে এবং যথেষ্ট সংখ্যক যোগ্য শিক্ষক না পেলে উভয় প্রোগ্রামের উন্নতমান স্থাপনে হয়তো বড়ো সমস্যা দেখা দেবে। আজ তাপসবাবু উপস্থিত থাকলে কী বলতেন জানি না। এবং সে বিতর্কেও যেতে চাই না। তবে উনি ওই কলেজের undergraduate প্রোগ্রামের উৎকর্ষের ওপর জোর দেবার জন্য এবং তাকে আরও উন্নীত করার জন্যই পরিপূরক হিসেবে উচ্চতর পর্যায়ে গবেষণা সমেত অন্য প্রোগ্রামের অবতারণা ও শিক্ষাগত স্বায়ত্তশাসনের যুক্তি ও দাবি তুলেছিলেন।

প্রেসিডেন্সিতে ছাত্র আন্দোলন

তাপসবাবুর প্রেসিডেন্সি পর্বের আরও একটি কথা অন্তত উল্লেখ করা প্রয়োজন বোধ করি। আমরা যখন পোস্টগ্রাজুয়েট ক্লাসে পড়ি এবং পরে যখন গবেষণা করি তখন প্রেসিডেন্সি কলেজে প্রথমে বামপন্থী ছাত্র আন্দোলন শুরু হয়, পরে সেটাই নকশালপন্থী ছাত্র আন্দোলনের রূপ নেয়। এর ফলে একসময় কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ করে দেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের পঠনপাঠনের ও পরীক্ষার সময়সূচির পরিপ্রেক্ষিতে এই কলেজ বন্ধের সিদ্ধান্তে ছাত্র-ছাত্রীদের যে অপরিসীম ক্ষতি হবে সেকথা ভেবে তাপসবাবু ও অর্থনীতি বিভাগের অনেক শিক্ষকই বিচলিত হয়েছিলেন। তখন তাপসবাবু ও দীপকবাবুর উদ্যোগে যাঁদের পক্ষে সম্ভব হল তাঁরা তাপসবাবুর বাড়িতে বা অন্য কোনও বাড়িতে ক্লাস নিতে শুরু করেন time table তৈরি করে। তাছাড়া ছাত্রদের বিদ্রোহের কারণ বুঝতে ছাত্রদের সঙ্গে খোলামনে কথা বলতে তাপসবাবুর কোনও দ্বিধা ছিল না। তার অর্থ অবশ্যই এই নয় যে উনি ছাত্রদের সব কাজ ও উচ্ছৃঙ্খলতাকে প্রশ্রয় দিতেন। কিন্তু যে ব্যক্তিত্ব ও মূল্যবোধের জোরে উনি সবার কাছ থেকে শ্রদ্ধা ও ভালোবাসা আদায় করেছিলেন তার জন্যই বিপ্লবী ছাত্ররাও মতের ঐক্য অনৈক্য

নির্বিশেষে তাঁর সঙ্গে কথা বলতে চাইত। যেসব অতিমেধাবী ছাত্র তখন ওই কলেজ থেকে বিতাড়িত হয়েছিল তারা অনেকে তাপসবাবুর কাছে পরে এসেছে ভবিষ্যৎ জীবনের কোনও দিশা পাবার জন্য। অনেকেই তারা পরবর্তী জীবনে কৃতজ্ঞতার সঙ্গে তাঁর উপদেশ ও সাহায্য স্মরণ করেছে। এই প্রসঙ্গে বর্তমানে নিউজিল্যান্ডবাসী অর্থনীতির অসাধারণ ছাত্র ও অধ্যাপক অমল সান্যালের কথা মনে পড়ছে।

তাপসবাবুর ছাত্রদের প্রতি এই মনোভাব ও আচরণের জন্য সেযুগের আমাদের কলেজের অন্যান্য বিভাগের অনেক শিক্ষক যাঁরা ছাত্র আন্দোলন হলেই ‘ওরা এবং আমরা’-র ভাষায় ভাবতে অভ্যস্ত তাঁরা অসম্মত হয়েছিলেন। তাপসবাবু, দীপকবাবু এবং অর্থনীতি বিভাগের অনেক অধ্যাপকই এই সংকীর্ণ শ্রেণিবোধের উর্ধ্বে ছিলেন। তাঁদের দেখে আমিও শিক্ষকের আদর্শ কী হওয়া উচিত সে বিষয়ে যে শিক্ষা

এমনভাবে যেন কোনও কিছুই ঘটেনি। এই ছিলেন তাপসবাবু!

জে.এন.ইউ.তে অধ্যাপনা ও শিক্ষা বিষয়ে নতুন নেতৃত্ব

তাপসবাবু ১৯৭২ সনের জুন মাসে প্রেসিডেন্সি কলেজ ছেড়ে দিল্লিতে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে বিশেষ আমন্ত্রণে প্রথমে স্কুল অব সোস্যাল সাইন্সের প্রফেসর ও পরে জাকির হুসেন সেন্টার ফর এডুকেশনাল স্টাডিস তৈরি হলে তার ফাউন্ডার চেয়ারপার্সন হিসাবে যোগদান করেন। আমিও ১৯৭৬ সনে তাপসবাবুর উৎসাহে জে.এন.ইউ.তে অর্থনীতি বিভাগে যোগদান করি। JNU-তে একই বিভাগে না হলেও একই ক্যাম্পাসে ও স্কুলে থাকার ফলে জীবনের অনেকটা সময় তাপসবাবুর সান্নিধ্য লাভের সুযোগ হয়। জে.এন.ইউ.-র নতুন এডুকেশন সেন্টারে

অর্থনীতির সঠিক বিবরণ ও বিশ্লেষণে তথ্য, তত্ত্ব ও যুক্তিনিষ্ঠার

ভূমিকা বুঝতে, অর্থনীতির ও সমাজনীতির চিন্তা ও মননে আমাদের

পারদর্শিতার পঠন ও উন্নয়নে প্রেসিডেন্সি কলেজে আমাদের বিভাগের

পঠনপাঠনের ভূমিকা যে অপরিসীম মূল্যবান ছিল তা আজ খুব বেশি

অনুভব করি

পেয়েছিলাম তা পরবর্তী জীবনে শিক্ষকতায় আমার খুব কাজে দিয়েছে।

এই প্রসঙ্গে কোনও এক বন্ধুর কাছ থেকে শোনা একটি গল্প বলে প্রসঙ্গান্তরে যাব। নকশাল আন্দোলনের সময় ছাত্র নেতা অসীম চ্যাটার্জী (কাকা) একদিন অর্থনীতি বিভাগে তাপসবাবু যে ঘরে ক্লাস নিচ্ছিলেন সে ঘরের বন্ধ দরজা পদাঘাতে খুলে ফেলে। তাপসবাবু তখন ব্ল্যাকবোর্ডে কিছু লিখছিলেন। অসীম ঘরে ঢুকতেই উনি ঘুরে দাঁড়িয়ে শান্ত কণ্ঠে বললেন, ‘কী অসীম, কিছু বলছ?’ অসীম চ্যাটার্জী এতে অপ্রস্তুত হয়ে ও কি বলবে কিছু বুঝতে না পেরে ‘Sorry! Please carry on’ বলে চলে গেল। তাপসবাবু আবার ব্ল্যাকবোর্ডে লেখা ও পড়ানো শুরু করলেন

‘শিক্ষা’ নামক বিষয়টিকে তাপসবাবু সম্পূর্ণ নতুনভাবে সমাজবিজ্ঞানের এক interdisciplinary বিশ্লেষণাত্মক নতুন শাখা হিসাবে প্রবর্তন করেন। আমরা ছেলেবেলায় ‘Education’ বা শিক্ষা নামক বিষয়টি জানতাম স্কুলশিক্ষকদের প্রশিক্ষণের এক পাঠক্রম যা ক্লাসে কোনও বিষয় পাঠনের তত্ত্বপ্রণালী ও প্রয়োগের পর্যালোচনাতে সীমাবদ্ধ। তাপসবাবু জে এন ইউতে এক বৈপ্লবিক পরিবর্তন ঘটান যখন ভারতে প্রথম বিষয় হিসেবে শিক্ষার তত্ত্বকে শিক্ষার ইতিহাস, সমাজতত্ত্ব, মনস্তত্ত্ব ও অর্থনীতির বিশ্লেষণের সমন্বয় হিসেবে দেখে গবেষণার জন্য এক অভূতপূর্ব পাঠক্রম তৈরি করলেন। এই নতুন বিষয়টি শিক্ষাতত্ত্বের পর্যালোচনায়

ও শিক্ষার নীতি নির্ধারণের দৃষ্টিভঙ্গি, তত্ত্ব ও প্রয়োগে এক নতুন পথ ও দিগন্ত আমাদের দেশে খুলে দিয়েছিল।

এখানে আরও উল্লেখ করা যেতে পারে যে তাপসবাবু অর্থনীতিবিদ হয়েও শিক্ষার অর্থনীতিকে মানুষের শ্রমের পারদর্শিতাকে (skill) মূলধন হিসেবে দেখে এক জাতীয় মূলধনতত্ত্ব ও তার মুনাফার (Rate of Return) তত্ত্ব হিসেবে দেখতেন না। শিক্ষাকে যদি একদিকে ব্যক্তি মানুষের স্বাধীনতা ও প্রতিভার পূর্ণ বিকাশের এবং

প্রেসিডেন্সী কলেজে শিক্ষকতার শেষ পর্যায়ে তাপসবাবু ওই কলেজ

autonomous কলেজে পরিণত করার জন্য উদ্যোগী হয়েছিলেন।

উনি পাঠক্রমের পাঠনের উৎকর্ষের সঙ্গে শিক্ষকের গবেষণার পরিপূরক

সম্পর্কের ওপর জোর দিতেন

অন্যদিকে সমাজের সর্বমোট মানবসম্পদের ব্যবহার করে সুস্থ ও ন্যায়পরায়ণ সমাজব্যবস্থা তৈরির হাতিয়ার করতে হয় তবে শিক্ষার পর্যালোচনায় এই সার্বিক (holistic) দৃষ্টিকোণ ও বিশ্লেষণের interdisciplinary কাঠামোর বিশেষ প্রয়োজন। তাপসবাবুর শিক্ষা বিষয়ক চিন্তায় ও প্রয়োগে এবং শিক্ষার অর্থনীতির রূপদানে এই মতাদর্শ স্পষ্টই প্রতিফলিত হয়েছিল।

তাপসবাবু একদিকে আপন সাধনচিন্তায় মগ্ন স্বল্পভাষী একান্ত (private) মানুষ ছিলেন, অন্যদিকে সমাজের প্রতি ওঁর দায়বদ্ধতা (commitment) ছিল আদর্শস্থানীয়। শিক্ষার তত্ত্ব ও নীতি প্রণয়নে তাপসবাবুর নতুন অবদানে সমাজের বিভিন্ন বয়সের এবং সামাজিক ও অর্থনৈতিক পরিস্থিতির সম্মুখীন সব মানুষের সুযোগের স্থান বিবেচিত হয়েছে। নিরক্ষরতা দূরীকরণ/বয়স্কদের শিক্ষা, ঔপচারিক (formal) এবং অনৌপচারিক (non-formal) শিক্ষা, প্রাইমারি/সেকেন্ডারি এবং উচ্চশিক্ষা — এই সর্বপর্যায়ের শিক্ষার সমন্বয়ে ‘inclusive’ শিক্ষাব্যবস্থার প্রবর্তন তাঁর শিক্ষানীতির লক্ষ্য ছিল।

ঐতিহাসিক কারণে পিছিয়ে পড়া সমাজে দলিত ও পীড়িত মানুষকে শিক্ষার বিশেষ সুযোগ দান তাপসবাবুর নীতিবদ্ধতার বিশেষ অংশ ছিল। সামাজিক সীমিত আর্থিক সম্পদের বণ্টনে বিভিন্ন পর্যায়ের শিক্ষাকে পরম্পরের প্রতিদ্বন্দ্বী না ভেবে পরিপূরক হিসেবে ভাবনার প্রয়োজন। তবে এটা ঠিক এদের মধ্যে আনুপাতিক (skill) বন্টনে এবং কোনও বিশেষ পর্যায়ের শিক্ষার আপেক্ষিক গুরুত্ব নির্ধারণে আমাদের নানা দ্বন্দ্ব ও dilemma-র সম্মুখীন হতে হয়। তার সমাধানে সমাজের প্রয়োজন ও অগ্রাধিকার বিচারের একটা বিশেষ ভূমিকা অবশ্যই

থাকবে। ১৯৮৩-তে প্রকাশিত তাপসবাবুর ‘Investment in Education and Social Choice’ নামক বইটিতে এই সব প্রসঙ্গের বিশদ তাত্ত্বিক আলোচনা আছে।

তাপসবাবুর ভাবনায় শিক্ষায় বঞ্চিতদের সুযোগদানের সঙ্গে উৎকর্ষ বা মানুষের মেধাভিত্তিক শিক্ষাগত কৃতিত্বের স্বীকৃতি বা গুরুত্বদানের কোনও সংঘাত ছিল না। আজকাল শিক্ষার সংরক্ষণের রাজনীতি যাঁরা করেন তাঁদের কথায় দেখি ‘merit’ বা ‘excellence’ হল ঘৃণ্য শব্দ যা উচ্চবর্ণের লোকদের সমাজের দলিতদের শিক্ষায় বঞ্চনার ও শোষণের চক্রান্তে এক হাতিয়ার। তাপসবাবুর কথায় বরাবরই আমার মনে হয়েছে আমাদের মধ্যে কিছু সহকর্মীর এইসব চিন্তা, আমাদেরই শিক্ষা সম্বন্ধে ব্যাপক ও সার্বিক দৃষ্টিভঙ্গির অভাব এবং সংকীর্ণ রাজনৈতিক মনোভাবের ফলশ্রুতি।

আমাদের দেশে শিক্ষার নীতি নির্ধারণের কাজে তাপসবাবু গত দু-দশকে বহু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। এর মধ্যে দুটি ভূমিকার কথা এখানে উল্লেখ করব। ১৯৯৩ সালে

উনি পুন্নাইয়া কমিটি অন ফাইনালিং হায়ার এডুকেশনের একজন সক্রিয় সদস্য ছিলেন। পরে ভারতের সমস্ত শিশুর জন্য প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করতে ভারত সরকার দায়বদ্ধ — ভারতের সর্বোচ্চ আদালত (Supreme Court) এই ঐতিহাসিক রায়দানের পর ভারত সরকার তাপসবাবুর সভাপতিত্বে একটি বিশেষজ্ঞ দলের task force গঠন করে। তাপসবাবুর নেতৃত্বে এই বিশেষজ্ঞ দলের রিপোর্টে সর্বজনীন প্রাথমিক শিক্ষার গুরুত্বের কথাই শুধু বলা হয়নি, এতে সব শিশুকে প্রাথমিক শিক্ষা দেবার জন্য প্রয়োজনীয় বিনিয়োগ ও খরচের হিসেব দেওয়া হয়েছে এবং এই খরচের সম্ভাব্যতা যে কোনও সমস্যাই নয় তা জোর দিয়েই বলা হয়েছে। এই তথাকথিত ‘তাপস মজুমদার রিপোর্ট’ এই সংক্রান্ত যে-কোনও আলোচনা বা বিতর্কের প্রসঙ্গে একটি মূল্যবান দলিল। প্রাইমারি থেকে শুরু করে সর্বোচ্চ পর্যায়ে শিক্ষার জন্য আর্থিক ব্যবস্থার এক সঙ্গতিপূর্ণ ব্যাপক চিন্তা তাপসবাবুর ছিল বলেই তাঁকে উভয় কমিটিতেই ভারত সরকার রেখেছিলেন পথপ্রদর্শনের জন্য।

শিক্ষার প্রসারের প্রসঙ্গে প্রসঙ্গান্তরে যাবার আগে বলব যে তাপসবাবু ও তাঁর স্ত্রী গৌরীদি ব্যক্তিগত জীবনে ও আচরণে তাঁদের জীবনকে বহু দরিদ্র অনগ্রসর পরিবারের শিশুদের শিক্ষায় ও সেবায় নিয়োজিত করেছিলেন। এ আমাদের অনেকেরই দিল্লিতে চোখে দেখা। মাদার টেরেসার জীবন ও আদর্শের প্রতি শ্রদ্ধাশীল এই দম্পতি জীবনের শেষ দিকে তাঁদের ব্যক্তিগত সম্পত্তির এক অংশ রামকৃষ্ণ মিশনে বঞ্চিত অনগ্রসর শ্রেণির ছাত্রদের শিক্ষার উদ্দেশ্যে ফেলোশিপ প্রদানের জন্য এককালীন endowment হিসেবে দান করেন।

কৃতি ছাত্র-ছাত্রী, লেখার প্রকাশনা ও বিদেশে অধ্যাপনা

প্রায় ৪৫ বছর অধ্যাপনার দীর্ঘসময়ে অগণিত ছাত্র তাপসবাবুর কাছে শিক্ষা লাভের সুযোগ পেয়েছেন। তাঁরা অনেকেই দেশে ও বিদেশে ছড়িয়ে আছেন। এঁদের অনেকেই শিক্ষা, অর্থনীতি ও দেশ পরিচালনায় উল্লেখযোগ্য

অবদানের জন্য পরিচিত। তাপসবাবুর কৃতি ছাত্র-ছাত্রীদের তালিকা অতি দীর্ঘ, তাঁদের অনেককেই আমি চিনি না। তবুও পাঠককে কিছুটা ধারণা দেওয়ার জন্য উদাহরণস্বরূপ সামান্য ক’টি নামের উল্লেখ করি – নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন, সুখময় চক্রবর্তী (স্বর্গত), মিহির রক্ষিত, অমিয় বাগচী, অমরেশ বাগচী (স্বর্গত) প্রবনারায়ণ ঘোষ, নবেন্দ্র সেন (স্বর্গত), অর্জুন সেনগুপ্ত(স্বর্গত), অশোকসঞ্জয় গুহ, প্রণব বর্ধন, অমিত ভাদুড়ী, সুনন্দা সেন, বিমল জালান, মুকুল মজুমদার ও আরও অনেকে। তাপসবাবুর লিখিত বই এবং প্রবন্ধও অনেক। *Measurement of Utility* (Macmillan 1958) এবং *Investment in Education and Social Choice* (Cambridge University Press 1983) – এই দু’টিই তাঁর প্রধান বই। এছাড়া উনি *Growth and Choice* (Oxford University Press 1968) এবং *Nature, Man and the Indian Economy* (OUP, 1993) নামক দুটি মূল্যবান গ্রন্থ সম্পাদনা করেন। প্রথমটি অর্থনীতির মূল্যবান তত্ত্বের উপর বিভিন্ন গবেষকের লেখা প্রবন্ধাবলীর সংগ্রহ এবং দ্বিতীয়টি ভারতীয় অর্থনীতির বিভিন্ন বিষয়ের ওপর বিশিষ্ট অর্থনীতিবিদদের লেখা প্রবন্ধাবলী। এছাড়া বিভিন্ন প্রথমসারির আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জার্নালে – *Econometrica*, *Journal of Political Economy*, *Quarterly Journal of Economics*, *Economica*, *Analyse and Kritik* –এ ওঁর গুরুত্বপূর্ণ প্রবন্ধ বিভিন্ন সময় প্রকাশিত হয়।

এছাড়া কর্মজীবনে বিভিন্ন সময়ে নানা আমন্ত্রণে তাপসবাবু বিদেশে Visiting Professor হিসেবে গিয়েছিলেন। এর মধ্যে Institute of Development Studies (University

of Sussex)–এ এবং Swarthmore College–এ বেশ কিছুদিন আশির দশকে ছিলেন। উনি জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে ওই দশকেরই কোনও সময় স্কুল অব সোস্যাল সায়েন্সেস–এর Dean হয়েছিলেন। ১৯৯৪ সনে অবসর গ্রহণের পর এই বিশ্ববিদ্যালয় তাপসবাবুকে বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে তাঁর অবদান এবং পণ্ডিত ও শিক্ষক হিসাবে স্বীকৃতি হিসাবে এম্যারিটাস প্রফেসরশিপ দিয়ে সম্মান প্রদর্শন করে। তাপসবাবুর অর্থনীতি শাস্ত্রে এবং দেশে শিক্ষার উন্নয়নে আজীবন অবদানের স্বীকৃতি হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয়

শিক্ষার প্রসারের প্রসঙ্গে প্রসঙ্গান্তরে যাবার আগে বলব যে তাপসবাবু ও তাঁর স্ত্রী গৌরীদি ব্যক্তিগত জীবনে ও আচরণে তাঁদের জীবনকে বহু দরিদ্র অনগ্রসর পরিবারের শিশুদের শিক্ষায় ও সেবায় নিয়োজিত করেছিলেন। এ আমাদের অনেকেরই দিল্লিতে চোখে দেখা

২০০৭ সনে D Lit (Honoris Causa) উপাধি প্রদান করে এবং Asiatic Society Vidyasagar Gold Plaque for 2006 প্রদান করে সম্মান প্রদর্শন করে।

একটি আকর্ষণীয় ব্যক্তিত্ব

সর্বোপরি জে.এন.ইউ.তে অনেকের কাছে তাপসবাবু ছিলেন একজন আকর্ষণীয় ব্যক্তিত্ব সম্পন্ন কাছের মানুষ। এই বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষক, ছাত্র, কর্মচারী ও সমাজে কোনওভাবে যুক্ত সাধারণ মানুষ নানা পরিস্থিতিতে সুখে-দুঃখে-সমস্যায় তাঁর কাছে উপদেশ বা সাহায্যের জন্য এসেছে। সকলের কাছেই তাপসবাবুর দ্বার উন্মুক্ত ছিল। এই মৃদুভাষী অমায়িক কৌতুকপ্রিয় প্রখর ধীশক্তিসম্পন্ন মানুষটি জে.এন.ইউ.তে আমাদের প্রাতিষ্ঠানিক ও সমাজজীবনের পরিমণ্ডলকে শান্ত ও গভীরভাবে প্রভাবিত

করেছিলেন। দিল্লির মতো জড় ও ধনবাদী ও রাজনৈতিক ক্ষমতার প্রতাপ ও প্রচারের জায়গায় তাঁর মতো ব্যক্তিত্বের উপস্থিতি আমাদের কাছে অপরিসীম আশা ও প্রেরণার উৎস ছিল।

তাপসবাবুর খেলা দেখা এবং বহুরকম বই–এর মধ্যে Science Fiction–এ বিশেষ আকর্ষণ ছিল। সবশেষে তাঁর কৌতুকপ্রিয়তার কথা না উল্লেখ করলে লেখা অসম্পূর্ণ থেকে যাবে। ওঁর কাছে গেলে প্রায় প্রতিবারই কোনও না কোনও একটি মজার কথা বা গল্প শুনতে

পেতাম যা নির্মল হাস্যরসের অবতারণা করত। একদিন মনে আছে মানুষের আয়ু ভাগ্য দিয়ে পূর্ব নির্ধারিত কিনা এই নিয়ে গল্প হচ্ছিল। উনি বললেন ‘শুনেছি মানুষের আয়ু দিন বা বৎসর হিসেবে নয়, কতবার একজীবনে একজন শ্বাস নেবে তা দিয়ে পূর্বনির্ধারিত থাকে। এই জন্যেই বোধ হয় যোগীরা মাত্র একটিবার শ্বাস নিয়ে দিন কাটাবার চেষ্টায় থাকেন।’

তাপসবাবু চলে গেলেন। তাঁর শিক্ষা, মানবিকতা, সুমধুর ব্যবহার ও কৌতুকপ্রিয়তায় উনি আমাদের স্মৃতিতে বেঁচে আছেন ও চিরকাল থাকবেন।

প্রথম প্রকাশিত কালপ্রতিমা সাহিত্যপত্রঃ জুলাই ২০১১

প্রাক্তনী (অর্থনীতি/১৯৬২–৬৭

অধ্যাপনা ১৯৬৯–১৯৭৬)

The Essential Tagore

REBA SOM

This has been a period of Tagore celebrations in India and abroad. In 2011 we paid homage to him on his 150th birth anniversary – 2010 was the 100th year of the publication of *Gitanjali* and 2013 will be the 100th year of the Nobel award for Literature that Tagore received for *Gitanjali* (*Song Offerings*), a slim volume of 103 song/poems in his own English translation for which he is most known.

And yet *Gitanjali* was a small part of the large body of Tagore’s creative work which comprised 28 large volumes consisting of poetry, dramas, operas, short stories, novels, essays and diaries, several volumes of letters, over 2000 songs and 3000 paintings and drawings. This artistic output, amazing in quantity and diversity, came from a truly “myriad-minded man” as Oxford University in its doctoral citation described Tagore.

When all the anniversary celebrations are over how will we remember Tagore – will he be relegated to the archives of history, and revered only as a cultural icon? Or will the fact that Tagore was an exceptionally modern man with contemporary relevance ensure that his memory stays

alive for generations to come.

The first challenge to appreciating Tagore outside Bengal is, of course, linguistic. However, with the lifting of copyright permission by Tagore’s Visva-Bharati University in 2001 there have been large-scale translations of Tagore – not only in English but all major European languages as well as regional languages of India. Even his songs, considered by Tagore to be his best literary work, are being translated so that the wealth of his lyrics can be understood by those who do not understand Bengali. Tagore had feared that much of his songs would be lost, for the West did not understand his language and nor did most of his countrymen. And yet he retained the hope that one day they would. Perhaps that day has come. It was Tagore’s dream that his songs, which he said were “real songs” – with real human messages and emotions – would appeal to all across time and geographical boundaries.

It is important to remember also that Tagore was equally proficient in English and his English writings consisting of poems, plays, articles, lectures, letters and his own translations cover four large volumes which have been brought

out by Sahitya Akademi. A rebel at heart, Tagore had shunned formal schooling and was taught English by tutors at home. He remained diffident, however, and mentioned to his niece that if anyone wrote to him asking him for tea he did not feel equal to answering it. Much of this was, of course, his self deprecatory style for we know that *Gitanjali* – which won him the Nobel Prize – was written in English.

At the end of this celebration year we should deliberate on what we can carry home with us about the Essential Tagore, gleaned from his life and his creative oeuvre.

Tagore was born in 1861 – three years after India had come under the British crown. The three major cultural influences on him with distinct socio-religious overtones were Persian, Bengali, and British. The Tagore family was at the helm of a cultural renaissance movement when outmoded indigenous practices were challenged, enlightened Western values accepted, while pride in India’s distinctive heritage was equally generated. While Rabindranath was part of this movement he was able to keep his point of view distinct and often he fearlessly stepped aside from the broad currents sweeping the cultural fabric of the society that he was born into.

Therefore the first aspect of the Essential Tagore is that of Tagore as a nonconformist, “a dissenter among dissenters”, as Ashish Nandy calls him, and a fierce crusader for personal freedom. The freedom or *mukti* that Tagore craved for operated at all levels – as a child he had run away from school since it enforced a soul-

killing discipline. As a young crusader of the campaign against Bengal partition in 1905 he was soon to become disillusioned with the destructive outcome of revolutionary politics and the non-productive outcome of boycotts and strikes. He dared to disagree with Gandhi's non-cooperation and the prescription of compulsory spinning which he felt was an imposition.

Tagore's path was his own – if no one listens to your call go it alone – he wrote in his famous song – *Jodi tor dak shune keu na ashe taube ekla cholo re*. This soul-stirring song written during the anti Bengal partition movement was inspired by the bauls.

Tagore's creative work comprised 28 large volumes consisting of poetry, dramas, operas, short stories, novels, essays and diaries, several volumes of letters, over 2,000 songs and 3,000 paintings and drawings

Tagore found solace in the unconventional wisdom of the bauls, or wandering minstrels who were in the marginalized rims of society. Finding peace in his ancestral estates in riverine rural Bengal, among the baul community, Tagore could distance himself from the urban *melée*. A rebel at heart, he empathized with the bauls. Denied temple-entry by priests, bauls claimed that God's temple was the wide world from which no priest could keep them out. The God of the bauls was not an impersonal awesome fearful presence but the friend, lover, and companion who existed within their hearts, their *moner manush* or soul's companion. Tagore loved the sense of equality between man

and God that the bauls declared in their songs. He was agreeably surprised to find that the baul beliefs had a resonance in his own philosophy of life that had evolved through time. His *jeevan devata* – the God of Life – was not unlike the bauls' *moner manush*. Tagore strongly believed that divinity in man was linked with humanity in divinity. Tagore's freedom lay in the open skies, in the dust, in the blades of grass, in the notes of music that carried him beyond the pale of body and mind.

Tagore's deep sense of freedom, equality, and ingrained belief in social and ethical values made him loudly protest in his vast

volume of literature against the plight of the untouchable *chandals* and the marginalization of women and religious minorities. His strong protest captured in melodic verses, moving prose, and powerful theatre dialogues have a contemporary relevance since much of the problems remain today.

The second aspect of the Essential Tagore is the sense of balance and rhythm that Tagore found in nature, which he sought to maintain in his creative work. Imagining how a hundred years hence a reader of his poems might recall him, Tagore wrote in a celebrated poem that he would like to be remembered as the poet who felt one with nature:

'Let my spring song resound in your spring day

For a while let my tune stay –

In the fluttering of your soul, the humming of bees

And murmuring in leaves,

A hundred years from now!'

(*'Aji hote shoto borsho pare'* from *Chitra*; translated by Fakrul Alam in *The Essential Tagore* edited by Fakrul Alam & Radha Chakravarty, Harvard University Press, 2011, p 245)

Integral to Tagore's philosophy was the consciousness of an endless dialogue that takes place between the inner and the outer. At the highest spiritual level it was the dialogue between the *atma* and the *paramatma* – the soul and the larger truth. At the everyday level it was reflected in the two movements of the earth – rotation and revolution – which metaphorically impacted man. While man pivoted on the diurnal axis of his cultural roots he drew from cultures of the world on the path of revolution. It is through these two movements that man discovered himself. This was in essence the philosophy behind Tagore's university, Visva-Bharati. Inaugurated in 1921, it sought to welcome all the cultures of the world in one nest offering to them the hospitality of India's own culture while accepting from them their best. Tagore was equally fascinated by Buddhism for the same sense of balance it had created by being rooted in India, its mother soil, while spreading its branches far and wide.

In dance, too, Tagore envisioned this dialogue between the outer and the inner. In the brief

preface to *Nataraj* celebrated in Santiniketan during Holi in 1927, Tagore wrote: "Nataraj or Shiva in his cosmic dance or *tandava*, created the external beauty of the universe with the strike of one foot, while with the stamp of the other he caused the emotional landscape of the individual to be manifested. If one could participate in the great rhythm of cosmic dance in both these manifestations of the outer and inner, the mind would be released from all restraining bonds and enjoy the endless interplay of emotions or *leela ras*." Man's constant engagement with the good and the bad, with life and death, with tears and laughter while keeping his balance is beautifully captured in Tagore's song – *mamo chittye niti nritye ke je nache, tata thoi thoi, tata thoi thoi, tata thoi thoi*.

Tagore's sense of balance – which came from his understanding of cosmic harmony – extended to his vision of creative unity in the arts, which is the 3rd aspect of the Essential Tagore that I will elaborate. Tagore believed that all disciplines of learning were somehow linked in Oneness which reflected a holistic vision essential for true education. He felt that rhythm was the creative force which made words of un-cadenced prose, vibrate with radiance. In perfect rhythm, even art forms acquired a momentum which went beyond their seeming stillness "like a motionless flame which is nothing but movement."

(*The Essential Tagore*, op cit, p 190)

Tagore wrote the object of education is to give man the unity of truth. "I believe in a spiritual world – not as anything

separate from this world – but as its innermost truth." He lamented that in modern times the creative unity in education between intellectual, physical and spiritual practiced by ancient teachers was breaking up. His fear that education was focusing only on giving information and not knowledge only for creating jobs to the detriment of ethical and spiritual values holds good specially today.

(Rabindranath Tagore, in *Personality*, in *The English Writings of Tagore*, Vol 2, Sahitya Akademi, Delhi, 2008, p 394)

It was Tagore's dream that his songs, which he said were "real songs" with real human messages and emotions would appeal to all across time and geographical boundaries

At Visva-Bharati Tagore sought to bathe the academic atmosphere in music and dance which would enter the subconscious of all students including those who studied other disciplines. In Tagore's vision music, dance and painting were all inter-related and were different expressions emanating from the same fount of creative energy.

Apart from art, music and dance there was yet another creative medium that attracted Tagore although it was then in a nascent stage. This was cinema. Tagore wrote in a letter dated November 26, 1929: "The primary feature of the cinema is the motion of images. These moving images should be expressed in such a way that the beauty and glory of a sequence can be understood without resorting

to the use of words and sentences. If an extraneous language dictates the language of the cinema, then it can have a crippling effect on the cinematic language." Such thoughts were truly modern in his times!

The 4th aspect of the Essential Tagore was Tagore's belief in man. Despite all the personal setbacks and grief in his life, when he saw death claiming one by one all his loved ones, Tagore was never bitter with life. He never desired an ascetic withdrawal but sought to engage with life to the full. In his celebrated poem '*Pran*' he wrote:

I don't want to leave this lovely world/ I want to stay in the midst of mankind

In this sun-drenched flower-filled garden/ I'd like to be at the pulsating heart of life

(*The Essential Tagore*, op cit, p 226)

Tagore described his personal religion as the Religion of Man. The creativity of the human mind, its ability to face challenges and transcend day-to-day obstacles to reach a state of equilibrium made man God's unique creation. The creative impulse in man made him the "dreamer of dreams, the music-makers." (*Creative Unity, in the English Writings of Rabindranath Tagore*, Vol 2, op cit, p 499). Tagore sought to find this universal man in the

world. He wrote: “I do not put my faith in any new institution but in individuals all over the world, who think clearly, feel nobly and act rightly, thus becoming the channels of moral truth.” (Ibid)

Finally, the Essential Tagore recognized and loudly proclaimed India’s pluralism – its rich tapestry of cultures woven by streams of people who have poured into India from time immemorial to flow into the ocean of mankind. This concept of a syncretic civilization – to be distinguished from Europe’s aggrandizing nationalism – was a novel thought in his day. When Tagore spoke against Nation in a series of lectures in Japan and USA he was misunderstood abroad as well as in India. Tagore’s patriotism was unquestionable but what he dared to say was that India could not be forced into the mechanical mould of a Nation state as it was itself ‘a world in miniature’ with a ‘looseness in its diversity’ and a ‘feebleness in its unity’. In his *Bharat Tirtha* written in 1910 and

Janaganamana written in 1911, later to become India’s National Anthem, Tagore spoke of the diverse racial, ethnic and religious streams which have entered India in waves to be assimilated into its body fabric. The strength of India lies in its pluralist identity and when this comes under attack, as it has in contemporary times, it is important to remember Tagore’s philosophy and the wealth of his lyrics.

It is not that Tagore was unaware of the pitfalls on the path of syncretic civilization that he wished for India. Repeatedly he saw how casteism, communalism and blind traditionalism stood in the way of unity and progress of the Indian people. Towards the end of his life he was also disillusioned with the West and saw the deep contradictions between enlightened Western values of liberty and equality and what was being practised. His ‘*Crisis of Civilisation*’ written months before his death in 1941 was a sad commentary of the

war-torn years and ominously has solemn lessons for our present times.

ডবল হাফের রহস্য বোধ হয় বর্তমান প্রজন্মের জন্য নেই, তাই ব্যাপারটা একটু বুঝিয়ে বলি। বসন্ত কেবিনের দুধ-চিনি সহ পুরো এক কাপ চায়ের দাম ছিল চার পয়সা। তার অর্ধেক হল হাফ কাপ – দাম দু’ পয়সা। আর রহস্যমণ্ডিত ডবল হাফে চায়ের জলটা পুরোই থাকত, কিন্তু দুধ-চিনি অর্ধেক। দাম তিন পয়সা। হুঁশিয়ার খন্দেররা ‘বড্ড কড়া করে ফেলেছ’, এ যে একদম পানসে’ ইত্যাদি নানা ধরনের ধান্দা তুলে দুধ এবং চিনির পরিমাণ তিন পয়সা। হুঁশিয়ার খন্দেররা ‘বড্ড কড়া করে ফেলেছ’, এ যে একদম পানসে’ ইত্যাদি নানা ধরনের ধান্দা তুলে দুধ এবং চিনির পরিমাণ বাড়িয়ে নিতেন। ডবল হাফ বসন্ত ফুল কাপ হয়ে যেত, তিন পয়সা দিয়ে চার পয়সার চা সন্তোষ করা যেত। এই এক পয়সার লড়াইয়ে

দক্ষ যোদ্ধাদের আমরা বিশেষ শ্রদ্ধার দৃষ্টিতে দেখতাম। পাঠিকা/পাঠক স্মরণ রাখবেন তখন লেকচারারদের মাইনে মাসে বড় জোর দুশো টাকা। ফাস্ট-সেকেন্ড হওয়া ছাত্ররা মাসিক জলপানি পেত চল্লিশ টাকা। সুতরাং টাকার চৌষটি ভাগের এক ভাগ যে এক পয়সা, তা নিতান্ত মূল্যহীন ছিল না। ট্রামের ভাড়া এক পয়সা বাড়ায় যে-বিরাত গণ-আন্দোলন হয়েছিল তা থেকে ব্যাপারটা বুঝতে পারবেন। আমরা এখনও বেশ গরিব। কিন্তু তখন আরও কত গরিব ছিলাম এ কথা স্মরণ করলে বাঙালি মধ্যবিত্তের আত্মবিলাপ হয়তো কিছুটা কমতে পারে। স্বাধীন ভারতরাষ্ট্রের একমাত্র যোগ্য স্থান আঁস্তাকুড় এই ধারণার কিঞ্চিৎ পুনর্নির্দেশনও হতে পারে।

বসন্ত কেবিনের গৌরবের একমাত্র ভিত্তি ডবল হাফ – এ কথা ভাবলে ভুল হবে। ওদের আর একটি বিশিষ্ট অবদান ছিল চার পয়সা দামের টোশ অর্থাৎ টোস্ট। রাঁধুনিটি ছিল টোস্ট শিল্পে নোবেলবিজেরতা। আর আজকাল যে ‘বাছবার অধিকার’ বা ‘চয়েস চয়েস’ করে বিলেতের প্রধানমন্ত্রী মাথা খুঁড়ছেন, ওই রন্ধনশিল্পীর সে দিকেও নজর ছিল। টোস্ট দুই রূপে পরিবেশিত হত – চিনি দিয়ে বা গোলমরিচ মাখিয়ে। এমন সুব্যবস্থা অন্য কোন টোস্টভোজী সংস্কৃতিতে চোখে পড়েনি। তার অসাধারণ বুদ্ধি খাটিয়ে গরিব বাঙালি, জ্যাম জেলি মারমাইটের কাজ স্বল্পমূল্যে চিনি বা গোলমরিচের গুঁড়ো দিয়ে সেরে নিয়েছে।

সন্তায় বিলাসের জায়গা বসন্ত কেবিনে ভিড় বড্ড বেশি হত। ওটা পা ছড়িয়ে আড্ডা দেওয়ার জায়গা ছিল না। সে প্রয়োজন মেটাত কফি হাউস, যদিও ভোগ্যবস্তুর দাম সেখানে তুলনায় কিছু চড়া। এক কাপ কফি সেখানে চার আনা – কলেজ স্ট্রিট থেকে ঢাকুরিয়া লেক পর্যন্ত যাওয়া-আসার ভাড়া। প্রেসিডেন্সি কলেজের অনেক ছাত্রেরই যা কিছু শিক্ষাদীক্ষা তা ওইখানেই হয়েছে, রাস্তা পার হয়ে উলটো দিকের বাড়িটায় ঢুকবার কোনও প্রয়োজন হয়নি। কলেজসংলগ্ন রায়মশায়ের কাফেতেও অনেকে সময় কাটাতেন। কিন্তু দু’-চারজন স্বর্ণমণ্ডিত বখা একটু বাড়াবাড়ি করে রায়মশায় মারফত বিয়ার আমদানি শুরু করায় ভদ্রলোক

বিতাড়িত হলেন। বখাদের অন্যত্র ঘাঁটি গাড়তে হল।

কফি হাউসের আড্ডায় নিছক অলস গালগল্প হত, এমন নয়। উত্তপ্ত রাজনৈতিক আলোচনা, জ্ঞানপিপাসু তরুণদের সাহিত্য-দর্শনের জগতে নিতানতুন গুরু আবিষ্কার, পশ্চিমি চিত্রশিল্পের পোস্টকার্ড সাইজের প্রতিলিপি দেখে প্রচণ্ড উত্তেজনা, কখনও কোনও খ্যাতনামা মনীষী বা রাজনৈতিক নেতৃস্থানীয় ব্যক্তিত্বের আবির্ভাব হলে তাঁকে ঘিরে নানা সমস্যার বিশ্লেষণ – এ সবই কফি হাউস সংস্কৃতির অঙ্গ ছিল। অল্লানদা (অল্লান দত্ত) তখনই আপসহীন বিশ্লেষণপ্রবণ মানুষ। দলবল নিয়ে কোনোর

এক পয়সার লড়াইয়ে দক্ষ যোদ্ধাদের আমরা বিশেষ শ্রদ্ধার দৃষ্টিতে দেখতাম। পাঠিকা/পাঠক স্মরণ রাখবেন তখন লেকচারারদের মাইনে মাসে বড় জোর দুশো টাকা। ফাস্ট-সেকেন্ড হওয়া ছাত্ররা মাসিক জলপানি পেত চল্লিশ টাকা। সুতরাং টাকার চৌষটি ভাগের এক ভাগ যে এক পয়সা, তা নিতান্ত মূল্যহীন ছিল না

একটি টেবিলে বসে মৃদুস্বরে ধ্বনি তুলতেন, “আজ আমরা কী নিয়ে আলোচনা করব?” বাজে গালগল্পে ওঁর রুচি ছিল না, যদিও উনি মোটেই রামগুরুড়ের ছানাজাতীয় কিছু ছিলেন না। উনি বলতেন, জ্ঞানের চর্চা তো অনেকেই করেন এবং করছেন। উনি চান চিন্তা করতে। কফি হাউসের আড্ডা ওঁর সেই চিন্তাচর্চার অন্যতম মঞ্চ ছিল। কখনও কখনও ওঁদের আড্ডায় মানবেন্দ্রনাথ রায় উপস্থিত থাকতেন। আমার সন্ত্রমের সঙ্গে দূর থেকে দেখতাম। আমি নিজে বরাবরই ছ্যাবলা প্রকৃতির মানুষ। বেশিক্ষণ গুরুগম্ভীর আলোচনা শুনলে এখনও মাথা ধরে। অল্লানদার সঙ্গে আমার ঘনিষ্ঠ বন্ধুত্ব ছিল। সংকটের মুহূর্তে ওঁর গভীর মানবতাবোধ আমাকে সাহসনা দিয়েছে। কিন্তু ওঁর কফি হাউসের আড্ডার নিরঙ্কুশ গাম্ভীর্য আমার সহ্য হত না। আমার সঙ্গে সম্পর্কে ওঁর কৌতুকপ্রবণতা, ঝকঝক বুদ্ধির লঘু প্রকাশটাই বেশি দেখতাম।

কফি হাউসে আর দুটি মানুষের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় হয়। তাঁদের একজন ভূপেন্দ্রনাথ দত্ত,

স্বামী বিবেকানন্দের ছোট ভাই, অগ্নিযুগের বিখ্যাত বিপ্লবী। উনি খুব গর্ব করে বলতেন যে, উনিই সেই মানুষ যাঁর বৈপ্লবিক ক্রিয়াকর্মের জন্য সশ্রম কারাদণ্ডের অংশ হিসাবে ওঁকে ঘানি টানতে হয় এবং সেই উপলক্ষে বাঙালি মহিলারা রত্নগর্ভাজ্ঞানে ওঁর মাকে অভিনন্দন জানান। উনি নাকি মাকে ঠাট্টা করে বলেছিলেন, “মা, তুমি বিবেকানন্দের মা হয়েও এই সম্মান পাওনি।” আদি যুগের কমিউনিস্ট ডক্টর দত্ত লেনিনের সঙ্গে কাজ করেছিলেন। ওঁকে মাঝে মাঝে বক্তৃতা করতে ডাকতাম। উনি শুধুই ডায়লেকটিকাল মেটেরিয়ালিজম নিয়ে বক্তৃতা করতেন, ওঁর দেশের বা রাশিয়ার অভিজ্ঞতা সম্পর্কে কিছু বলতে চাইতেন না।

সন্ত্রাসবাদ সম্পর্কে উনি শ্রদ্ধা হারিয়েছিলেন বলে আমার ধারণা। বলতেন, “ওসব খুন্দের পাদের গল্প শুনে কী করবে? যেসব গল্প চালু আছে তার বেশির ভাগই ডাফা মিথ্যে কথা।” বিশেষ করে মানবেন্দ্রনাথ রায়ের প্রতি ওঁর অত্যন্ত অভক্তি ছিল। তাঁর বৈপ্লবিক ক্রিয়াকর্ম সম্বন্ধে যেসব কথা বলতেন, তা লিখলে ওঁর ভক্তরা মানহানির মকদ্দমা করতে পারে। যখন আমার সঙ্গে ওঁর পরিচয় হয়, ভূপেনবাবু তখন দারিদ্র্যের শেষ সীমায় পৌঁছেছেন মনে হত। ওঁর পরনে থাকত একটি আধময়লা ধুতি আর এক মটকার পাঞ্জাবি। ওই একটি ছাড়া দ্বিতীয় কোনও পাঞ্জাবি ওঁর সম্ভবত ছিল না। কফি হাউসে এসে এক কাপ কফি নিয়ে উনি অনেকক্ষণ বসে থাকতেন। আমরা এসে ওঁর জন্যও স্যান্ডউইচ বা আর কিছু জলখাবার অর্ডার দিলে বেশ খুশি হতেন। বরাবরই মনে হয় – আদর্শের জন্য নিবেদিতপ্রাণ এইসব মানুষ যাঁরা বিনা দ্বিধায় অন্তহীন দুঃখ বরণ করেছিলেন, তাঁদের ঐতিহ্যের ছিটেফোঁটাও কেন আমাদের স্বাধীনতা-পরবর্তী যুগে রাজনৈতিক জীবনে অবশিষ্ট রইল না? সেই

দুঃখবরণের প্রয়োজনীয়তা কি সত্যিই আমাদের জীবন থেকে সম্পূর্ণভাবে মুছে গেছে? সমাজ এবং রাজনৈতিক জীবনের রক্ত্রে রক্ত্রে যে অনাচার আজ আমাদের নিত্যকার অভিজ্ঞতা, তার থেকে মুক্তি তা হলে কোন পথে আসবে? যাঁরা সেই আদর্শে আজও অনুপ্রাণিত, তাঁদের প্রায় সকলেরই কর্মক্ষেত্র ক্ষমতাবর্জিত প্রতিবাদে সীমিত।

দ্বিতীয় যে-লোকটির সঙ্গে কফি হাউসের আড্ডায় পরিচয়ের সুযোগ হয়েছিল, তিনিও অন্য এক অর্থে আদর্শবাদী মানুষ। শিবরাম চক্রবর্তী আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাসে পরিচিত নাম। ওঁর স্বতস্ফূর্ত বাধাবন্ধহীন ফুর্তির উৎস যে-জীবন, সেখানে কিন্তু আরাম বা স্বাচ্ছন্দ্যের বিশেষ চিহ্ন ছিল না। তখনকার

বেশি কিছু খেতে চাইতেন না। বোধ হয় ওঁর আত্মসম্মানে বাধত।

প্রাক্-স্বাধীনতা যুগে মধ্যবিত্ত সমাজের সব স্তরেই আদর্শবাদী মানুষের সাক্ষাৎ মিলত – যাঁদের বিশ্বাস আর জীবনযাত্রার মধ্যে কোনও গরমিল ছিল না। সব রাজনৈতিক দলেরই শক্তির উৎস ছিল আদর্শনিষ্ঠ কর্মী। প্রেসিডেন্সি কলেজে দেখতাম, স্বর্ণমণ্ডিত তরুণরাও বিলাসব্যসনের ব্যাপারে একটু সামলে চলতেন। কলেজে গাড়ি চেপে খুব কম লোকই আসতেন। আর প্রায় সব ছাত্রেরই পরিষেয় ছিল ধুতি বা পায়জামা-পাঞ্জাবি। এমনকি পার্ক স্ট্রিটের দক্ষিণাঞ্চল বা আলিপুরনিবাসী ধনী সন্তানরাও ধুতি বা পায়জামাই পরতেন। অবশ্যি তখন ধুতি পরে

প্রাক্-স্বাধীনতা যুগে মধ্যবিত্ত সমাজের সব স্তরেই আদর্শবাদী মানুষের সাক্ষাৎ মিলত – যাঁদের বিশ্বাস আর জীবনযাত্রার মধ্যে কোনও গরমিল ছিল না। সব রাজনৈতিক দলেরই শক্তির উৎস ছিল আদর্শনিষ্ঠ কর্মী

যুগের লেখক এবং বুদ্ধিজীবীরা অনেকেই গভীর দারিদ্র্যের মধ্যে বাস করতেন। সম্পূর্ণ স্বাভাবিক কারণেই এর ফলে তাঁদের জীবন ও চরিত্রে একটা তিক্ততা নজরে পড়ত, যার অন্যতর প্রকাশ ছিল পারম্পরিক ঈর্ষা, বিদ্বেষ আর দলাদলি। এইসব ব্যাধি থেকে মুক্ত সদানন্দ মানুষ অল্প যে ক’জন দেখেছি, শিবরাম বা শিব্রাম তাঁদের একজন। যেসব লোক এক কাপ কফি নিয়ে অনেকটা সময় কফি হাউসে কাটাতেন, উনি ছিলেন তাঁদের একজন। তার বেশি খরচ করার রেষ্ট্রা এঁদের ছিল না। অল্প ব্যয়ে বেশ কিছুটা সময় পরিষ্কার-পরিচ্ছন্ন ঠান্ডা একটা ঘরে বসে থাকাই এঁদের জীবনে স্বচ্ছন্দ বিশ্রাম আর বিলাসের স্বাদ বয়ে আনত। ওঁর জন্যে কিছু খাবার ফরমাস করতে গেলে উনি বাধা দিতেন। বলতেন, “ভাই, রিটার্ন দেব, এমন রেষ্ট্রা তো আমার নেই।” আমরা বলতাম, “দাদা, আপনার লেখা এত লোককে এত আনন্দ দেয়, তার পরিবর্তে আপনাকে আমরা সামান্য কিছু খাওয়াতে পারি না?” একটু কাঁচুমাচু হয়ে উনি রাজি হতেন, কিন্তু

ট্রাম-বাসে চড়লে লজ্জানিবারণ দুঃসাধ্য ছিল না। সেই অবস্থার পরিবর্তনের ইতিহাস বিষয়ে আমাদের সহপাঠী এক শৌখিন কলকাতিয়া ফুলবাবু সম্পর্কে একটি মোক্ষম কাল্পনিক কাহিনি চালু ছিল। এই ব্যক্তি কোঁচানো ধুতি আর আদির পাঞ্জাবি পরে ট্রামে-বাসে চলাফেরা করতেন। কোন মন্তব্যে জানি না, যে-বাসের সিঁড়িতে জীবন বিপন্ন করে যাত্রীরা ঝুলে আছে, তা থেকেও তিনি অক্ষত-ইস্তিরি পাঞ্জাবি, অপরিদ্রব্ধ কোঁচানো ধুতি নিয়ে স্মিত বদনে নেমে আসতেন। কোন জাদুমন্ত্রে এই অসাধ্যসাধন সম্ভব হত তা আমার জানা নেই। পরে দেখেছি – এই জাদুবিদ্যায় কবি বিষ্ণু দে-ও সার্থকসাধন ছিলেন। অবশ্যি উনি বলতেন যে, ওঁর পিতাঠাকুর কোঁচানো ধুতি আর গিলে করা পাঞ্জাবি পরে শুতে যেতেন। সকালবেলা যখন শয্যা ত্যাগ করতেন তখন নাকি জামাকাপড়ে একটি ভাঁজও চোখে পড়ত না। অর্থাৎ বিষ্ণুবাবুর বক্তব্য, এ ব্যাপারে ওঁর কোনও ব্যক্তিগত কৃতিত্ব ছিল না। ক্ষমতাটা জন্মসূত্রে জিন্স মারফত পাওয়া। সে কথা যাক,

আমাদের সেই ধুতিবিলাসী সহপাঠীটি ট্রামে-বাসেও সযত্ন-কৃষ্ণিত কোঁচার মুঠিটি এক হাতে ধরে চলাফেরা করতেন। একদিন কোঁচা হস্তে বাস থেকে নেমেছেন। পিছনে প্রচণ্ড হইহই, রীতিমতো জনবিক্ষোভ। কারণ ওঁর হস্তধৃত কোঁচাটি ওঁর নয়, অন্য কোনও যাত্রীর। এই কাহিনি চালু হওয়ার পর তিনি ধুতির বদলে পায়জামা পরতে শুরু করেন। কাহিনিটিতে কলকাতার সামাজিক ইতিহাসের এক করুণ পরিচ্ছেদের ছায়া আছে। পরিচ্ছেদটির নাম – ‘কেন বাঙালি ফিরিঙ্গিবেশ ধারণ করল?’

এর চেয়েও করুণ এক ইতিহাস আছে, কেননা কিছু বাঙালি তরুণ রবীন্দ্রনাথের ভাষা ত্যাগ করে ‘হাই ইয়ার’ মার্কা টেঁশু ইংরিজিকে মাতৃভাষা বলে বরণ করেছে। সেই মর্মস্পর্ক ইতিহাস লিপিবদ্ধ করি এমন মনোবল আমার নেই। শুধু বলি, চল্লিশের দশকে প্রেসিডেন্সি কলেজে অত্যন্ত ব্যাংরেজ পরিবারের ছেলেদেরও ইংরিজিতে আলাপ করতে কখনও দেখিনি। ওই অনাচার দুটি মিশনারি কলেজের ছেলেমেয়েদের মধ্যেই সীমাবদ্ধ ছিল। যখন অধ্যক্ষ অপূর্ব চন্দর উৎসাহে কলেজে মেয়েরা পড়তে এলেন, তখন কিন্তু দেখেছি ওই মিশনারি কলেজের মেয়েরাও বাংলাই বলতেন। স্বাধীনতা লাভের আগে মাতৃভাষা ছেড়ে শাসক জাতির ভাষা বলাটা বেশির ভাগ শিক্ষিত মানুষ লজ্জার ব্যাপার মনে করত। এখন যেমন আমরা লজ্জা ঘৃণা সব ত্যাগ করে মুক্তির আনন্দে হাবুডুবু খাচ্ছি, বিদেশি শাসনের যুগে ঠিক এতটা আত্মসম্মানবোধহীন নির্লজ্জ আমরা হয়ে উঠতে পারিনি।

’৪৩ সনে প্রেসিডেন্সি কলেজে ভর্তি হয়ে একটা ব্যাপারে কিছুটা অবাক হয়েছিলাম। আমি যে-মফস্বল শহরে বড় হয়েছি, সেখানকার ছাত্রসমাজে রাজনৈতিক সচেতনতা প্রবল ছিল। অনেক ছাত্রই কোনও না কোনও রাজনৈতিক দলের সমর্থক বা কর্মী ছিলেন। যাঁরা ছিলেন না তাঁদের মধ্যেও অনেকেরই স্বাধীনতার জন্য আন্দোলন আবার শুরু হলে তাতে যোগ দেওয়ার জন্য মানসিক প্রস্তুতি ছিল। প্রেসিডেন্সি কলেজ, যেখানে বাংলার সব চেয়ে মেধাবী ছাত্ররা পড়তে এসেছিলেন,

সেখানে তার তুলনীয় কোনও চেতনার পরিচয় পাইনি। সবাই নিজের পড়াশুনো, ভবিষ্যৎ কর্মজীবনের প্রস্তুতি নিয়ে ব্যস্ত। দেশ বা বৃহত্তর সমাজ বলে কোনও সত্তা আছে, অথবা তার প্রতি শিক্ষিত তরুণদের কোনও কর্তব্য আছে, সে চেতনা যেন নিতান্তই ক্ষীণ ছিল। এর একমাত্র ব্যতিক্রম ছিলেন অল্প কিছু কমিউনিস্ট এবং তার চেয়েও অল্পসংখ্যক কংগ্রেসপন্থী ছাত্র। দ্বিতীয়োক্তরা ফেডারেশনের আওতায় নিজেদের মত ও বিশ্বাস তরুণদের মধ্যে প্রতিষ্ঠার চেষ্টায় ছিলেন। কমিউনিস্টরা আগস্ট আন্দোলনের বিরোধিতা করেছিলেন। তাই আমরা জাতীয়তাবাদী ছাত্ররা ওঁদের সন্দেহের চক্ষে দেখতাম। কিন্তু এঁদের আদর্শনিষ্ঠা এবং নিদ্বিধায় আত্মত্যাগ শ্রদ্ধা না করে উপায় ছিল না। বিশুদ্ধ জাতীয়তাবাদ আমাদের প্রজন্মে পশ্চিমবঙ্গে তুলনীয় চরিত্রের শিক্ষিত তরুণদের খুব বেশি আকর্ষণ করতে পারেনি। স্বাধীনতা লাভের পর এই রাজ্যে কংগ্রেসি রাজনীতির দুর্বলতার অন্যতম কারণ বোধ হয় এই।

দ্বিতীয় পর্ব

আমাদের প্রজন্ম জাতীয় জীবনের দুই ভয়াবহ ঘটনার সাক্ষী হয়ে আছে – প্রথম, ’৪৩ সালের মন্বন্তর। দ্বিতীয়, ’৪৬ সালের সাম্প্রদায়িক দাঙ্গা। বর্তমান পরিচ্ছেদে প্রথম ঘটনাটি বিষয়ে কিছু বলব। ইতিহাসে প্রত্যক্ষদর্শীর বিবরণ নজির হিসাবে বিশেষ মূল্য দেওয়া হয়। অথচ অনেক ক্ষেত্রেই সমসাময়িক বর্ণনা কোনও অর্থেই ‘প্রত্যক্ষদর্শীর বিবরণ’ নয়। এই সত্য ‘আধুনিকতাপরবর্তী’ বা পোস্ট-মডার্নিস্ট ঐতিহাসিকরা তথ্যপ্রমাণ দিয়েই সম্যকভাবে প্রমাণ করেছেন। সোজা কথায় বলতে গেলে প্রশ্নটা দাঁড়ায় – সমসাময়িকরা কোনও ঘটনাবিশেষ বা ঘটনাপ্রবাহের কতটা সত্যিতে প্রত্যক্ষ করেন? ‘প্রত্যক্ষদর্শন’ অনেক সময়ই অন্য লোকের মুখে শোনা কথা। তার উপর নিজের মত ও বিশ্বাস – যা সামাজিক ও রাজনৈতিক ক্ষমতার বিতরণে ব্যক্তিবিশেষের অবস্থানের উপর অনেকটাই নির্ভর করে – দেখা ঘটনা এবং শোনা কথার কী ব্যাখ্যা হবে তার গতিপ্রকৃতি নির্ধারণ করে। মোট কথা,

প্রত্যক্ষদর্শী হলেই ঘটনাবিশেষ সম্পর্কে তার বক্তব্য বেদবাক্য হয়ে দাঁড়ায় না।

’৪৩ সালের মন্বন্তর আমি যেটুকু স্বচক্ষে দেখেছি তা ‘রোমন্থন’-এ সংক্ষেপে বর্ণনা করেছি, এখানে তার কিছুটা পুনরাবৃত্তি করলে অপ্রাসঙ্গিক হবে না।

তখন চালের দাম কয়েক সপ্তাহের মধ্যে মন প্রতি তিন সাড়ে তিন টাকা থেকে বেড়ে মন প্রতি চল্লিশে দাঁড়িয়েছে। সুতরাং দুঃস্থ পরিবারগুলির সবচেয়ে যা প্রয়োজন সেই চাল দেওয়ার মতো অবস্থা বেশি লোকের ছিল না

’৪৩-এর জুলাই মাসে জেল থেকে ছাড়া পাওয়ার পর কলকাতা ফিরে এসে প্রেসিডেন্সি কলেজে ভর্তি হই। যতদূর মনে পড়ে, নভেম্বর মাস নাগাদ শহরের রাস্তায় এক নতুন দৃশ্য চোখে পড়তে থাকে। গ্রামাঞ্চল বা মফস্বল শহর থেকে দলে দলে লোক এসে রাস্তা বা ফুটপাথে বাসা বাঁধতে শুরু করে। কলকাতার রাস্তায় ভিখারি কিছু নতুন দৃশ্য নয়। কিন্তু এই নবাগতরা অন্য ধরনের মানুষ। এক-এদের দেখলেই বোঝা যেত যে, ভিক্ষাবৃত্তি এদের স্বাভাবিক পেশা না। অনেক সময়ই দেখা যেত মা-বাপ-ছেলেমেয়ে নিয়ে একটা পুরো পরিবার এসে রাস্তায় আশ্রয় নিয়েছে। কলকাতায় ভিক্ষাবৃত্তির এটা সাধারণ লক্ষণ নয়। দ্বিতীয় কথা – প্রথম প্রথম এরা ভিক্ষা চাইত না। শুধু ফ্যালফ্যাল করে তাকিয়ে থাকত। বোঝা যেত এরা গৃহস্থ মানুষ। সন্কেচ কাটিয়ে উঠে ভিক্ষা করতে পারছে না। কখনও কখনও শহরবাসীরা এদের দুরবস্থা দেখে নিজের থেকেই কিছু ভিক্ষে দিয়ে যেত। কিন্তু তখন চালের দাম কয়েক সপ্তাহের মধ্যে মন প্রতি তিন সাড়ে তিন টাকা থেকে বেড়ে মন প্রতি চল্লিশে দাঁড়িয়েছে। সুতরাং দুঃস্থ পরিবারগুলির সবচেয়ে যা প্রয়োজন সেই চাল দেওয়ার মতো অবস্থা বেশি লোকের ছিল না। কিছুদিনের মধ্যেই রাস্তায় মৃত বা মৃতপ্রায় মানুষের শরীর চোখে পড়তে লাগল। আর ফুটপাথবাসীর সংখ্যা যেন রাতারাতি ফুলেফেঁপে উঠল। রাস্তায় বের হলেই মৃত মানুষ পড়ে আছে দেখা নিত্যকার ঘটনা হয়ে দাঁড়াল। এরকম কতজন মৃত বা অর্ধমৃত মানুষ

দেখেছি যদি জিজ্ঞেস করেন তো সঠিক উত্তর দিতে পারব না। তবে তার সংখ্যা ছ’-সাত সপ্তাহে পাঁচ-ছ’ হাজারের কম হবে মনে হয় না। দুঃস্থ মানুষের ভিড় সবচেয়ে বেশি দেখা যেত চৌরঙ্গি অঞ্চলে। তখন বিদেশি সৈন্যের ভিড়ে কলকাতা শহর সরগরম। এইসব অল্পবয়সি ছেলেরা বোধহয় ভিক্ষে

দেওয়ার ব্যাপারে মুক্তহস্ত ছিল। কিন্তু পয়সা দিয়ে কী হবে? বাজারে চাল কোথায়? মার্কিন সৈন্যদের জন্য টিনে করে খাবার আসত। ওইসব খাদ্য সামান্য দামে রাস্তায় বিক্রি হতে দেখেছি। আমরাও কিনতাম। কখনও কখনও জি.আই.-রা ভিক্ষে হিসাবে টিনগুলি দিত। কিন্তু কোনও দুঃস্থ মানুষকে বহুদিনের সংস্কার কাটিয়ে উঠে ওই সব খাদ্য খেতে কখনও দেখিনি। ক্রমে শহরের পথে সেই অবিস্মরণীয় আবেদন শোনা যেতে লাগল। চাল ভিক্ষা করা বৃথা জেনে দুর্ভিক্ষপীড়িত মানুষ অন্য সুর ধরল – “ফ্যান দাও গো, ফ্যান দাও।” ছিয়াত্তরের মন্বন্তরের পর আর কখনও বুড়ুক্ষু বাঙালি ফ্যান খেয়ে প্রাণ বাঁচাবার চেষ্টা করেছে এমন নজির ইতিহাসে নেই। কিছু কিছু জনহিতকারী সংস্থা দুর্ভিক্ষপীড়িতদের জন্য লঙ্গরখানা খোলে। কিন্তু সে প্রচেষ্টা নিতান্তই মরুভূমিতে জলবিন্দুর শামিল হয়ে দাঁড়ায়। ’৪৩-এর দুর্ভিক্ষে ত্রিশ লক্ষ লোক মারা গিয়েছিল। তার একটা বড় অংশ কলকাতার রাস্তায়। এই বিপর্যয়ের সঙ্গে মোকাবিলা করার মতো সত্যিকার কোনও চেষ্টা সরকার বা বেসরকারি প্রতিষ্ঠান, প্রকৃতপক্ষে কেউই করেনি।

সামাজিক ইতিহাসের পরিপ্রেক্ষিতে আর একটি উল্লেখযোগ্য কথা এখানে বলা প্রয়োজন মনে করি। ’৪৩-এর কলকাতা রীতিমতো ‘বুম টাউন’। চৌরঙ্গি অঞ্চলের রাস্তায় নানা বর্ণের সৈন্যরা ঘুরে বেড়াচ্ছে। তাদের হাতে প্রচুর কাঁচা পয়সা এবং তা তারা মুড়ি-মুড়কির মতো

খরচা করছে। নতুন নতুন সব রেস্টোরাঁ আর ক্যাবারে হয়েছে। শহরের অলিতে-গলিতে মাসাজ পার্কারেরও সমারোহ, যদিও এই ব্যবসা সত্যিতে জমে ওঠে দেশ ভাগ হওয়ার পর। কিন্তু ছাত্রদের মধ্যে কিছু সন্ধানী ব্যক্তি, যাঁরা মাসাজ পার্কারে যাওয়া-আসা করতেন, তাঁদের কাছে শুনতাম যে, ওইসব প্রতিষ্ঠানে ভোগ্যবস্তু কলকাতার রাস্তা থেকেই সংগ্রহ করা, তবে তারা ভদ্র ঘরেরই মেয়ে। মানে পার্কারের স্ত্রীরত্নরা মোটেই দুস্কলাং নয়। মোট কথা কলকাতার ফুর্তি-আমোদে দুর্ভিক্ষের জন্য একটুও ভাঁটা পড়েনি, বরং ফুর্তির জোয়ার ফেঁপে ফুলেই উঠেছিল। চাল এবং আর সব ভোগ্যবস্তুর দাম বাড়ায় কালোবাজারের কৃপায় অনেকের পকেটেই প্রচুর কাঁচা পয়সা। সে পয়সা নানা বিলাসব্যসনে খরচ করার উপায় শহর কলকাতায় অজস্র।

’৪৩-এর দুর্ভিক্ষে ত্রিশ লক্ষ লোক মারা গিয়েছিল। তার একটা বড় অংশ কলকাতার রাস্তায়। এই বিপর্যয়ের সঙ্গে মোকাবিলা করার মতো সত্যিকার কোনও চেষ্টা সরকার বা বেসরকারি প্রতিষ্ঠান, প্রকৃতপক্ষে কেউই করেনি

রেস্তোরাঁর কথাই ধরুন না কেন। কোনও রহস্যজনক কারণে চালের দাম হু-হু করে বাড়া সত্ত্বেও রেস্টোরাঁয় খাবারের দাম প্রায় একই ছিল। এমনকী ফারপোর সেই বিখ্যাত তিন পদ লাঞ্চার দাম দুর্ভিক্ষ যখন চরমে তখনও মাত্র তিন টাকা। হ্যাঁ, আমাদের মতো মিচকিন মোবারক ব্যক্তিরও সেই বিলাস থেকে সম্পূর্ণ বঞ্চিত ছিলাম না। ‘রোমন্থন’-এ লিখেছি পঞ্চাশের দশকে ইংল্যান্ডে একজন ডাক্তারের অ্যালবামে পাশাপাশি দুটি জিনিস দেখেছিলাম। প্রথমটি ফারপোর এক স্পেশ্যাল লাঞ্চার মেনু ন’টাকায় সাত পদ। তার পাশে একটি ফোটো – দুর্ভিক্ষপীড়িত মৃতপ্রায় কিছু মানুষ ফারপোর দরজার কাছে শুয়ে-বসে রয়েছে। চৌরঙ্গি অঞ্চলের রেস্টোরাঁগুলির সামনে দুঃস্থ মানুষের ভিড় কিছু বেশি হত, কারণ ওখানে ভিক্ষেটা একটু মোটা অঙ্কের হওয়ার সম্ভাবনা। মোট কথা বাড়ির দরজার বাইরে মানুষ আক্ষরিক অর্থেই না খেতে পেয়ে তিলে তিলে শুকিয়ে মরছে, এবং তারা

সংখ্যায় একজন-দু’জন না, বিশ-ত্রিশ লক্ষ, এই দৃশ্য দেখে বা এই তথ্য জেনে সাহেব বলুন, দেশি লোক বলুন কারওই গলায় ভাত আটকে যায়নি। আমাদের গতানুগতিক জীবনযাত্রা তথা ফুর্তি-আমোদেও কোনও বাধা পড়েনি। হস্টেলের ছেলেরা দু’-এক বেলা উপোস করে সেই ভাত দুর্ভিক্ষপীড়িতদের দিয়েছি এবং ফলে নিজেদের মানবিকতায় মুগ্ধ হয়ে বেশ আত্মপ্রসাদ উপভোগ করেছি। ওই কাজ করতে গিয়ে প্রসঙ্গত বুঝতে পারি আমাদের মতো ভাগ্যবান মানুষের সঙ্গে সত্যিকার হতভাগ্যদের কত তফাত। অনভিজ্ঞ হাতে সমাজসেবা করতে গিতে আমরা বুভুক্ষুদের বেশ এক পেট লপসি খাইয়ে দিই। ফলে যারা দীর্ঘ দিন খেতে পায়নি তাদের অনেকেই কিছুক্ষণের মধ্যেই ভেদবমি হয়ে মারা যায়। অনেক দিন না খেতে পেলে মানুষের শরীর যে আহার কী করে গ্রহণ

জিতে প্রেসিডেন্ট নির্বাচিত হয়। সে কথা যাক। দিল্লির বি.এম. ভাটিয়া সাহেব তাঁর দুর্ভিক্ষের ইতিহাসে বাংলার মন্বন্তর নিয়েও আলোচনা করেছেন। আরও বিশদ আলোচনা পাওয়া যায় মন্বন্তরের অঙ্ক পরে সংকলিত স্ট্যাটিস্টিকাল ইনসিটিটিউটের সমীক্ষায়। বছর দুই আগে ডক্টর বিক্রমজিৎ দে তাঁর অক্সফোর্ডের পিএইচ.ডি. থিসিসে দুর্ভিক্ষের কারণ হিসাবে ইংরাজ সরকারের অবদান বিস্তৃত আলোচনা করেছেন। এইসব ছড়ানোছিটানো নানা বিশ্লেষণের ফলাফল একত্র করে মন্বন্তরের পূর্ণাঙ্গ ইতিহাস লেখার সময় হয়েছে।

আবার প্রত্যক্ষদর্শীর অভিজ্ঞতার প্রসঙ্গে ফিরে যাই। আমরা যারা সেই চরম দুর্ভোগের সময় জীবিত ছিলাম, কেন কী ঘটছে তা জানার বা বোঝার আমাদের বিশেষ কোনও সুযোগ ছিল এ কথা মনে করার কোনও কারণ নেই। আমরা শুধু দেখতাম চালের দাম হু-হু করে বেড়ে যাচ্ছে আর নানা দিক থেকে খেতে না-পাওয়া মানুষ কলকাতার রাস্তায় ভিক্ষান্নর আশায় জড়ো হচ্ছে। সে ভিক্ষান্ন না জোটায় হাজারে হাজারে লাখে লাখে লোক রাস্তায় পড়ে মরছে। কেন এমন হচ্ছে তা নিয়ে অনেক মন্তব্য কানে আসত। তার সত্যাসত্য বিচার করার উপায় আমাদের ছিল না। শুনতাম যুদ্ধের প্রয়োজনে ইংরাজ সরকার চাষিদের কাছ থেকে খাদ্যশস্য সংগ্রহ করেছে, কিন্তু সেই শস্য বন্টনের সুব্যবস্থা কিছু হয়নি। আর চালের দাম বাড়ছে দেখে কালোবাজারিরা সব চাল লুকিয়ে ফেলায় দাম ক্রমাগত বেড়েই চলেছে।

কোথাও কোথাও নাকি এক মন চাল একশো টাকায় বিক্রি হচ্ছে। আর সরকারের সংগৃহীত খাদ্যশস্য শিবপুরের বোট্যানিকাল গার্ডেনে স্তূপীকৃত পড়ে আছে। তা বন্টনের ব্যবস্থা ঠিকমতো করা হয়ে উঠছে না। এই অব্যবস্থার সুযোগ নিয়ে যেসব লোক ফায়দা উঠাচ্ছে তাদের মধ্যে বেশ কিছু নামী-দামী লোকেরও নাম শোনা যেত। আরও শুনতাম — দুর্ভিক্ষপীড়িত মানুষ এতই নির্জীব হয়ে পড়েছে যে, তাদের চোখের সামনেই কালোবাজারিরা চড়া দামে চাল বিক্রি করছে দেখেও তারা নিষ্ক্রিয় থাকছে। পূর্ব বা পশ্চিমবঙ্গের কোথাও একটি

চালের গুদাম বা মুদির দোকান লুট হয়নি।

পরবর্তী গবেষণা থেকে যা জানা গেছে তাতে মনে হয় ’৪৩-এর মন্বন্তর কোনও অর্থেই প্রাকৃতিক দুর্যোগ বা নৈর্ব্যক্তিক অর্থনৈতিক শক্তির টানাপড়নের ফল নয়। ওই ভয়াবহ ঘটনা সম্পূর্ণভাবেই মানুষের তৈরি। ইংরাজ সরকারের অবিশ্বাস্য গাফিলতি আর কিছু দেশি মানুষের অন্তহীন লোভের পরিণাম এই দুর্ভিক্ষ। বছরের গোড়া থেকেই কতগুলি জেলার অধিকর্তারা চেতাবনি পাঠাচ্ছিলেন যে, সরকারের খাদ্যসংগ্রহ এবং জাপানি আক্রমণের বিরুদ্ধে অবলম্বিত কিছু ব্যবস্থার ফলে গ্রামাঞ্চলে দুর্ভিক্ষ অবশ্যম্ভাবী হয়ে উঠছে। সরকারের খাদ্যসংগ্রহ নীতির পিছনে দুটি উদ্দেশ্য ছিল। প্রথম উদ্দেশ্য – যেন পূর্ব সীমান্তে যুযুধান ফৌজদের কখনও খাদ্যের অভাব না হয়। দ্বিতীয় উদ্দেশ্যের পিছনে ছিল তথাকথিত ‘ডিনায়াল পলিসি’। অর্থাৎ জাপানিরা ভারত আক্রমণ করলে তাদের পক্ষে খাদ্যসংগ্রহ এবং যানবাহনের অভাবে চলাচল যাতে কঠিন হয়ে ওঠে তার ব্যবস্থা নেওয়া। জাপানিদের সত্যিতে বাংলাদেশের ভিতর দিয়ে ভারত আক্রমণের কোনও মতলব কখনওই ছিল না। ইংরাজের গোয়েন্দা বাহিনী এই তথ্য আবিষ্কার করতে পারেনি, পারলে তাদের অনেক অকারণ উদ্বেগ এবং মিথ্যা শ্রম বেঁচে যেত। তার চেয়েও বড় কথা, ’৪৩-এর মন্বন্তর সম্ভবত ঘটত না। কারণ ভুল তথ্যের ভিত্তিতে ইংরাজের যুদ্ধপ্রচেষ্টার অঙ্গ ‘ডিনায়াল পলিসি’র একটি কার্যক্রম ছিল পূর্ববঙ্গের গ্রামাঞ্চল থেকে যাতায়াতের জন্য প্রয়োজনীয় যাবতীয় যানবাহন সামান্য ক্ষতিপূরণ দিয়ে দেশি লোকদের হাত থেকে কেড়ে নেওয়া। এই নীতির ফলে গ্রামবাসীর কাছে অল্পমূল্য খাদ্যশস্য যা রয়ে গিয়েছিল তা এক জায়গা থেকে আর এক জায়গায় নিয়ে যাওয়া অসম্ভব হয়ে ওঠে। নিরন্ন গ্রামবাসীর পক্ষে খাদ্য সংগ্রহের কোনও উপায় থাকে না। তা ছাড়া যাদের জীবিকা নির্ভর করত নৌকা চলাচলের উপর, যেমন জেলেরা, তাদের উপার্জনের পথ সম্পূর্ণ বন্ধ হয়ে গেল। এই শেষের শ্রেণির মানুষই দুর্ভিক্ষের প্রথম শিকার হয়।

বিক্রমজিতের গবেষণায় যে-তথ্য প্রকাশ

হয়েছে তা সত্যিই ভয়াবহ। ভারতে এখনও যাঁরা ইংরেজ রাজত্বের উৎকর্ষ স্মরণ করে দশাপ্রাপ্ত হন, এই তথ্যগুলি তাঁদের বিশেষ প্রণিধানযোগ্য। যুদ্ধ শুরু হওয়ার পর থেকে যুক্ত বাংলায় প্রাদেশিক স্বায়ত্তশাসন প্রথা নামেই চালু ছিল। সমস্ত ক্ষমতা গুটিকয়েক সরকারি-বেসরকারি ইংরেজের কুক্ষিগত হয়। এঁরা মন্ত্রীদের তোয়াক্কা রাখতেন না। এমনকী এঁদের পরামর্শে লর্ড সাহেব প্রধানমন্ত্রী ফজলুল হককে গ্রেফতার করার হুকুম পর্যন্ত দিয়েছিলেন। এক সময়ে দেশবন্ধুর সহকর্মী এবং শিষ্য হক সাহেবের প্রথম থেকেই চেষ্টা ছিল কংগ্রেস এবং হিন্দুদের সঙ্গে হাত মিলিয়ে দেশ শাসন করা। নীতিগত কারণে কংগ্রেস ওঁর বাড়ানো হাত গ্রহণ করেনি। আমার ব্যক্তিগত ধারণা, যদি করত তবে বাংলাদেশ দ্বিখণ্ডিত হত না এবং সম্ভবত পূর্ব বাংলা পাকিস্তানে যেত না। হক সাহেবই মুসলিম লিগের লাহোর অধিবেশনে পাকিস্তান প্রস্তাব উত্থাপন করেন

আমরা শুধু দেখতাম চালের দাম হু-হু করে বেড়ে যাচ্ছে আর নানা দিক থেকে খেতে না-পাওয়া মানুষ কলকাতার রাস্তায় ভিক্ষান্নর আশায় জড়ো হচ্ছে। সে ভিক্ষান্ন না জোটায় হাজারে হাজারে লাখে লাখে লোক রাস্তায় পড়ে মরছে

এ কথা ঠিক। কিন্তু পাকিস্তানের অর্থ যে দাঁড়াবে ভারতবিভাগ, তখন জিন্মা সাহেবও এমন কথা চিন্তা করেননি। কিছুদিন লিগের সঙ্গে সহযোগিতায় মন্ত্রিসভা চালিয়ে হক সাহেব শ্যামাপ্রসাদের সঙ্গে হাত মিলিয়ে নতুন মন্ত্রিসভা করেন। যখন দুর্ভিক্ষের চরম অবস্থায় মেদিনীপুরে সর্বধ্বংসী বন্যা হয়, তখন ইংরাজ বড় আমলারা বেশ কিছুদিন হাত গুটিয়ে বসে থাকেন। বন্যার খবরটাও কিছুদিন চাপা থাকে। লর্ডসাহেব ঘটনার তিন সপ্তাহ পরে উড়োজাহাজ থেকে বন্যাবিধাস্ত অঞ্চল পরিদর্শন করে তাঁর কর্তব্য শেষ করেন। মন্ত্রীরা মেদিনীপুর পরিদর্শনে গেলে তাঁদের পদে পদে বাধা দেওয়া হয়। মেদিনীপুর আগস্ট আন্দোলনের এক প্রধান ঘাঁটি ছিল। আমলাতন্ত্রের সংমা-সুলভ নীতির পিছনে যে মেদিনীপুরবাসীদের শাস্তি দেওয়ার ইচ্ছে কাজ করছিল, সে বিষয়ে সন্দেহের কোনও

কারণ নেই। কিন্তু যেসব ঐতিহাসিক ইংরাজ সরকারের দলিলপত্র বেদবাক্য বলে মনে করেন, এ কথা তাঁরা স্বীকার করবেন না। কারণ সাহেবরা তো কোথাও লিখে যাননি যে, তাঁরা বিপ্লবীদের শাস্তি দেওয়ার জন্য মেদিনীপুরে সময়মতো সাহায্য পাঠাননি। আর সময়মতো পাঠাননি, এও তো কুলোকের কথা। কেলে মন্ত্রীগুলো ওইরকমই বলেছে বটে। কিন্তু ভারতীয় নেতারা যে মিথ্যা ছাড়া সত্য বলে না, এ কথা তো সর্বজনবিদিত। পাঠিকা-পাঠক এই যে কথাগুলি লিখলাম মনে করবেন না এগুলি শুধু আমার বিদ্রূপাত্মক মন্তব্য। এই ধরনের ‘ঐতিহাসিক আলোচনা’ আমার স্বকর্ণে শোনা।

ইংরেজ সেক্রেটারি আর বেসরকারি ফৌপদালালদের পেজোমি অসহ্য হয়ে ওঠায় শ্যামাপ্রসাদ শেষ অবধি পদত্যাগ করেন। বাংলা ক্যাবিনেটের মিটিং যখন বসত তার

এক কৌতুকজনক বিবরণ বিক্রমজিৎ আবিষ্কার করেছেন। এইসব মিটিংয়ে গভর্নর এবং সেক্রেটারিরা এমন ব্যবহার করতেন যে, মনে হত নির্বাচিত মন্ত্রীর সেখানে উপস্থিত নেই। হক সাহেব উন্মত্ত হয়ে ছোট ছোট কাগজের টুকরোয় শ্যামাপ্রসাদকে বাংলায় নোট পাঠাতেন। শ্যামাপ্রসাদ তা পড়ে দলামোচড়া করে মেঝেয় ফেলে দিতেন। এইসব নোট ইংরাজের টিকটিকিরা সযত্নে সংগ্রহ করে অনুবাদ সহ হুজুরকে পেশ করতেন। একটি চিরকুটে লেখা ছিল, “সুভাষ আসতেছে। এগুলার পিঠের ছাল ছালাইয়া নেবে।”

ততদিন পর্যন্ত অপেক্ষা করার ধৈর্য শ্যামাপ্রসাদের ছিল না। উনি পদত্যাগ করে ব্যবস্থাপক সভায় যে-বক্তৃতা দেন তা শোনার সৌভাগ্য আমার হয়েছিল। পিসেমশায়ের সঙ্গে মাঝে মাঝে অ্যাসেম্বলি হলে বিতর্ক শুনতে যেতাম।

সুরাবর্দি আর হক সাহেবের বাচনভঙ্গি বিশেষ ভাল লাগত। কিন্তু তাঁর পদত্যাগের কারণ ব্যাখ্যা করে শ্যামাপ্রসাদবাবুর বক্তৃতার সঙ্গে তুলনা হয় এমন আর কোনও ভাষণ আমি কখনও শুনি নি। উনি ফজলুল হক সাহেবের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন যে, তাঁর সঙ্গে কাজ করতে কখনও কোনও অসুবিধে হয়নি। কিন্তু আব্বাসুসমান বজায় রেখে কারও পক্ষে

এক মনোনীত ইংরাজ সভ্য টেঁচিয়ে ওঠে, “তুমি তোজোর কাছ যাও। সেই তোমার রক্ষাকর্তা।” (গো টু তোজো। হি ইজ ইওর সেভিয়ার।) শ্যামাপ্রসাদ উত্তর দিলেন, “দুশো বছর শাসনের পর এই যদি তোমাদের অবদান হয়, তবে তোজো আমাদের রক্ষাকর্তা কি না জানি না, কিন্তু তোমরা যে নও, সে বিষয়ে আমার সন্দেহ নেই।” (আই ডু নট নো ইফ

“দুশো বছর শাসনের পর এই যদি তোমাদের অবদান হয়, তবে তোজো আমাদের রক্ষাকর্তা কি না জানি না, কিন্তু তোমরা যে নও, সে বিষয়ে আমার সন্দেহ নেই”

গুটিকয় সেক্রেটারি আর তাদের স্যাঙাত কিছু বেসরকারি ইংরাজ ফোঁপরদালালদের সঙ্গে কাজ করা সম্ভব নয়। উনি নানা তথ্যপ্রমাণ দিয়ে দুর্ভিক্ষের জন্য এইসব লোকগুলির দায়িত্ব প্রমাণ করেন, আর কীভাবে তারা পদে পদে মন্ত্রীদেবর কাজে বাধা দিয়েছে তাও দেখান। এই বিশ্লেষণ অসহ্য বোধ হওয়ায় সভার

তোজো ইজ আওয়ার সেভিয়ার, বাট ইফ আফটার টু হানড্রেড ইয়ারস্ অফ ব্রিটিশ রুল, দিস ইজ হোয়াট ইউ হ্যাভ গিভন আস, আই নো ফর সার্টেন দ্যাট ইউ আর নট।)

ত্রিশ লক্ষ লোকের প্রাণ নিয়ে, কিছু মানুষকে রাতারাতি কোটিপতি বানিয়ে ’৪৩-এর মঘস্তর

হঠাৎই একদিন শেষ হয়ে গেল। স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের সমীক্ষা অনুযায়ী পশ্চিমবঙ্গের গো-মহিষের এক তৃতীয়াংশও ওই দুর্ভিক্ষে প্রাণ হারায়। ফলে ওই অঞ্চলের কৃষিব্যবস্থার আগের অবস্থায় ফিরে যেতে বহু বছর লাগে। অঞ্চলটির সামগ্রিক অর্থনৈতিক অবস্থা যে প্রচণ্ড ধাক্কা খেয়েছিল, তা থেকে সম্পূর্ণভাবে আরোগ্য আজও হয়েছে কি না, এ বিষয়ে কারও কারও সন্দেহ আছে।

’৪৩ থেকে ’৪৫ – এই দুই বছর প্রেসিডেন্সি কলেজে পড়া আমার জীবনে অন্যতম স্মরণীয় অভিজ্ঞতা। লেখাপড়া যেটুকু শিখেছি তার ভিত ওইখানেই হয়েছিল। এবং এর জন্য আমার ব্যক্তিগত ঋণ মুখ্যত একটি মানুষের কাছে। তাঁর নাম সুশোভন সরকার।

তপন রায়চৌধুরীর আত্মজীবনী **“বঙ্গালনামা”** থেকে নির্বাচিত।

নির্বাচন করেছেন উমা দাশগুপ্ত

প্রাক্তনী (ইতিহাস/১৯৪৩-৪৭)

প্রতিবেদন ২০১২

বিভাস চৌধুরি

কর্মসচিব, প্রেসিডেন্সি প্রাক্তনী সংসদ

প্রেসিডেন্সি কলেজ এখন বিশ্ববিদ্যালয়। সেই হিসাবে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সংসদ নাম যথার্থ কিনা সে নিয়ে বহু তর্ক-বিতর্ক হোলো। যাঁরা করলেন তাদের অধিকাংশই কলেজের প্রাক্তনী। কেউ বললেন যে বিশ্ববিদ্যালয় এখনও সেই কৌলীন্য পায়নি। মেশ্টরপ্রপ বলছেন যে ২০১৭ সালে সেই লক্ষ্যপূরণ হবে। এখন নির্মাণ কার্য চলছে। সর্বশ্রেষ্ঠ স্নাতক কলেজ যখন স্নাতকোত্তরে উত্তীর্ণ, তখন তার প্রতিষ্ঠা কোথায়, সে এখন বোঝা যাবে না। তার মধ্যে আবার সব বিভাগের এক দশা নয়। সব মিলিয়ে এক সম্ভাবনা-তাত্ত্বিক সমস্যা। স্মৃতিভারাক্রান্ত কলেজের প্রাক্তনীরা বিশ্ববিদ্যালয় তন্ময় রাজি হলেন না। তাই ঠিক হলো যে শুধু ‘প্রেসিডেন্সি’ নামটিই যথেষ্ট। এই একটি শব্দেই বর্তমান ছাত্র-ছাত্রী বা প্রাক্তনীরা গর্বিত। কলেজ না বিশ্ববিদ্যালয় সেটা বাহুল্য মাত্র। শোনা গেছে যে মূল ভবনের উপর ইংরাজীতে লেখা ‘প্রেসিডেন্সি কলেজ’ নামটি থাকবে। বর্তমান সরকার এই প্রতিষ্ঠানের গৌরবময় দিন ফিরিয়ে আনতে খুবই সচেষ্ট এবং আন্তরিক। এই প্রেক্ষিতে আমাদের সংসদের নাম আইনি প্রক্রিয়ায় ‘প্রেসিডেন্সি এ্যালুম্নি এসোসিয়েশন’, বাংলায় ‘প্রেসিডেন্সি প্রাক্তনী সংসদ’ হোলো।

নতুন কার্যকরী সমিতি ২০১২-২০১৪ দায়িত্ব নিলেন ২০১২ সালের জুলাই মাসে। ১৪ জুলাই, ২০১২, সাধারণ বার্ষিক সভায় নির্বাচকের মাধ্যমে এই কার্যকরী সমিতি দায়িত্বপ্রাপ্ত হয়। সমিতি শ্রী অনিন্দ্য মিত্রকে সভাপতি নির্বাচিত করেন। সমিতির এ

বছরের কাজ হিসাবে উল্লেখযোগ্য হোলো অনন্ত এডুকেশন ইনিশিয়েটিভ নামে একটি সংস্থার সঙ্গে যৌথভাবে প্রেসিডেন্সির মেধাবী অথচ দুঃস্থ ছাত্র-ছাত্রীর জন্যে সর্বাধিক তিন লক্ষ টাকার বাৎসরিক মেধাবৃত্তির ব্যবস্থা করা। প্রথম অনুষ্ঠানে ১৪ জন ছাত্র-ছাত্রী এই বৃত্তি লাভ করেন। বৃত্তি প্রদান করেন ৭ জুলাই, মাননীয় রাজ্যপাল শ্রীযুক্ত এম.কে. নারায়ণন। প্রেসিডেন্সির প্রাক্তনী স্বামী বিবেকানন্দর সার্থশত জন্মবর্ষের উদ্‌যাপন অনুষ্ঠানে এই বৃত্তি প্রদান করা হয়। উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপিকা মালবিকা সরকার, বেলুড় মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আমাদেরই প্রাক্তনী স্বামী ত্যাগরূপানন্দ। এবার বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্যে স্বামী বিবেকানন্দের উপর একটি স্মৃতি-আলেখ্য তৈরী করেন শ্রী মনোতোষ দাশগুপ্ত। অংশগ্রহণ করেন সর্বশ্রী বিভাস চক্রবর্তী, প্রবুদ্ধ রাহা, সোমজিত চ্যাটার্জী, মমতা রায়, স্বপ্না কর প্রমুখ। শ্রী বিতানবিন্দু বন্দ্যোপাধ্যায়ের পরিচালনায় ‘কেনারাম বেচারাম’ নাটকটি মঞ্চস্থ করেন প্রাক্তনীরা। সর্বশ্রী বিতান বন্দ্যোপাধ্যায়, কমলকান্তি ঘোষ, সুধীরঞ্জন সেনগুপ্ত, সুবীর মুখার্জী, অর্ণব খাসনোবিশ, সোমক রায়, মিলন ভৌমিক, দেবাশিস সেন, মৈনাক সেনগুপ্ত, রস্তিদেব মুখোপাধ্যায়, রোহন সেন, স্বপ্না কর, বিজিত্রী বন্দ্যোপাধ্যায় প্রমুখ অভিনয় করেন। ৭ জুলাই, ২০১২, ডিরোজিও হলে অনুষ্ঠানটি খুবই মনোগ্রাহী হয়।

প্রতিবারের মতো এবারেও নৌকা বিহার বা স্টীমার পার্টি খুবই জমজমাট হয়। নাচ-গান-

আড্ডা এবং অবশ্যই মটন্ বিরিয়ানীর ভোজে সবাই খুব আনন্দে শীতের আমেজটা উপভোগ করেন।

২০ জানুয়ারি, প্রেসিডেন্সির প্রতিষ্ঠাতৃ দিবস। ওই দিন প্রাক্তনী সংসদ বাৎসরিক পুনর্মিলন উৎসবের আয়োজন করেন। ২০১২-র উৎসবে অতিরিক্ত পাওনা ছিলো শ্রী সুগত মারজিতের রাগপ্রধান গান। উপস্থিত দর্শকদের মুগ্ধ করে তাঁর রাগ নৈপুণ্য। ছাত্র-ছাত্রী, গবেষক, কর্মচারী মিলিয়ে প্রায় ১,৮০০ মানুষ এই অনুষ্ঠানে যোগদান করেন। এই উৎসব প্রাক্তনীদেবর কাছে আরো বেশি আকর্ষণীয় করে তুলতে নতুন কিছু ভাবা হচ্ছে। আমাদের যে ওয়েবসাইট আছে, সেখানে আমরা আশা করি যে কিছু উপদেশ আমরা পাবো।

২৪ নভেম্বর বিজয়া সন্মিলনী অনুষ্ঠিত হোলো। আমাদের প্রাক্তনী শ্রী ভাস্কর চৌধুরী তার মন-ফকিরা দল নিয়ে বাউল ও বাংলার লোকসংগীত পরিবেশন করলেন। নাচ গানে জমে উঠেছিলো ডিরোজিও হল। একই ভাবে আনন্দ করলেন – অশীতিপর অধ্যাপক শ্রী তপন রায়চৌধুরী এবং নতুন প্রজন্মের প্রাক্তনীরা। শ্রীমতী স্বপ্না কর ও কমলকলি পোদ্দারের পরিচালনায় অনুষ্ঠান সফল। শ্রীমতী উর্মি চ্যাটার্জী খুব কম খরচে উপাদেয় সাক্ষ্যভোজের ব্যবস্থা করে সবার প্রশংসা পেয়েছেন।

প্রাক্তনী সংসদের খুব গর্বের ধন এই ‘অটাম এ্যালুম্নাল্’ পত্রিকাটি। পত্রিকার দায়িত্বপ্রাপ্ত শ্রীমতী রূপা বন্দ্যোপাধ্যায় অনুসন্ধান করে জেনেছেন এতদিন যে ইংরাজী ‘পি’ আমরা প্রচ্ছদে ব্যবহার করতাম সত্যজিৎ রায়ের সৃষ্টি বলে, সেটা আদৌ তা নয়। সেই হিসাব মতো প্রচ্ছদপটে মুক্তচন্দ্রের প্রভাব পড়েছে। নতুন করে প্রাক্তনী সংসদের প্রতীক বা লোগো তৈরী হচ্ছে। সর্বশ্রী রাম রায়, প্রবীর দাশগুপ্ত এ নিয়ে চিন্তা ভাবনা করছেন। প্রকাশনার দায়িত্বে আছেন শ্রীমতী শ্যামশ্রী সেন। শ্রীমতী নবনীতা দেবসেন এবং শ্রী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের নেতৃত্বে বেশ কিছু প্রথিতযশা প্রাক্তনী সম্পাদনার কাজ করছেন।

এ সবার মাঝে একটি কথা না বললেই নয়। ‘অন্নচিন্তা চমৎকার’। প্রেসিডেন্সি প্রাক্তনী সংসদের তহবিলে অর্থের যোগান এক কঠিন প্রচেষ্টা। বহু পরিশ্রম করে কিছু বিজ্ঞাপন পাওয়া গেলেও, সেটা অপ্রতুল। সমমর্যাদার কলেজের প্রাক্তনীরা যে ভাবে অর্থ সাহায্য তাদের প্রাক্তনী সংসদকে করেন, আমরা তার ধারেকাছেও নেই। একটি ট্রাস্ট খোলা হয়েছে প্রাক্তনীদের দানের আশায়, শিক্ষার উন্নতিমূলক পরিকল্পনায় ব্যবহার করার জন্য। যে ট্রাস্ট থেকে ছাত্র-ছাত্রীদের বৃত্তিও দেওয়া হবে।

প্রখ্যাত ইংরাজী সাহিত্যিক চার্লস ডিকেন্সের জন্মদ্বিশতবার্ষিকী উদ্‌যাপনে প্রাক্তনী সংসদ এক আলোচনাচক্রের আয়োজন করে ৫ অক্টোবর। বিশ্ববিদ্যালয়ের আচার্য

জগদীশচন্দ্র সভাগৃহে। বিষয় ছিলো: ‘চার্লস ডিকেন্স এ্যাণ্ড ক্যালকাটা কানেকশন’। বক্তা ছিলেন অধ্যাপক সজনী মুখার্জী। ইংরাজী বিভাগের সহায়তায় এই অনুষ্ঠানটিতে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপিকা মালবিকা সরকার। বিভাগীয় প্রধান অধ্যাপিকা শান্তা দত্তর পরিচালনায় বিভাগের বর্তমান ছাত্র-ছাত্রীরা ডেভিড কপারফিল্ডের উপর একটি ছোটো নাটকও পরিবেশন করেন। শ্রী সত্যব্রত চৌধুরী এবং শ্রীমতী দীপিকা মজুমদার অত্যন্ত উৎসাহের সঙ্গে এই অনুষ্ঠানটির রচনা করেন। ডঃ শিশির কুমার মজুমদারের আর্থিক সহায়তায় প্রত্যেক বছর একটি আলোচনাচক্রের আয়োজন হয়। এই বছর সেটি ইংরাজী বিভাগে সম্পন্ন হলো। এ ছাড়া বিভিন্ন বিভাগে সর্বোত্তম ফলাফলের ভিত্তিতে বেশ কিছু আর্থিক বা পুস্তক পুরস্কার বর্তমান ছাত্র-ছাত্রীরা

পান প্রাক্তনী সংসদের দান তহবিল থেকে।

আমাদের সবার প্রিয় দিলীপদার কথা বলতেই হয়। প্রায় ছয় মাস আমেরিকা ঘুরে এসে আবার দিলীপদা প্রাক্তনীদের অফিসে বসছেন। অফিস সহযোগী শ্রী তাপস রায় অক্লান্ত পরিশ্রম করেন। লক্ষ্মীদা অসুস্থ। উনি আর আসতে পারেন না।

একটি আনন্দের কথা না বললেই নয়। নতুন প্রজন্মের প্রাক্তনীরা সংসদের কাজে খুব উৎসাহ দেখাচ্ছেন। প্রেসিডেন্সির গৌরব সুপ্রতিষ্ঠিত হোক। এই আশা আমাদের প্রাক্তনীদের বাস্তবায়িত হোক যত শীঘ্র সম্ভব। সহযোগিতায় আমরা তৈরী।

প্রাক্তনী (রাশিবিজ্ঞান/১৯৮০-৮৩)



COMPLIMENTS FROM A WELL WISHER

PHOTO GALLERY

195TH FOUNDER'S DAY, 20TH JANUARY, 2012



PHOTO GALLERY

ANNUAL CULTURAL FUNCTION, 7TH JULY, 2012



PHOTO GALLERY

BIJAYA SAMMILANI, 24TH NOVEMBER, 2012



PHOTO GALLERY

UDAYAN MEMORIAL DEBATE, 21ST DECEMBER, 2012





DEPTH OF FIELD

**TEA****Assam**

Narayanpur Tea Estate
Shyamguri Tea Estate
Bhuyankhat Tea Estate
Monmohinipur Tea Estate
Kenduguri Tea Estate
Dhullie Tea Estate
Urrunabund Tea Estate

TEA BROKING

Associated Brokers Pvt Ltd, Kolkata

TOWNSHIP

Uttorayan, Siliguri

HOME FURNISHINGS

Obetee Pvt Ltd, Mirzapur / New York

West Bengal

Matelli Tea Estate
Fulbari Tea Estate

Tripura

Manuvalley Tea Estate
Golokpur Tea Estate



www.luxmigroup.in

Regd Office: Kishore Bhawan, 17 R. N. Mukherjee Road,
Kolkata 700 001, West Bengal, India.
Tel. +91-33-2248 9091/4437. Fax: +91-33-22430177.

*Leading Manufacturer of Railway Track Materials
Structural Items & Ferro Alloys*



Manufacturer and Exporter of: • Railway track materials: SGCI castings, Elastic Rail Clips and Grooved Rubber Sole Plate, Metal Liner, Fish Plates • Rolled products : angles, channels, joist, rounds, squares • Steel ingots / billets and • Ferro Alloys

Works : • Raturia, Angadpur, Durgapur, West Bengal • Tamulikuchi, 13th Mile, Nongpoh, Byrnihat, Ribhoi, Meghalaya.
• Ghutghoria, Barjora Mallara Road, P.S.- Barjora, Dist-Bankura, West Bengal

SURYA ALLOY INDUSTRIES LIMITED

REGD. OFFICE: 1/1 Camac Street, 3rd Floor, Kolkata-700 016, Phone : 2229 8877/ 8828 / 5876
Fax: 2229 7223, e-mail : bhaskar@cal.vsnl.net.in



ongc

ओएनजीसी
ongc

নতুন
দিগন্ত
অতিক্রম করা।

বিশ্বের সেরা 25-টি এনার্জি কম্পানির মধ্যে শ্রেণীভুক্ত

প্রাচিস্ টপ 250-টি বিশ্বের এনার্জি কম্পানির তালিকা অনুযায়ী বৃহত্তম E&P কম্পানির মধ্যে গণ্য। ভারতের তেল ও গ্যাস উৎপাদনে ONGC - র অবদান 60% যা ক্রমপুঞ্জিত উৎপাদন-1,430 মিলিয়ন মেট্রিক টনের সমান (MMToe)। ষাটশতম পরিকল্পনার সময়কালে ONGC-র দলীয় কম্পানিগুলির লক্ষ্য 60 MMToe-র কাছাকাছি উৎপাদনের বৃদ্ধি ঘটানো, যা একাদশতম পরিকল্পনার উৎপাদনের 18% বেশী।

TECHNOLOGY INNOVATION LEADERSHIP

Rough Terrain Crane

Hydraulic Excavator

Hot Mix Asphalt Plant

Genset

Truck Mounted Crane

Reach Stacker

Backhoe Loader

Portable Plant

Off-Highway Truck

Crawler Crane

**Partnering
India's Infrastructure
Build
Since 1944...**

TIL is one of the leading providers of a wide range of equipment that represents the finest in global technology; providing unmatched product support and solutions that are customer driven.

TIL Tractors India

www.tilindia.in

With Best Compliments From



Cube Fintex Private Limited

5B, Crescent Tower
229, AJC Bose Road, Kolkata- 700 020



ON ALL SAVINGS ACCOUNTS

**GROW
YOUR
SAVINGS
FASTER**

**Enjoy Tax-free interest income of up to ₹ 10,000
on your Savings Account***

- ✓ Superior Branch Network
- ✓ Free unlimited ATM access
- ✓ International Debit Card
- ✓ MONEY MONITOR
- ✓ Secure NetBanking
- ✓ True Anywhere Banking



OPEN YOUR **SAVINGS ACCOUNT** TODAY

For more information:

SMS "SEVEN <SPACE> <CITY>" to +91 9223390909
Call us on YES TOUCH Toll Free Number: 1800 2000 • Log on to our website: www.yesbank.in

Over 400 Branches Pan India | 700+ ATMs | 2 National Operating Centres

*7% p.a. rate of interest applicable to balances of ₹ 1 Lac & above. Interest rate of 6% p.a. is applicable to balances below ₹ 1 Lac. Rates are subject to change at the sole discretion of YES BANK. Conditions apply. **Exemption of interest income up to ₹ 10,000 is applicable for savings accounts (including FBO accounts) held by individuals and HUF only.

With best compliments from:



DOUBLE DIAMOND
Strong Tea

DUNCANS TEA LTD.
‘DUNCAN HOUSE’

31, NETAJI SUBHAS ROAD, KOLKATA - 700 001
Tel Nos. 2242 1605 / 1608 / 1617, Fax No. 2231 1691



Commitment to excellence

Brick by Brick. Project after Project. Landmarks after Landmarks.
Bluechip inexorable march towards value filled commitment goes on.
Our landbank are ever growing. We have forayed into neighboring
States and greater Bengal with value-laden concepts, customer
friendly service and timely deliveries. Bluechip Projects - committed to
excellence in Real Estates in the East.
Bluechip - when the topline is the bottom-line.

Our Project Commitments



I-Space
Dum Dum



Rajmahal
Sovabazar



I-Space City
Siliguri



The Esplanade Mall
Ranigunj



Crescent Towers
A J C Bose Road

Our Social Commitments



Mr Ritwik Das with Steve
Waugh at Powerplay



Mr Ritwik Das and Koel
Mallick with East Bengal
Junior team players at
Alipur Bodyguard Lines on
the special screening of
bengali movie



Mr Ritwik Das with
Olympic Gold Medal
winner Avinab Bindra



Mr Ritwik Das felicitating
Former Indian Team
Cricketer Dilip Vengsarkar
in Annual Award Function
of Calcutta Sports
Journalist Club



Mr Ritwik Das with East
Bengal team coach Trevor
James Morgan at Loreto
College's Centenary
Celebration "Walkathon"



Bluechip Projects Pvt. Ltd.

19 R. N. Mukherjee Road, 1st Floor, Kolkata 700 001, Ph : +91 33 40053921

www.bluechipprojects.in



বিশ্বের সেরা সাহিত্য, শিল্প ও মতবাদের ধারা দিয়ে
৮০ বছর ধরে বাঙালির মনকে জাগিয়ে রেখেছে।



ISO
9001


*The largest variety in
the finest Diamond &
22/22k Gold Jewellery*

**Nemichand Bamalwa & Sons
Jewellers**

Main Showroom : 16A, Shakespeare Sarani, Kolkata - 700 071, Ph : 2282 3386
Branch : 190A, Manicktalla Main Road, Kolkata - 700 054, Ph : 2364 8085/86

Pioneers in India in retail business for 22/22K Gold Jewellery

Tradition by Nature



PLATINUM JEWELLERY HALLMARKED GOLD IGI Certified Jewellery

1924®
8JM
86 years of Traditions

BENGAL JEWELLERY

Gariahat : Opp. Pantaloons, Ph. 2460 3002 / 3456
Kankurgachi : Beside Pantaloons, Ph. 2364 9552 / 54
City Centre 2 : Shop No. A 109, Rajarhat, Ph. 2526 6117 / 6099
Girish Park : Ph. 2241 3377 / 2219 3732

We Sell, Buy, Repair Antique Jewellery

SPECIALIST IN OLD JEWELLERY REPAIRING • window : www.bengaljewellery.com

SIDDHA®
RECREATING REALITY

LIVE IN SERIES

WITH BEST COMPLIMENTS FROM
METRO DAIRY LIMITED



ঘন তাজা দুধের রাজা



Bijoli Grill
The Ultimate in Catering

KOLKATA : 9E, Rupchand Mukherjee Lane, Kolkata - 700 025, Ph : (033) 2455 5541 / 3922 / 2360, Fax : (033) 2455 2766
NEW DELHI : C/195, Greater Kailash, Part - 1, New Delhi - 110 048, Ph : (011) 2923 7371 / 26881855
MUMBAI : • Hakone Game Park, Behind Powai Plaza, Powai, Hiranandani Garden
Mumbai - 400 077, Ph : (022) 65286604 / 05 / 06 / 07
• Shop No. 1 & 2, Andheri Tirupati CHS Ltd. J. P. Road, Seven Bungalow, Andheri (W) Mumbai - 400061, Ph. : 07498515968 / 09321408265


For details visit our Website :
E-mail : info@bijoligrill.com • Website : www.bijoligrill.com
KOLKATA DELHI MUMBAI



COMPLIMENTS FROM A WELL WISHER



COMPLIMENTS FROM A WELL WISHER





With best compliments from

CONCAST MAXX

21, Hemant Basu Sarani, Centre Point, 1st Floor, Kolkata - 700 001
 P +91 33 4023 2323, F +91 33 4023 2323, W www.concastgroup.com

CONCAST MAXX Fe 500



IFGL REFRACTORIES LIMITED

Head & Corporate Office :
 3, NETAJI SUBHAS ROAD, KOLKATA - 700 001, INDIA
 PHONE : +91 33 40106100, FAX : +91 33 22430886
 E-mail : ifgl@bajoria.in
 Websites : www.bajoria.in, www.ifglref.com

WITH BEST COMPLIMENTS FROM

Sundari Silks ●

D I F F E R E N T

SUNDARI SILKS

NEW NO. 38, (OLD NO. 145), NORTH USMAN ROAD, T. NAGAR
 CHENNAI 600017, PHONE: 044-28143093

An ISO : 9001-2001 Company

SIDDHARTHA


Steel Tubes & Pipes
 Black & Galvanised

IS : 1239 & 1161

Best Mark of Quality!

Available in 15 mm to 200 mm in
 Light, Medium & Heavy Series,
 As per IS, BS & ASTM.

Siddhartha Tubes Ltd.
 IDA Building (3rd Floor), 15-16, Jawahar Marg,
 INDORE-452 007 ☎ 3912030 Fax : (0731) 3912040
 e-mail : siddharthatubes@sancharnet.in



WITH BEST COMPLIMENTS FROM

MBG Commodities Private Ltd
(AN ISO 9001:2008 COMPANY)

ACTIVITIES:


Coal Importers
Mining
Coal Washeries
Real Estates & Property Developers
Shares & Stock Brokers
Information Technology

OFFICES AT:

India, Indonesia, Malaysia, Singapore, USA & UAE
ADMN & CORP. OFFICE:
4th Floor Maruthi Complex, Rajbhavan Road, Somajiguda
Hyderabad 500082, India
Phone: +91 40 40360101 | 2340 5967 | 23408908 | 23403945
Fax: +91 40 23408849 | 23410090
Email: mail@mbgcommodities.com

FOR INTERIORS
THAT EVOKE ADMIRATION

For over two decades, Centuryply has been effortlessly redefining interiors into designer spaces with the most stunning range of products that reflect the very best of style, innovation and functionality.



CENTURLAMINATES

Style that stands out!

Trendsetting interiors with the widest range of laminates having myriad textures, stunning patterns and exquisite designs...



Also available:
CENTURYMDF
CENTURYPRELAM



সবাই চেনে তাই কেনে।

ELEGANTTM
S T E E L

Contact: (033) 2289 5160 / 61 Mobile:98316 70207 SMS: SPS to 57333

INDIA'S NUMBER ONE QST BAR

www.spsgroup.co.in

অধুনা প্রাপ্তিযোগ্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মূল্যবান প্রকাশনা	
• Ranvir Das Philosophical Essay : Ranvir Das	150.00
• Economic Theory, Trade and Quantitative Economics : Anis Banerjee, Biswajit Chatterjee	200.00
• পূর্বসূরী কবিগণ সংগ্রহ ৬ পর্বসংস্করণ : ডঃ মিলেপ রায়	৩০০.০০
• আনন্দের মৃত্যুশব্দে পিতৃপিতৃ - ডঃ মিলেপ রায়	১০০.০০
• কবিতা ৩য় : শ্রী মীমাম্বার মৃত্যুশব্দে ৬ শ্রী বিশ্বপতি গৌড়ী	১৫০.০০
• শব্দ শব্দী (৩য়) : শ্রী অমরেন্দ্রনাথ রায়	৭০.০০
• দৈব শব্দী (৩য়) : অধ্যাপক শ্রী অমরেন্দ্রনাথ রায়, শ্রী সুব্রত সেন, শ্রী বিশ্বপতি গৌড়ী ও শ্রী শ্যামলাল রায়গুপ্ত সম্পাদিত	১৫০.০০
• An Introduction to Physics Application : Prof. P.N. Ghosh	150.00
• কবি বিভূষণের পঞ্চপুত্র, শ্রী অমরেন্দ্রনাথ রায়, এম. এ. কর্তৃক সম্পাদিত	১৫০.০০
• গ্রন্থ : কলিকাতা বিশ্ববিদ্যালয় : ডঃ মিলেপ রায়	২০০.০০
• A Dictionary of Indian History : Sachindranath Bhattacharyya	250.00
• অধ্যাপক রায় রায় সত্যেন্দ্রনাথ বিহারী ৬০ সম্প্রদায় - অধ্যাপক অমল ঘোষ	৩৫০.০০
• Acharya Pradip Chandra Ray, Vol-IIA, A Collection of Writings, Editor-Prof. Anil Bhattacharya	350.00
• Do Vol - III A	350.00
• Do Vol - III B	250.00
• The Principle of Relativity : Translated by M.N. Saha & S. N. Bose	100.00
আরও বিপণন বিস্তারিত : Pradip Kumar Ghosh, Superintendent, Calcutta University Press 43, Hazra Road, Kolkata : 700 019, Phone : 2475-9456 বিক্রয় কেন্দ্র : আনন্দের মৃত্যুশব্দে একতরফ, অমল ঘোষ	

BRING HOME
THE TRADITION
OF BENGAL




MEERA BASU
AN UNIT OF MEERA APPARELS PVT. LTD.
A HOUSE OF EXCLUSIVE TRADITIONAL SAREES

8, Dr. Sarat Banerjee Road, Kolkata 700 029
AE 648, SALT LAKE CITY, SECTOR-1, KOLKATA 64. (opp. AE Market)
Ph: +91-33-24664390/ 4043

Sincere Efforts Our Capital

We are engaged in the service of ailing humanity for over Six decades. Improvement of quality and standards on continuous basis is our primary, objective as we are committed to the service of suffering masses.




COMPLIMENTS FROM
A WELL WISHER


zoom  **viva**



Digital Photo Album

Powered by
zoom
DIGITAL
IMAGING SOLUTIONS

Tel: +91 33 4061 2173
E-mail: zoomgolpark@gmail.com
Website: zoom16.com



COMPLIMENTS FROM
A WELL WISHER